চিরবিশ্বস্ত
চিরনূতন
শ্যাম সুন্দর কোং
জুয়েলার্স
আগরতলা • খোয়াই • উদয়পুর
ধর্মনগর • কলকাতা

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৬ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

সিস্টার
Sister Masala
নিশ্চিন্তের প্রতীক
গুঁড়া মশলা
অল্পতেই যথেষ্ট
সিস্টার
স্বাদ ও গুনমানে প্রতি ঘরে ঘরে

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 20 November, 2019 ■ আগরতলা, ২০ নভেম্বর, ২০১৯ ইং ■ ৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# এটিএম হ্যাক, কলকাতায় গ্রেপ্তার তুরস্ক ও বাংলাদেশের চার হ্যাকার

## কাল রাজ্যে আনা হবে, গেল সাইবার ক্রাইম শাখার টিম


ফেত্তাহ আলদেমির (তুরস্ক)


হাকান জাবুরকান (তুরস্ক)


মহম্মদ রফিকুল ইসলাম (বাংলাদেশ)


মহম্মদ হান্নান (বাংলাদেশ)

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** ত্রিপুরা ও অসমে এটিএম হ্যাক-এর সাথে যুক্ত চারজনকে কলকাতা পুলিশের সাইবার সেল গ্রেফতার করেছে। মঙ্গলবার সকালে তাদের উত্তর চব্বিশ পরগনা জেলার বেলঘরিয়া এলাকা থেকে জালে তুলেছে পুলিশ। তাদের তুরস্কের দুজন হাকান জাবুরকান ও ফেত্তাহ আলদেমির এবং বাকি দুজনকে বাংলাদেশি মহম্মদ হান্নান ও মহম্মদ রাফিকুল ইসলাম বলে শনাক্ত করা হয়েছে। ইতিমধ্যে ত্রিপুরা পুলিশের চার এবং অসম পুলিশের পৃথক পৃথক দল কলকাতার উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে। পুলিশ সূত্রে খবর, হ্যাকারদের বিরাট একটি চক্র রয়েছে। তারা, ত্রিপুরা, অসম, পশ্চিমবঙ্গ, দিল্লি, মুম্বাই এবং দক্ষিণ ভারতে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে।

প্রসঙ্গত, ত্রিপুরায় গত কয়েকদিনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার গ্রাহকদের প্রায় ৭০ লক্ষাধিক টাকা লুটে নিয়ে গেছে হ্যাকাররা। পশ্চিম আগরতলা থানায় মোট ২৮টি মামলা হয়েছে ব্যাঙ্ক প্রতারণার। এই ঘটনায় গতকাল দিনভর স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার বিভিন্ন শাখায় গ্রাহকরা এটিএম ব্লক করার জন্য হাজির হন। পুলিশ এই জালিয়াতির ঘটনায় চারটি এটিএম চিহ্নিত করতে পেরেছে। গত ৩ নভেম্বর বটতলা, ইন্দ্রনগর, কামান চৌমুহনি স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এটিএম কাউন্টার এবং পোস্ট অফিস চৌমুহানিস্থিত ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের এটিএম থেকে যাঁরা টাকা তুলেছেন তাঁদের এটিএম হ্যাক হয়েছে।

ব্যাঙ্ক গ্রাহকদের আশ্বস্ত করে সদর এসডিপিও ধ্রুব নাথ জানিয়েছেন, প্রত্যেকের টাকা ব্যাঙ্ক ফেরত দেবে। কারণ, সমস্ত ঘটনায় ওটিপি দেওয়ার মতো কোনও কিছু হয়নি। এক্ষেত্রে হ্যাকাররা এটিএম-এ স্ক্যানার লাগিয়ে টাকা হাতিয়েছে। তাঁর দাবি, আরবিআই-এর নির্দেশিকা মোতাবেক ওটিপি না দিলে প্রতারণার সমস্ত ঘটনায় আমানতকারীর টাকা ব্যাঙ্ক ফেরত দিতে বাধ্য। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার রিজিওনাল ম্যানেজার দিব্যেন্দু চৌধুরী জানিয়েছেন, এ-ধরনের ঘটনায় ব্যাঙ্কের নির্দিষ্ট পদ্ধতি রয়েছে। সেই মোতাবেক আবেদন জানালে গ্রাহকদের খোয়া যাওয়া টাকা ফেরত দেওয়া হবে। দুঃশ্চিন্তার কোনও কারণ নেই, অভয় দিয়ে বলেন তিনি।

এদিকে সদর এসডিপিও ধ্রুব নাথ জানিয়েছিলেন, এটিএম হ্যাক করে ব্যাঙ্ক জালিয়াতির সাথে তুরস্কের দুই বাসিন্দার যুক্ত থাকার প্রমাণ পাওয়া গেছে। অন্যদিকে, অসমেও ব্যাঙ্ক জালিয়াতির ঘটনা ঘটেছে। ওই দুই হ্যাকার অসমেও এটিএম হ্যাক করেছে। অসম পুলিশের ক্রাইম ব্রাঞ্চ গতকাল দুই তুর্কি ☛ ৬ এর পাতায় দেখুন

## এবছর দেশে বর্ষায় ২,৩৯১ জনের মৃত্যু

**নয়াদিল্লি, ১৯ নভেম্বর (হি.স.):** চলতি বছর অর্থাত২০১৯ সালে বর্ষায় প্রাণ হারিয়েছেন ২,৩৯১ জন মানুষ। মঙ্গলবার লোকসভায় এ কথা জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই। এছাড়াও ২০১৯ সালের বর্ষায় ক্ষয়ক্ষতি হয়েছে প্রচুর, ক্ষতিগ্রস্ত হয়েছে ৮ লাখেরও বেশি বাড়ি।

লোকসভায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই জানিয়েছেন, বিভিন্ন রাজ্যে যখন বৃষ্টি ও বন্যার প্রকোপ ছিল, তখন জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী (এনডিআরএফ)-র ১৭৬টি টিম মোতায়েন ছিল, ওই ১৭৬টি এনডিআরএফ টিম ৯৮,৯৬২ জন মানুষকে উদ্ধার করেছে, এছাড়াও ২৩,৮৬৯ জন মানুষের কাছে ওষুধ পৌঁছে দেওয়া হয়েছে।

লোকসভায় একটি লিখিত প্রশ্নের উত্তরে নিত্যানন্দ রাই আরও জানিয়েছেন, '২০১৯ সালে দক্ষিণ-পশ্চিম বর্ষার সময় বেশ কয়েকটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল ☛ ৬ এর পাতায় দেখুন

## পৃথক স্থানে যান সন্ত্রাসে আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, গন্ডাছড়া, ১৯ নভেম্বর।।** পৃথক দুই যান দুর্ঘটনায় আহত হলেন দুই ব্যক্তি। আহত ব্যক্তিরা হলেন তুলাশিখরের মিন্টু দেববর্মা(২৮) এবং খোয়াই লালছড়া এলাকার অভিজিৎ রায়(৫২), প্রথম দুর্ঘটনাটি ঘটে তুলাশিখরের বৃন্দাবন ঘাটে মঙ্গলবার দুপুর ১২টা নাগাদ।

তুলাশিখরের বাসিন্দা চন্দ্রনাথ দেববর্মার ছেলে মিন্টু দেববর্মা বাইক চালিয়ে চেবরী বাজরের দিকে আসছিল বৃন্দাবনঘাট আসতেই মিন্টু নিয়ন্ত্রণ হাড়িয়ে বাইক থেকে ছিটকে পড়ে। তাতে গুরুতর আহত হয় সে। এলকার লোকজন তাকে উদ্ধার করে খোয়াই জেলা হাসপাতালে নিয়ে যান। ☛ ৬ এর পাতায় দেখুন

## বাইসাইকেল পাচার ঘিরে দয়ালানন্দ স্কুলে ধুন্ধুমার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** রাজধানী আগরতলা শহর এলাকায় ধলেশ্বরের স্বামী দয়ালানন্দ দ্বাদশ শেণি বিদ্যালয়ে অভ্যন্তরীন বিরোধ রীতিমতো তুঙ্গে উঠেছে। একে অপরের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনে স্কুল চত্বরে শিক্ষার পরিবেশ কলুষিত করে তুলেছেন। ঘটনা ঘিরে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

রাজধানী আগরতলা শহর এলাকার স্বামী দয়ালানন্দ স্কুলে দুর্নীতির অভিযোগ কোন বিষয় নয়। বিদ্যালয় থেকে জাল সার্টিফিকেট প্রদানের গুরুতর অভিযোগ করেছেন স্কুলেরই করণিক রণেন্দ্র কুমার ধর। এনিয়ে অনেক জল ঘোলা হয়েছে। এ যাত্রায় করণিক রনেন্দ্র কুমার ধরের বিরুদ্ধে ছাত্রীদের জন্য সরকারি প্রকল্পে মজুত রাখা বাইসাইকেল পাচারের অভিযোগ এনেছেন বিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষিত।

বিষয়টিকে কেন্দ্র করে স্কুল চত্বরে রীতিমতো তুলকালাম কাণ্ড সংগঠিত হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান, কোন ধরনের অনুমতি না নিয়েই ছাত্রীদের জন্য মজুত বাই সাইকেল পাচার করে দিয়েছে করণিক। এনিয়ে উভয় পক্ষের মধ্য তুমূল বাক বিতণ্ডা হয় প্রকাশ্যেই। বিদ্যালয়ের করণিকের দাবি প্রধান শিক্ষিকার মৌখিক নির্দেশেই এক ছাত্রীকে বাই সাইকেল প্রদান করেছেন তিনি। এখন তিনি তা অস্বীকার করে ষড়যন্ত্রের আশ্রয় নিয়েছেন বলে অভিযোগ করণিক ররেন্দ্র কুমার ধরের। করণিকের দাবি পুরোপুরি খারিজ ☛ ৬ এর পাতায় দেখুন

## মহিলাকে গুলি, ধৃত আরও এক যুবক পুলিশ রিমান্ডে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** বাড়িতে ঢুকে মহিলা গুলি করার ঘটনায় পশ্চিম আগরতলা থানার পুলিশ আরও একজনকে গ্রেপ্তার করেছে। তাকে আজ আদালতে সোপর্দ করে পুলিশ ৫ দিনের রিমান্ড চেয়েছিল। আদালত ৪ দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেছে।

সরকারি আইনজীবী জানিয়েছেন, শহরতলীর ভুবনবনে শিবানী সরকারকে বাড়ি ঢুকে গুলি করার ঘটনায় পুলিশ গত ১৭ নভেম্বর সমীর বণিককে গ্রেপ্তার করেছিল। তার ৫ দিনের পুলিশ রিমান্ডের আবেদন জানানো হয়েছিল। আদালত ৪ দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেছিল। তিনি জানান, আজ ভোরে পশ্চিম আগরতলা থানার পুলিশ ওই ঘটনার সাথে জড়িত সন্দেহে রামনগর রোড নম্বর ৪ থেকে সমীর ভট্টাচার্যীকে গ্রেপ্তার করেছে। সরকারি আইনজীবীর কথায়, ওই মহিলার মোবাইলের এসএমএস থেকে তাকে পুলিশ সন্দেহ করছে। কারণ, ওই মহিলার মোবাইলে সমীর ভট্টাচার্যের পাঠানো কিছু এসএমএম অপরাধমূলক বলে পুলিশ দাবি করেছে। তাই তাকে গ্রেপ্তার করা হয়েছে। তিনি জানান, পুলিশ আজ সমীর ভট্টাচার্যীকে মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতে সোপর্দ করে ৫ দিনের পুলিশ রিমান্ডের আবেদন জানিয়েছিল। আদালত ৪ দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেছে।

প্রসঙ্গত, গত শনিবার রাতে রাজধানীর নতুননগর কো-অপারেটিভ সংলগ্ন এলাকায় ☛ ৬ এর পাতায় দেখুন


সমগ্র শিক্ষা অভিযান প্রকল্পের অধীন রাজ্য ভিত্তিক ব্যান্ড প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে উমাকান্ত মিনি স্টেডিয়ামে মঙ্গলবার। ছবি নিজস্ব।

## রাজ্যেও ইন্দিরা গান্ধীর জন্মদিন পালন কংগ্রেসের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মদিন আজ ত্রিপুরায় পালন করল কংগ্রেস। সকালে দলীয় পতাকা উত্তোলন করে ইন্দিরা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদনে দুই মিনিট নীরবতা পালন ককরেন কংগ্রেস কর্মীরা। এরপর তাঁরা প্রয়াত প্রধানমন্ত্রীর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। প্রদেশ কংগ্রেস কমিটির কনভেনর ☛ ৬ এর পাতায় দেখুন

# বাংলাদেশের সাথে ত্রিপুরা সহ উত্তরপূর্বাঞ্চলের উন্মুক্ত সীমান্ত ৪০৩ কিমি, শীঘ্রই কাঁটাতারের বেড়া

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** ত্রিপুরা সহ উত্তরপূর্বাঞ্চলের বাংলাদেশ ঘেরা উন্মুক্ত সীমান্তে শীঘ্রই কাঁটাতারের বেড়া নির্মাণের কাজ সমাপ্ত হবে বলে জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী নিত্যানন্দ রাই। মঙ্গলবার সংসদ অধিবেশনে সাংসদ প্রতিমা ভৌমিকের তারকাচিহ্নবিহীন প্রশ্নের জবাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, ভারত-বাংলাদেশ মোট সীমান্ত এলাকা রয়েছে ৪০৯৬.৭০ কিলোমিটার। তার মধ্যে পূর্বোত্তরের রাজ্যগুলির সাথে সীমান্ত এলাকা রয়েছে ১৮৮০ কিলোমিটার। তিনি জানান, আসাম ২৬৩ কিলোমিটার, মেঘালয় ৪৪৩ কিলোমিটার, মিজোরাম ৩১৮ কিলোমিটার এবং ত্রিপুরার সাথে বাংলাদেশের সীমান্ত রয়েছে ৮৫৬ কিলোমিটার। তাতে দেখা যাচ্ছে, উত্তরপূর্বাঞ্চলে ত্রিপুরার সাথেই বাংলাদেশের সবচেয়ে বেশি সীমান্ত এলাকা রয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী নিত্যানন্দ রাই বলেছেন, ওই ১৮৮০ কিলোমিটারের মধ্যে ১৪৭৭ কিলোমিটার সীমান্ত এলাকায় ইতিমধ্যে কাঁটাতারের বেড়া নির্মাণ করা হয়েছে। অবশিষ্ট ৪০৩ কিলোমিটার এলাকায় কাঁটাতারের নির্মাণের কাজ শীঘ্রই সমাপ্ত করার চেষ্টা চলছে। তাঁর কথায়, ওই ৪০৩ কিলোমিটার এলাকার মধ্যে ৬২ কিলোমিটার সীমান্ত এলাকায় টেকনোলজিক্যাল সলিউশন দিয়ে এবং অবশিষ্ট ৩৪১ কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া নির্মাণ করে সীমান্ত সুরক্ষা ব্যবস্থা করা হবে।

তাঁর দাবি, সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণে বিলম্বের জন্য বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনীর আপত্তি অন্যতম কারণ। এছাড়া জমি অধিগ্রহণে সমস্যা, কাজের উপযোগী মরশুমে সময়ের অভাব এবং ভূখন্ডের কিছু অংশে সমস্যার কারণে কাঁটাতারের বেড়া নির্মাণে বিলম্ব হয়েছে। তবুও, ওই নির্মাণ কাজে ভারত সরকার ক্রমাগত নজরদারি বজায় রেখেছে। তিনি জানান, খুব শীঘ্রই কাজ সমাপ্ত করার জন্য সর্বোতে প্রয়াস নেওয়া হয়েছে।

প্রসঙ্গত, ত্রিপুরায় ৮৫৬ কিলোমিটার সীমান্ত এলাকার মধ্যে এখনও প্রায় ২০ কিলোমিটার সীমান্ত উন্মুক্ত রয়েছে। ফলে, পাচার বাণিজ্য অবাধে চলছে। অবশ্য, কাঁটাতারের বেড়ার উপর দিয়েও ☛ ৬ এর পাতায় দেখুন

## ফেইসবুক পোস্ট ঘিরে পড়াশুনা লাটে উঠল ভেটেরিনারি কলেজে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** পড়ুয়াদের বিক্ষোভের জেরে মঙ্গলবার ত্রিপুরাভেটেরিনারি কলেজে লাটে উঠে পঠন পাঠন। সম্পূর্ণ কলেজের বাইরের একটি বিষয়কে নিয়ে এইদিন এই ঝামেলা। ঘটনার বিবরণে জানা যায় কয়েকদিন পূর্বে পশম নামক সামাজিক সংস্থার ফেইজ বুক পেজ থেকে একটি ছবি পোস্ট করা হয়। ফটোটি ছিল একটি চিকিৎসাধীন কুকুরের।

এই ছবিটি দেখে ত্রিপুরা ভেটেরিনারি কলেজের এক পড়ুয়া সেই পেইজে একটি পোস্ট করে। সেই পোস্টকে কেন্দ্র করে পশমের সম্পাদক ও ত্রিপুরা ভেটেরিনারি কলেজের সেই ছাত্রর মধ্যে সোশ্যাল মিডিয়ায় কথা কাটাকাটি হয়। এই বিষয়টি ধীরে ধীরে ত্রিপুরা ভেটেরিনারি কলেজের সকল পড়ুয়ারা জানতে পারে। এই নিয়ে মঙ্গলবার ত্রিপুরা ভেটেরিনারি কলেজের পড়ুয়ারা কলেজের মধ্যে বিক্ষোভ দেখাতে থাকে।

তাদের দাবি কলেজের অধ্যক্ষ পশম নামক সামাজিক সংস্থার সম্পাদকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুক। যদিও কলেজের অধ্যক্ষ পরবর্তী সময় পড়ুয়াদের আশ্বাস ☛ ৬ এর পাতায় দেখুন

## ত্রিপুরা ছোট রাজ্য হলেও তার ইতিহাস অতি প্রাচীন ঃ রাজ্যপাল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** রাজ্যপাল রমেশ বৈস আজ আগরতলায় ব্যাম্বো এণ্ড কেইন ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে ইন্টারন্যাশনাল ক্রাফট এক্সচেঞ্জ প্রোগ্রামের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। দশ দিনব্যাপী এই অনুষ্ঠান ভারত এবং ভূটানের মধ্যে অনুষ্ঠিত হচ্ছে।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বলেন, ত্রিপুরা ছোট রাজ্য হলেও তার ইতিহাস অতি প্রাচীন। এমনকি মহাভারতেও এর উল্লেখ পাওয়া যায়। ত্রিপুরা এবং উত্তর পূর্বের অন্যান্য রাজ্যগুলো প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। তিনি বলেন, ত্রিপুরার বাঁশ শিল্পীদের উৎসাহিত করতে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। তিনি আশা প্রকাশ করেন এই উদ্যোগের মাধ্যমে ত্রিপুরা ☛ ৬ এর পাতায় দেখুন

## দ্বিতীয় দিনেও বিরোধী সমীকরণ স্পষ্ট, হই হট্টোগোলে উত্তাল লোকসভা ও রাজ্যসভা

**নয়াদিল্লি, ১৯ নভেম্বর (হি.স.):** সংসদের শীতকালীন অধিবেশনের প্রথম দিনই বিরোধী সমীকরণ স্পষ্ট হয়ে গিয়েছিল। সোমবারের পর মঙ্গলবারও বিরোধীদের হই হট্টোগোলের জেরে উত্তাল হল সংসদ। অধিবেশন শুরু হওয়ার পর থেকেই সংসদের উভয়কক্ষে হই হট্টোগোল শুরু হয়। ফলে সভার স্বাভাবিক কাজকর্ম ব্যাহত হয়। দিনের শুরুতেই লোকসভায় ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে থাকেন বিরোধী সাংসদরাউ রাজ্যসভাতেও চলে স্লোগান। হই হট্টোগোলের কারণে দুপুর দু'টো পর্যন্ত রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেন রাজ্যসভার চেয়ারম্যান এম বেঙ্কাইয়া নাইডু।

দিনের শুরুতেই সোনিয়া গান্ধী এবং রাহুল গান্ধীর উপর থেকে এসপিজি সুরক্ষা প্রত্যাহার নিয়ে লোকসভায় মুলতুবি প্রস্তাব আনে কংগ্রেস। জওহরলাল নেহুর বিশ্ববিদ্যালয় (জেএনইউ)ইস্যুতে লোকসভায় মুলতুবি প্রস্তাব আনে আরএসপি, ইন্ডিয়ান ইউনিয়ন মুসলিম লিগ (আইইউএমএল) এবং তৃণমূল কংগ্রেস। লোকসভার অধিবেশন শুরু হওয়ার পর প্রশ্নোত্তর পর্বে বিরোধী সাংসদরা স্লোগান দিতে থাকেন, 'অরাজকতা বন্ধ হোক, বন্ধ হোক।' সদনে এদিন প্রথম প্রশ্ন ছিল-২০২২ সালের মধ্যে কৃষকদের আয় দ্বিগুণ করার বিষয়ে। ওয়েলে নেমে বিরোধী সাংসদরা স্লোগান দিতে থাকেন, 'আমরা বিচার চাই, আমরা বিচার চাই।'

গান্ধী পরিবারের উপর থেকে এসপিজি নিরাপত্তা প্রত্যাহার প্রসঙ্গে এদিন লোকসভায় কংগ্রেস সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, 'সোনিয়া গান্ধী জি এবং রাহুল গান্ধী জি সাধারণ প্রোটেক্টি নন। গান্ধী পরিবারের জন্য স্পেশ্যাল প্রোটেকশন গ্রুপ (এসপিজি) সুরক্ষার অনুমতি দিয়েছিলেন বাজপেয়ী জি। ১৯৯১-২০১৯ সাল পর্যন্ত, এনডিএ দু'বার ক্ষমতায় এসেছিল কিন্তু গান্ধী পরিবারের এসপিজি নিরাপত্তা তুলে নেওয়া হয়নি।'


লোকসভার পাশাপাশি রাজ্যসভাতেও চলতে থাকে স্লোগান। জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয় (জেএনইউ) ইস্যুতে রাজ্যসভা উত্তাল হলে দুপুর দু'টো পর্যন্ত মুলতুবি করে দেন রাজ্যসভার চেয়ারম্যান এম বেঙ্কাইয়া নাইডু। রাজ্যসভার অধিবেশন মুলতুবি হওয়ার পর জেএনই। ইস্যুতে আলোচনার দাবি জানিয়ে বিরোধী নেতারা দেখা করেন চেয়ারম্যান এম বেঙ্কাইয়া নাইডুর সঙ্গে।

## রাজ্যের বিভিন্ন স্থানে নেশা সামগ্রী সহ গ্রেপ্তার চার যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা/উদয়পুর, ১৯ নভেম্বর।।** রাজধানী আগরতলা শহর এলাকার নতুন নগরের গ্রামীণ ব্যাঙ্ক সংলগ্ন এলাকার একটি গ্যারেজ থেকে প্রচুর পরিমাণ শুকনো গাঁজা উদ্ধার করেছে পুলিশ। এই ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। তারা হল সিধাই মোহনপুরের অপু দেব, ঝাড়খণ্ডের অমর্জিত কুমার এবং বিহারের রামদয়াল রায়। তারা নতুন নগরের গ্রামীণ ব্যাঙ্ক সংলগ্ন এলকার একটি গ্যারেজে শুকনো গাঁজা পাচারের উদ্যেশ্যে মজুত রেখেছিল। সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে পুলিশ সেখানে হানা দিয়ে গাঁজা উদ্ধার করে। আটটি প্যাকেটে মোট ১৭ কিলো গাঁজা উদ্ধার হয়েছে। আটক তিন পাচারকারীর বিরুদ্ধে এনডিপিএস ধারায় মামলা গৃহিত হয়েছে। বহির্রাজ্যে পাচারের উদ্যেশ্যেই সেখানে গাঁজা মজুত রাখা হয়েছিল বলে পুলিশ জানিয়েছে।

উদয়পুর মহকুমা পুলিশ আধিকারিক এর নেতৃত্বে বড়সড় সাফল্য পেলো কাকরাবন থানার পুলিশ। বিশাল পরিমান ব্রাউন সুগার সহ এক যুবককে আটক করেছে পুলিশ। ঘটনা, সোমবার রাত আনমানিক ১২টা নাগাদ উদয়পুর কাকড়াবন থানার অধীন পূর্ব পালাটানা থেকে গোপন সূত্রের ভিত্তিতে উত্তর দেবনাথকে গ্রেফতার করল উদয়পুর মহকুমা পুলিশ আধিকারিক এর নেতৃত্বে কাকড়াবন থানার সাব-ইন্সপেক্টর দেবব্রত বিশ্বাস এবং শংকর সাহা। রাতে উত্তম দেবনাথকে কাকড়াবন থানার লকাআপে রাখা হয়। মঙ্গলবার সকালে উত্তম দেবনাথকে কোর্টে সোপর্দ করা ☛ ৬ এর পাতায় দেখুন

## ফের নাইজেরিয়ান যুবক আটক, বহু আপত্তিকর নথি জব্দ




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** অবৈধ অনুপ্রবেশের সময় এক নাইজেরিয়ান যুবককে আটক করেছে বিএসএফ। বাংলাদেশ থেকে ত্রিপুরার সাব্রুম সীমান্ত বিওপি দিয়ে এপাড়ে আসতে গিয়ে বিএসএফ রাইমন্ড নিউমাই দামিকে আটক করেছে। তাকে সাবরুম থানার পুলিশের হাতে তুলে দিয়েছে বিএসএফ। তার কাছ থেকে প্রচুর সামগ্রী উদ্ধার হয়েছে।সাব্রুম থানার পুলিশ জানিয়েছে, আজ সকালে ওই নাইজেরিয়ান যুবক বাংলাদেশ থেকে ☛ ৬ এর পাতায় দেখুন

## বড়মুড়ায় অনশন আন্দোলন তিপ্রাল্যান্ড স্টেট পার্টির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** তিন দফা দাবিতে ১২ ঘণ্টার অনশন সংগঠিত করে তিপ্রাল্যান্ড ষ্টেট পার্টি। জাতীয় সড়কের বড়মুড়ার শালকাকামী এলাকায় মঙ্গলবার ভোর ৫ টা থেকে অনশনে বসে তারা। চলে বিকাল ৫ টা পর্যন্ত।

এই কর্মসূচীকে ঘিরে এদিন নিরাপত্তার চাদরে মোড়া ছিল গোটা এলাকা। গুটি কয়েক কর্মী সমর্থকদের নিয়ে এই কর্মসূচী সংগঠিত করে তিপ্রাল্যান্ড ষ্টেট পার্টি। তাদের মধ্যে অন্যতম হল এ ডি সি-এলাকাকে নিয়ে পৃথক রাজ্য গঠন। ১৯৪৯ সালে ত্রিপুরার অন্তর্ভুক্তি হয়। এরপর দুবছরের মধ্যে আদম সুমারী হয়।

সেই আদম সুমারীতে অনুযায়ী রাজ্যের জন জাতিরা সংখ্যা লঘুতে পরিণত হয়। সংসদে নাগরিকত্ব সংশোধন বিল পেশ হতে যাচ্ছে। তাতে অবৈধ অনুপ্রবেশকারীরা বৈধতা পাবে। এই অবস্থায় সংখ্যা লঘুরা আরো সংখ্যা লঘুতে পরিণত হবে। এরই প্রতীবাদে এই ১২ ঘণ্টার হাঙ্গার স্ট্রাইক সংগঠিত করা হচ্ছে বলে জানান তিপ্রাল্যান্ড ষ্টেট পার্টির সভাপতি চিত্ত রঞ্জন দেববর্মা।

জাগরণ আগরতলা ◘ বর্ষ-৬৬ ◘ সংখ্যা ৪৩ ◘ ২০ নভেম্বর ২০১৯ ইং ◘ ৩ অগ্রহায়ণ ◘ বুধবার ◘ ১৪২৬ বঙ্গাব্দ

## মূল্যবৃদ্ধির রহস্য ও প্রতিকার

কথায় আছে চোরে না শোনে ধর্মের কাহিনী। বাবা সোনা বলিয়া মূল্যবৃদ্ধির আগুন নিভানো যাইবে না। নিত্য প্রয়োজনীয় জিনিষের মূল্যবৃদ্ধির আগুন শুধু ত্রিপুরায় নহে বলিতে গেলে সারা দেশে জুড়িয়াই। এই আগুন রুখিতে হইলে আসল জায়গায় হাত দিতে হইবে। কিন্তু, প্রশাসন তো সেই জায়গায় হাত দিতে উৎসাহী নহেন। বাজারে আলু পেঁয়াজের দাম তো একশ্রেণীর পাইকারী বিক্রেতার মর্জির উপর নির্ভর করিতেছে। আলু পেঁয়াজ পোলট্রির ডিম শুধু নয় বিভিন্ন সব্জি যেমন কোয়াস, পাতিলাউ, সীম, কাঁচা লংকা, বাধাকপি, ফুলকপি, মিষ্টি কুমড়া, চাল কুমড়া পর্যন্ত আসে বহিঃরাজ্য হইতে। ত্রিপুরা কৃষি বিপ্লবের জয়গান মুখে মুখেই চলিতেছে। এরাজ্যে সব্জি বিপ্লব হইয়াছে দাবী করিবারও সুযোগ আছে মনে হয় না। রাজ্যে কিছু কিছু সব্জি হয়। যেমন টমেটো, বাধাকপি, ফুলকপি, সীম, পাতিলাউয়ের ফলন এরাজ্যের চাহিদও মিটাইতে পারে না। আসলে ত্রিপুরার নিজস্ব আয়ের উৎস তো বিভিন্ন ভাবে সীমিত হইয়াই আছে। কৃষি বিপ্লবের কথা মুখেই বাস্তবে কৃষিতে এই রাজ্য অনেক বেশী পিছনে। অথচ সরকারী তথ্যে ত্রিপুরার সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠীই কৃষিজীবী। স্থানীয় স্তরে কৃষি শ্রমিকের অভাব বাড়িয়াছে। এরাজ্যে যত শ্রমিক আছে তাহার একটি ভাল অংশ বহিঃরাজ্যের। এরাজ্যে নির্মাণ কাজেও বহিঃ রাজ্যের ভাল সংখ্যক শ্রমিক যুক্ত আছেন। এই অবস্থায় ত্রিপুরায় কৃষি কাজে উৎসাহ কমিতেছে কেন তাহা সরকারকে খতাইয়া দেখিতে হইবে। এখানে কৃষিজমি ব্যাপক হারে বাস্তু জমিতে পরিণত হইতেছে। ফলে, কৃষি জমিও হ্রাস পাইয়াছে। ত্রিপুরায় সিংহভাগ এলাকাই বনভূমি। এই বনভূমির অধিকাংশই সংরক্ষিত। কিছু জায়গায় টিলাজমিতে জুমচাওও এখন বন্ধের মুখে। রাজ্যের পাহাড়ে বনভূমিও লোপাট হইয়া যাইতেছে। বনদস্যুরা বন সাবার করিয়া দিতেছে। বাঁশও আজ নিশ্চিহ্নের পথে। সুতরাং বন হইতেও রাজ্যের আয়ের পথ হ্রাস পাইয়াছে। এই যখন পরিস্থিতি তখন রাজ্যের অর্থনৈতিক অবস্থা তো দূর্বল হইবারই কথা। সোজা কথায় বলিতে গেলে, ত্রিপুরা রাজ্যে সরকার নির্ভরতা পুরো মাত্রায় বিদ্যমান। এখানে সরকারী কর্মচারীরা বেতন পাইলেই বাজার গরম হয়। ঠিকেদাররা বিলের টাকা পাইলেই বাজারে টাকা ছড়াইয়া পড়ে। সরকারী লেনদেনের উপরই এরাজ্যের অর্থনীতি নড়াচড়া করে।

ছোট্ট এই পার্বতী রাজ্যে দীর্ঘ কয়েক দশক কৃষকদের বেশ কিছু অংশ তো গাঁজা চাষেই টাকার মুখ দেখিয়াছে। সাধারণ সব্জি চাষ করিয়া যাহা পাইবে তাহার হাজার গুন টাকা পাইবে গাঁজাা চাষ করিলে। ফলে, কৃষকদের মধ্যে এই মোটা টাকা পাওয়ার নেশা বাড়িতে থাকে। আর এজন্যই গণহারে গাঁজা চাষে জড়াইয়া থাকিবার ঘটনা তো কোন গোপন করিবার নহে। বাম আমলে গাঁজার বিরুদ্ধে নামকাওয়াস্তে অভিযান চলিত। সব্জি চাষে ত্রিপুরা পিছাইয়া থাকিবার পিছনে এই গাঁজা চাষও অনেকটা দায়ী সে বিষয়ে সন্দেহ নাই। গাঁজা চাষে যে বিশাল অর্থাগম হয় সব্জি চাষে তাহার সিকি ভাগও না আসায় কৃষকদের মধ্যে উৎসাহে ভাঁটা পড়ে। সেই ভাঁটার টান কিন্তু এখনও চলিতেছে। বাজারে সব্জির অগ্নিমূল্যের পিছনে ইহাও একটি কারণ হিসাবে ধরা যাইতে পারে। উৎপাদন ও চাহিদার সঙ্গে ফারাক থাকিলেই তো মূল্যবৃদ্ধির সম্ভাবনা থাকে। যেমন পেঁয়াজ আসে নাসিক হইতে। বর্ষায় ব্যাপক পেঁয়াজ নষ্ট হওয়ার কারণে এই বিড়ম্বনা দেখা দেয়। চাহিদা অনুযায়ী সরবরাহে টান পড়ে। পেঁয়াজের দাম লাফাইয়া বাড়িতে থাকে। কেন্দ্র পেঁয়াজ রপ্তানী বন্ধ করিয়া দিয়াছে। তবু, ত্রিপুরায় আসা ট্রাক বোঝাই পেঁয়াজ বাংলাদেশে পাচার হইয়া যাইতেছে বলিয়া অভিযোগ। রাজ্যে পেঁয়াজ কত পরিমাণ আসিয়াছে কোথায় কোন্ কোন্ খুচরা বিক্রেতা কত কেজি পেঁয়াজ নিয়াছেন তাহার হিসাব টানিলেই তো মূল্যবৃদ্ধির রহস্য খুঁজিয়া বাহির করা যাইতে পারে। ফাটকাবাজী রুখিতে মহারাজগঞ্জ বাজারে ব্যবসায়ীদের সতর্ক বার্তা দিয়াছেন এসডিএম। একটি দোকানে তালা লাগাইলেই পর্দা ফাঁস হইবে না। এজন্য প্রশাসনকে দক্ষতার সঙ্গে অভিযান চালাইতে হইবে। অভিযোগ আছে যে, রাজ্যে পাইকারী ব্যবসায়ীরা সুযোগের অপেক্ষাতেই থাকে। কোনও প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদিতে তো এইসব ব্যবসায়ীদের পেট মোটা হইয়া যায়। এইসব পাইকারী ব্যবসায়ীদের স্টক ও আমদানীর হিসাব ইত্যাদি যাচাই করিলেই মূল্যবৃদ্ধির ঘটনা রোধ করা যাইতে পারে। রাজ্য প্রশাসন মূল্যবৃদ্ধি রোধের নামে অযথা দৌড়ঝাপে কাজ হইবে না। প্রয়োজন মূল কান্ডে হাত দেওয়া। আমাদের বেশীর ভাগ দ্রব্যই তো আমদানি নির্ভর। বহিঃরাজ্য হইতে না আসিলে এরাজ্য কানা। সুতরাং মূল্যবৃদ্ধির বিরুদ্ধে রাজ্য প্রশাসনকে ব্যবস্থা নিতে হইবে। গোঁড়া কাটিয়া আগায় জল ঢালিলে হইবে না।

### সংশোধনী

গতকাল মঙ্গলবার জাগরণ এর দ্বিতীয় পাতায় 'ইন্দিরা-ভারতের এক অধ্যায়' শিরোনামে প্রকাশিত নিবন্ধে লেখকের নাম তাপস দে'র পরিবর্তে পড়তে হবে শ্রেয়সী লস্কর। এই ত্রুটির জন্য আমরা দুঃখিত।

## ছাগল চুরি করে পালাতে গিয়ে কাঁকসায় গ্রামবাসীদের হাতে গনধোলাই দুই যুবককে, পুড়ল বাইক

দুর্গাপুর, ১৯ নভেম্বর (হি. স.): মাঠে বাঁধা ছাগল তুলে নিয়ে পালানোর সময় গ্রামবাসীদের হাতে ধরা পড়ল দুই যুবক। চলল গনধোলাই, গনরোষে পুড়ল তাদের মোটরবাইক। মঙ্গলবার দুপুরে ঘটনাটি ঘটেছে পশ্চিম বর্ধমানের কাঁকসার অযোধ্যা গ্রামে। খবর পেয়ে পুলিশ গিয়ে ওই দুজনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।

ঘটনায় জানা গেছে, আটক হওয়া ওই দুই যুবক বীরভুমের বাসিন্দা। মঙ্গলবার দুপুরে কাঁকসার নিমটুকরী গ্রামের মাঠে একটি বেঁধে রাখা ছাগলকে মোটরবাইকে করে নিয়ে পালাচ্ছিল বলে অভিযোগ গ্রামবাসীদের। সেটি নজরে পড়তেই প্রত্যক্ষদর্শীরা পার্শবর্তী অযোধ্যা গ্রামে খবর দেয়। সেই মতো রাস্তা আটকে ওই দুই যুবককে ছাগল সহ আটক করে। আর তারপরই চলে ক্ষিপ্ত জনতার গনধোলাই। এমনকি তাদের মোটরবাইকটিও পুড়িয়ে দেওয়া হয় বলে অভিযোগ। খবর পেয়ে কাঁকসা থানার পুলিশ গিয়ে ওই দুই যুবককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। পুলিশ জানিয়েছে, 'এখনও কোন লিখিত অভিযোগ পাইনি।

## সন্তগুরু রবিদাস বাবাজির জন্মজয়ন্তী পালনের প্রস্তুতি পাথারকান্দিতে

পাথারকান্দি (অসম), ১৯ নভেম্বর (হি.স.) : বিগত বছরগুলোর মতো এবারও পাথারকান্দিতে সন্তগুরু রবিদাস বাবাজির জন্মজয়ন্তী পালনের জন্য জোরদার প্রস্তুতি হাতে নিয়েছে করিমগঞ্জ জেলা রবিদাস সমাজ উন্নয়ন সংস্থা। উৎসবটি পাথারকান্দির চাঁদখিরা এলাকায় পালনের জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

রবিদাস সমাজ উন্নয়ন সংস্থার জেলা সভাপতি গোপাল রবিদাস জানান, ববিদাস বাবাজির জন্মজয়ন্তী পালনের রূপরেখা তৈরি করা হয়েছে। ইতিমধ্যে উৎসব উদযাপন কমিটি গঠনের পাশাপাশি ব্লক ও গ্রাম পঞ্চায়েত ভিত্তিক কমিটি গঠনের প্রক্রিয়া চলছে। তিনি জানান, আসন্ন উৎসবটি সর্বাঙ্গসুন্দর ও সুচারুরূপে পালনের জন্য আগামী ২৪ নভেম্বর রাতাবাড়ির বিদ্যানগর চান্নিঘাট হাইস্কুলে এক জরুরি সভার আহ্বান করা হয়েছে। আহূত সভায় রবিদাস সমাজের সকল কর্মকর্তা-সহ এলাকার বিশিষ্টজনদের উপস্থিতি কামনা করা হয়েছে।

# মন্দির—মসজিদে ভোট বৈতরণি পেরনো এবার কঠিন

সুতীর্থ চক্রবর্তী

এতদিন শুনতাম রাম মন্দির-বাবরি মসজিদ বিতর্কের কখনও কোনও সমাধান মিলবে না। কারণ এইরকম একটি ইস্যু, যার সুবাদে নাকি সহজেই তাতিয়ে দেওয়া যায় দেশবাসীকে, সেটি রাজনৈতিক দলগুলি হাতছাড়া করবে না। কিন্তু অদ্ভুত, কত সহজেই না একটা সমাধান বেরিয়ে গেল। সমাধান'ই বলব, কারণ গত এক সপ্তাহ ধেরে বিভিন্ন মহল থেকে সুপ্রিম কোর্টের রায়কে স্বাগত জানানো হয়েছে। মামলার অন্যতম বিবাদী পক্ষ সুন্নি ওয়াকফ বোর্ড গত কয়েক দিন ধরে রায় খতিয়ে দেখাবর পরে জানিয়ে দিয়েছে তারা রিভিউ পিটিশন করবে না। 'অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল-বোর্ড'-এর বৈঠক রবিবার। সেখানেও রিভিউ পিটিশনের বিপক্ষে সিদ্ধান্ত গৃহীত হওয়ার সম্ভাবনাই বেশি। ১৯৪৯ সাল থেকে বাবরি মসজিদের হয়ে যিনি মামলাটি লড়েছেন, সেই হাশিম আনসারির পুত্র ইকবাল আনসারিও দেখলাম বলেছেন, রিভিউ পিটিশনের পক্ষে থাঁর সায় নেই। ২০১৬ সালে হাশিম আনসারির মৃত্যুর পর থেকে পুত্র ইকবাল আনসারিই মামলাটি দেখছিলেন।

সুপ্রিম কোর্টের রায় তামাম দেশবাসী এত স্বাভাবিকভাবে গ্রহণ করল, অথচ আমাদের আতঙ্কের শেষ ছিল না। রায় বেরনোর বেশ কয়েক দিন আগে থেকেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শান্তিরক্ষার জন্য বারবার আবেদন জানাছিলেন। প্রশাসনিক স্তরেও প্রচুর ব্যবস্থা নেওয়া হয়েছিল। এই আশঙ্কা অমূলক বলা যায় না। আটের দশকে 'রাম মন্দির আন্দোল' শুরু হওয়ার পর এই বিতর্ক ঘিরে কম অশান্তি দেখেনি দেশ। তখন মনে হত, দেশের মানুষের কাছে কি আর কোন সমস্যা নেই? অবশেষে সুপ্রিম কোর্টের রায়ের পর গত কয়েক দিনে মালুম হল, সত্যিই এক -দেড় দশকে দেশ অনেকটাই এগিয়ে গিয়েছে। আবেগের আগে এখন আমরা যুক্তিকে স্তান দিতে শিখেছি। স্পর্শকাতর' বিষয় বলে সমস্যা জিইয়ে রাখার দিনও শেষ। রায় ঘোষণার রাতে প্রধানমন্ত্রীও জাতির উদ্দেশে ভাষণে বলেন, 'নেতিবাচক মনোভাবের দিন শেষ'। যারা এতদিন ভাবত, ভোটের আগে ঝুলি থেকে বের করার জন্য মন্দির মসজিদ বিতর্কটি চিরকালীন হয়ে থাকবে, তাদের ভুল এবার



ভাঙল। মন্দির-মসজিদ নিয়ে যে এই আধুনিক ভারতে আর ভোট বৈতরণি পার করা সম্ভব নয়, সেই ধারণাটা রাজনৈতিক দলগুলির মধ্যে যত প্রগাঢ় হবে, ততই মঙ্গল দেশবাসীর।

সুপ্রিম কোর্টের রায় নিয়ে অ্যাকাডেমিক স্তরে কিছু বিতর্ক শুরু হয়েছে। রায়ের ভিত্তি কতটা আইন, যুক্তি ও সংবিধানসম্মত, ২০০৩ সালের 'পুরাতাত্ত্বিক সর্বেক্ষণ সংস্থার'র যে রিপোর্টকে আদালত হাতিয়ার করেছে তা কতটা বিশ্বাসযোগ্য ইত্যাদি নিয়ে বিতর্ক চলছে। এই বিতর্ক চলবেও। এরকম আলাপ আলোচনা, তর্ক বিতর্ক যত হবে তত ভাল। এই তর্ক বিতর্ক ও মত বিনিময়ের মধ্যে দিয়ে সমাজের কতগুলি ধারণা ও বোধ তৈরি হবে, যা আগামীদিনে ওই ধরনের সমস্যা মোকাবিলায় আমাদের পাথেয় হবে। আট ও নয়ের দশকে দেশজুড়ে মন্দির-মসজিদ বিতর্ক নিয়ে আমরা এক বিচিত্র উন্মাদনা দেখেছিলাম। তখনও এই উন্মাদনার বিপ্রতীপে নানা যুক্তি ও গবেষণাকে ভিত্তি করে সমাজের বিভিন্ন স্তরে তর্ক-বিতর্ক শুরু হয়। যা নিঃ সন্দেহে আজকে আমাদের এই পরিণথ মানসিকতায় পৌঁছতে সাহায্য করেছে। সুপ্রিম কোর্টের রায়ে যারা আজ খুশি হয়েছে, তারা কেউ আনন্দে আত্মহারা হয়নি। উচ্ছ্বাস প্রকাশের অভিব্যক্তিও এতটাই সংযত যে রায়ে যারা খুশি হতে পারেনি তারাও আজ আহত বোধ করেছে না। বা উলটোদিকে বলা যায়, রায়ে অখুশিরাও ক্ষোভে-বিক্ষোভে আক্রমণাত্মক হয়ে পড়ছে না। এটা তো গণতান্ত্রিক মূল্যবোধের প্রসারকেই সূচিত করে। যা লাগাতার আলোচনা, তর্ক-বিতর্ক ছাড়া সম্ভব নয়।

সাংবাদিকতার সূত্রে একবারই অযোধ্যায় যাওয়ার সুযোগ ঘটেছিল। সেটা ২০০২ । রাম মন্দির আন্দোলনের একেবারে শেষপর্বে। তখন অযোধ্যায় মন্দির বানানোর লক্ষ্যে পুরোদমে করসেবা চলছে। এই করসেবকদের একটি দলই বাড়ি ফেরার পথে গোধরায় আক্রান্ত হয়। যেদিন গোধরার ঘটনা হয়, সেদিনই অযোধ্যায় পৌঁছেছিলাম। পুরো দেশ থেকেই অসংখ্য সাংবাদিক সেদিন অযোধ্যায় পৌঁছেছিলেন। কারণ এইরকম একটা আশঙ্কা তৈরি হয়েছিল, যেহেতু গোধরায় আক্রান্তরা অযোধ্যায় ফেরত করসেবক, তাই এর একটা ঢেউ গিয়ে পড়বে বরযূ নদীর তীরে। 'বিশ্ব হিন্দু পরিষদ'-এর তৎকালীন সভাপতি প্রবীণ তোগাড়িয়া সেসময় অযোধ্যায় ঘাঁটি গেড়ে বসেছিলেন। অযোধ্যার দিগম্বর আখড়ায় তখনও বহাল তবিয়তে রামচন্দ্র পরমহংস, যিনি সেই সময় রামজন্মভূমি ন্যাসের সভাপতি ছিলেন। রাম মন্দির আন্দোলনের পুরোধাও ছিলেন। বলা হয়ে থাকে, ১৯৩৪ সাল থেকে তিনি অযোধ্যায় রাম মন্দির আন্দোলনের ধ্বজা তুলে রেখেছিলেন। ১৯৪৯ সালে মসজিদের ভিতরে রাতের অন্ধকারে রামলালা মূর্তি প্রতিষ্ঠার ক্ষেত্রেও তাঁর ভূমিকা ছিল। এই বাঙালি সাংবাদিককে অযোধ্যায় পেয়ে খুবই খুশি হয়েছিলেন পরমহংস। কারণ বিহারের ছাপড়ার ছেলে পরমহংসের কৈশোর ও যৌবনের একটা বড় অংশ কেটেছিল হুগলির উত্তরপাড়ার মাখলায়। এই সাংবাদিকও 'মাখলার ছেলে', তা জেনে খুব আপ্লুত হয়েছিলেন। মাখলার ইছখোলার জীবন, কলকাতার কলেজে পড়ার দিন, ছাপড়ার শৈশবের বন্ধু রামনায়ারণ সিং, যিনি পরবর্তীকালে মাখলায় অনেকগুলি ইটখোলা ও সিনেমা হলের মালিক হয়েছিলেন, এসব স্মৃতিচারণ করতেন পরমহংস। ভাঙা ভাঙা বাংলায়। সাংবাদিক বৈঠকের পর তেলেভাজা এনে খাওয়াতেন। সরকার 'জেড প্লাস' নিরাপত্তা দিত পরমহংসকে। লাল আলো লাগানো সরকারি গাড়িও পেতেন। পরমহংসের সেই লাল আলো লাগানো গাড়িতে চেপে সেবার আমার অযোধ্যা ও ফৈজাবাদে ঘোরর সৌভাগ্য হয়েছিল। এমনকী, তাঁর গাড়িতে করে হাজির হয়েছিলাম বাবরি মসজিদ অ্যাকশন কমিটির নেতাদের কাছেও। সেবার অযোধ্যায় গিয়ে বুঝেছিলাম, মন্দির সমজিদ অশান্তির আশঙ্কাটাই অমূলক। খোদ গ্রাউন্ড জিরোতেই এক অদ্ভুত শান্তি ও সম্প্রীতির বাতাবরণ। পরমহংস তার পরের বছরেই অর্থাৎ ২০০৩ -এ প্রয়াত হয়েছিলেন। খবরে দেখেছিলাম, পরমহংসের মৃত্যুতে অযোধ্যার মুসলিম মহল্লাতেও নেমেছিল শোকের ছায়া।

সুপ্রিম কোর্টের রায়-রূপায়ণের ক্ষেত্রে অযোধ্যায় যে কোনও বাধা আসবে না, তা এই শহরের সাম্প্রতিক ইতিহাসই বলে দেয়। মন্দির মসজিদ সমস্যার সমাধান দেশকে এবার আরও বড় বড় সমস্যার পাহাড় পেরিয়ে যেতে সাহস জোগাবে।

**(সৌজন্যে-প্রতিনিধি)**

# নীতিগত দূরত্ব তবু জোট কংগ্রেস এনসিপির

জয়ন্ত ঘোষাল

আজ হঠাৎ মনে পড়ে গেল বহু বছর আগের এক ঘটনা। তখন লালকৃষ্ণ আদবানি দেশের স্বরাষ্ট্রমন্ত্রী। অটলবিহারী বাজপেয়ী দেশের প্রধানমন্ত্রী। মুম্বাই শহরে ভারত-পাকিস্তান ক্রিকেট ম্যাচ হওয়ার কথা। কিন্তু শিবসেনার তৎকালীন সুপ্রিমো বাল ঠাকরে ঘোষণা করেছেন, যে, তিনি কিছুতেই এই ম্যাচটা হতে দেবেন না। বিশসৈনিকরা স্টেডিয়ামে ঢুকে পিচ খুঁড়তে শুর করে দিয়েছে, যাতে ম্যাচটাই খেলা অসম্ভব হয়ে যায়।

বাজপেয়ী এ ঘটনায় খুবই ক্ষুব্ধ হন। তিনি আদবানিকে ডেকে বললেন, এই ম্যাচটা তো নিছক ক্রিকেট ম্যাচ নয়। এটা শুধু ভারত-পাকিস্তানে সম্পর্ক পুনরুদ্ধার করা নয়, এ হল সমগ্র দুনিয়ার কাছে ভারতের সম্মান তথা কূটনৈতিক মর্যাদারক্ষার প্রশ্ন। বাজপেয়ী আরও বললেন আদবানিকে আপনি বালাসাহেবকে বুঝিয়ে ঠাণ্ডা করুন। আদবানি ফোন করলেন বালাসাহেবকে। অনড় বালাসাহেব তাঁকে 'মাতুশ্রী'-তে মানে ওঁর বাসভবনে আসতে অনুরোধ জানালেন। আদবানি দৌত্য বৈঠকে বসে তাঁক নরম করলেন, যাতে ক্রিকেট ম্যাচটি অনুষ্ঠিত হয়। এমন বহু ঘটনার কথা মনে পড়ে, যখন শিবসেনা পেশি প্রদর্শন করে বিজেপির শান্তি ছিনিয়ে নিয়েছে বারবার। সেদিন আর আজকের মধ্যে অনেক পারাক। সেদিনের বিজেপির আকরে 'সংখ্যাগরিষ্ঠতা' ছিল না। তখন বাজপেয়ীকে শরিক দলের সমর্থন নিয়েই সরকার চালাতে হত। একে বাল হয়, 'জোট সংস্কৃতি'। আর আজ নরেন্দ্র মোদির নেতৃত্বে বিজেপি একাই বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতাসীন। ২০১৪ সালের পর ২০১৯-এ দ্বিতীয় ইনিংসেও মোদির জনপ্রিয়তা এবং দীলয় একক সংখ্যাগরিষ্ঠতা অটুট। তাই এবার মহারাষ্ট্র ভোটের ফল প্রকাশের পর যখন দেখা গেল বিজেপি রাজ্যে একা সরকার গড়তে পারছে না, তখন উদ্ধব ঠাকরে ঘোষণা করেন যে, অমিত শাহকে মাতুশ্রীতে আসতে হবে সরকার গঠন নিয়ে আলোচনার জন্য। শিবসেনাকে মুখ্যমন্ত্রী পদ দিতে হবে এবং আড়াই বছর শিবসেনা, আড়াই বছর বিজেপি—অর্থাৎ ৫০:৫০ সরকার গড়ার প্রস্তাব দেন উদ্ধব। এমনকী, এ কথা ও বলে দেন যে, অমিত শাহ অতীতে শিবসেনাকে এই আশ্বাসই দিয়েছিলেন।

কিন্তু এর প্রতিক্রিয়া কী হল? দেখা গেল, অমিত শাহ মুম্বাই গেলেন না। তিনি আপাত নিরুত্তাপ। চুপচাপ দিল্লিতে থাকলেন। একেই বাল হয় 'স্নায়ুর যুদ্ধ'—ব্রিংকম্যানশিপ। এই স্নায়ুর শক্তিতে অমিত শাহ যে বলীয়ান, সেটা আজ আমরা হঠাৎ দেখছি, এমন নয়। এ তো অমিত শাহর রাজনৈতিক ডিএনএ। রাষ্ট্রপতি শাসন জারি হয়েগেল। কিন্তু কংগ্রেস এনসিপি শিবসেনার মুখ্যমন্ত্রিত্ব মেনে নেবে— এমন একটা চূড়ান্ত সিদ্ধান্তগ্রহণে বিরোধী প্রতিপক্ষ অনেক বেশি সময় নিচ্ছে। যুক্তি দিয়ে কেউ এই প্রশ্ন তুলতে পারেন, যখন কর্নাটকে বিজেপির সরকার গঠনের বিষয় আসে, থখন কত সময় রাজ্যপাল, দেন, আর আজ মহারাষ্ট্রকে কেন যথেষ্ট সময় দিলেন না? কারণ, কংগ্রেসও তো শিবসেনার সঙ্গে দর কষাকষি করছে। এককথায় ৫৬টা আসন পাওয়া শিবসেনার মুখ্যমন্ত্রিত্ব কংগ্রেস কেন মেনে নেবে। কে উপমুখ্যমন্ত্রী হবেন, স্বরাষ্ট্রমন্ত্রক কার হাতে থাকবে, স্পিকারকে হবেন—এসব নিয়েও ত্রিশক্তির মধ্যে আলোচনা করতে হবে।

তবে, কংগ্রেসের মূল লড়াইটা এখন একদিকে মতাদর্শ, অন্যদিকে ক্ষমতার কৌশল---এই নিয়ে। ওমপ্রকাশ চৌতালা একদা বলনে, আমরা তীর্থযাত্রী নই, রাজনৈতিক নেতা ক্ষমতার জন্য এসেছি, তীর্থ করতে আসিনি। কংগ্রেস নেতাদের মধ্যেও এখন এই বিতর্ক শুরু হয়েছে। সিপিএমের মতো কংগ্রেসেও এখন কেরল লবির বিদ্রোহ শুরু হয়েছে মহারাষ্ট্রর রণকৌশল নিয়ে এ কে অ্যান্টনির নেতৃত্বে কেরল কংগ্রেস বলছে, মতাদর্শ ক্ষমতার চেয়ে অনেক বড়, তাই যেনতেন প্রকারেণ সরকার গড়া চলবে না।

বিজেপির সবচেয়ে পুরনো শরিক কিন্তু অকালি দল, শিবসেনা নয়। '৮৯ সালে বিজেপির সঙ্গে শিবসেনার সন্ধি হয়। বিজেপি নেতা প্রমোদ মহাজনের উদ্যোগেই বালাসাহেবের সঙ্গে সে বন্ধুত্ব হয়েছিল। ভুলে গেলে চলবে না, শিবসেনা কিন্তু ইন্দিরা গান্ধীর 'জরুরি অবস্থাকে' সমর্থন করেছিল। একদা মুম্বাইয়ের এক পুর নির্বাচনেও শিবসেনা কংগ্রেসকে সমর্থন করেছিল। আবার সম্প্রতি রাষ্ট্রপতি নির্বাচনে কংগ্রেস প্রার্থী প্রতিভা পাটিল এবং প্রণব মুখোপাধ্যায়কে শিবসেনা সমর্থন করে, বিজেপি বা এনডিএ-র প্রার্থীকে সমর্থন না করে। কাজেই শিবসেনার কংগ্রেসকে সমর্থন করার অতীত রেকর্ড রয়েছে। কংগ্রেস কিন্তু কখনও শিবসেনাকে সমর্থন করেছে, এমনটা মনে পড়ে না। তাছাড়া, শিবসেনার মতো কংগ্রেস মহারাষ্ট্রকেন্দ্রিক আঞ্চলিক দল নয়, 'জাতীয় দল'। কংগ্রেসের মতো এক সর্বভারতীয় দল আজ যতই দুর্বল হয়ে যাক, তাদের একটা তাজীয় মতাদর্শ মেনে চলতেই হয়।

নেরহু গান্ধীর কংগ্রেসের পক্ষে সাম্প্রদায়িকতার প্রশ্নে আপস করা কিন্তু সহজ কাজ নয়। শিবসেনা বিগত নির্বাচনে রাহুল গান্ধী সম্পর্কে কি কি মন্তব্য করেছে, সেসবকে আমি বিশেষ গুরুত্ব দিচ্ছি না। 'সামনা', শিবসেনার দৈনিক মুখপত্র এবং উদ্ধব ঠাকরে নিজে মন্তব্য করেছেন, রাহুল গান্ধীকে লাথি মেরে ভারতের রাজনীতি থেকে তাড়িয়ে দেওয়া উচিত। এ মন্তব্যের পরও শিবসেনা কংগ্রেসের সমর্তন নিয়ে সরকার গড়তেই পারে। রাজনীতিতে কোনও পূর্ণচ্ছেদ হয় না। সে তো 'সামনী' পত্রিকায় নরেন্দ্রমোদি সম্পর্কেও গত পাঁচ বছরে কি কি কথা ছাপা হয়েছে, তা-ও আমাদের সকলেরই মনে আছে। রাজনীতিতে ভোটের সময় যেসব কথা বলা হয়, ভোটের পর তা মনে না রাখাই দস্তুর। হিন্দিতে একটা লোকবচন জনপ্রিয়। বচনটি হল হাতির দু'রকমের দাঁত থাকে। একটি দাঁত খাওয়ার জন্য, আর অন্য দাঁতটি দেখানোর জন্য। তা, রাজনৈতিক নেতাদেরও দুই প্রকার দাঁত থাকে। তাই সিবসেনা রাহুল সম্পর্কে কি মন্তব্য করেছে, ভোটের পর বিজেপিকে মোকাবিলার জন্য সেসব কথা যদি দু'পক্ষই ভুলে যায়, তবে তা অস্বাভাকি কোনও কাণ্ড নয়।

বিজেপি কাশ্মীরে মেহবুবার পিডিপি-র সঙ্গে হাতে হাত মিলিয়ে সরকার গঠন করেছে, আবার তা ভেঙেও গিয়েছে। কংগ্রেসকে খতম করার জন্য বিশ্বানাথ প্রতাপ সিংহকে সমর্থন করেছে বিজেপি এবং কমিউনিস্টরা। একই সঙ্গে। অটলবিহারী বাজপেয়ী আর জ্যোতি বসুর যৌথবাবে জনসভায় থাকার ছবি আজও ঐতিহাসিক। এসব কোয়ালিশন সরকারগড়ার ছবি আজ ইতিহাস। কিন্তু এসব জোট ভারতীয় রাজনীতিতে স্থায়ী হয়নি। একটা কথা জোট-রাজানীতিতে খুবই জনপ্রিয়। সে শব্দটি হল 'ন্যাচারাল অ্যালাই এনডিএতে মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল কংগ্রেস ছিল । কিন্তু পশ্চিমবঙ্গে শতকরা প্রায় ৩০ ভাগ মুসলমান ভোট। এই মুসলমান ভোটব্যাহক মমতার 'কোরি' ভোটব্যাঙ্ক। কাজেই মমতা এনডিএতে থাকলেও তা ন্যাচারাল অ্যালাই, বা স্বাভাবিক মিত্রশক্তি নয়। তেমনই বিপেজি আর শিবসেনা কিন্তু। স্বাভাবিক জোট। বীর সাভারকর থেকে রাম মন্দির—হিন্দুত্বর কোর ইস্যু হল দুই দলের প্রধান উপজীব্য। শিবসেনা আঞ্চলিক আর বিজেপি জাতীয়। কিন্তু এখন দেশে সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পর এনডিএ-র বদলে বিজেপি একদলীয় আধিপত্য কায়েম করেছে। বিজেপি প্যান ইন্ডিয়ারন শাসক দল হয়ে সর্বত্র বিস্তার লাভ করতে চাইছে। ভারতের পশ্চিম, দক্ষিণ-পূর্ব ও উত্তর পূর্বাঞ্চল, যেখানে বিজেপির দাপটনেই, সেই সাংগঠনিক 'নন বেস এরিয়া'-তেও বিজেপিকে নিয়ে যেতে তৎপর মোদি এবং অমিত শাহ। এই ইচ্ছার মধ্যে কোনও অন্যায় নেই। কিন্তু এই প্রয়াসে শিবসেনার আঞ্চলিক সমস্যা হচ্ছেই। শুধু শিবসেনা কেন, পাঞ্জাবে অকালি বা বিহারে নীতীশ কুমারের জেডিইউ-এর সমস্যা হচ্ছে। কেন্দ্রে যথেষ্ট মন্ত্রী না থাকার বা নির্ধারক শক্তির ভূমিকা জাতীয় ও রাজ্যস্তরে কমতে থাকা---এসব শরিকি জাটিলতা তো রয়েছেই। পশ্চিমবঙ্গে জ্যোতি বসুর দোর্দণ্ডপ্রতাপ সিপিএম রাজত্বে আরএসপি বা সিপিআইয়েরও এই কই সমস্যা ছিল। বামফ্রন্টে সিপিএমের দাদাগিরির মতোই আজ এনডিএতে বিজেপির একার প্রভুত্ব। এই আধিপত্যকামিতার অ্যান্টিথিসিস হয়ে ওঠা উচিত পালটা সরকার গড়ার প্রয়াস। এনসিপি-কংগ্রেসের সমর্থন নিয়ে ৫৬টি আসনের শিবসেনা সরকার গড়তে আগুয়ান। একটা সময় এই জোটের সমস্যা ছিল কে যে ইঞ্জিন, আর করা বগি বা ওয়াগন—সেটা নিয়ে ধোঁয়াশা কাটছিল না। এখন ইঞ্জিনকে সেটা বেঝা যাচ্ছে, কিন্তু গাড়িটা কেমন দৌড়বে তা নিয়ে সংশয় কাটছে না। আবার কংগ্রেসে নিজের পক্ষে শিবসেনাকে টেনে নিয়ে হিন্দু ভোটে থাবা বসাতে চাইবে,এমন একটা সম্ভাবনা উঠে আসছে রাজনৈতিক পর্যবেক্ষণে। এখন দেখার, বিজেপি কি করে এই ন্যারোটিভের পালটা মোকাবিলা করে।

**এনডিএতে তৃণমূল কংগ্রেস ছিল এক সময়। কিন্তু পশ্চিমবঙ্গে শতকরা প্রায় ৩০ ভাগ মুসলমান ভোট। এই ভোটব্যাঙ্ক তৃণমূলের 'কোর' ভোটব্যাঙ্ক। কাজেই তৃণমূল এনডিএতে থাকলেও তা ন্যাচারাল অ্যালাই, বা স্বাভাবিক মিত্রশক্তি ছিল না। বিজেপি আর শিবসেনা কিন্তু স্বাভাবিক জোট। বীর সাভারকর থেকে রাম মন্দির —হিন্দুত্বর কোর ইস্যু হল দুই দলের প্রধান উপজীব্য।**

**(সৌজন্যে-প্রতিনিধি)**

# এক নজরে বাংলাদেশ

মনির হোসেন, ঢাকা,

## দেশের চাহিদার ছয় গুণ বেশি লবণ মজুদ আছে গুজবে কান দেবেন না:বাংলাদেশ সরকার

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,নভেম্বর ১৯।। পেঁয়াজের পর চালের দাম বৃদ্ধির মধ্যে লবণের দাম বেড়ে যাওয়ার যে কথা ছড়িয়েছে, সে গুজবে কাউকে কান না দেওয়ার পরামর্শ দিয়ে সরকার বলেছে, দেশের চাহিদার ছয় গুণ বেশি লবণ মজুদ আছে।লবণের দাম বেড়ে যাচ্ছে বলে সোমবার সন্ধ্যার পর সিলেট, হবিগঞ্জ, গোপালগঞ্জ, ঠাকুরগাঁও, নেত্রকোনা জেলায় গুজব ছড়ায় এবং তাতে লবণ কেনার হিড়িক শুরু হওয়ায় দাম যায় বেড়ে।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনার পাশাপাশি মঙ্গলবার শিল্প মন্ত্রণালয় এক প্রেস বিজ্ঞপ্তিতে গুজবে কান না দিতে দেশবাসীর প্রতি আহ্বান জানায়।এতে বলা হয়, একটি স্বার্থান্বেষী মহল লবণের সঙ্কট রয়েছে মর্মে গুজব রটনা করে অধিক মুনাফা লাভের আশায় লবণের দাম অস্থিতিশীল করার অপচেষ্টা চালাচ্ছে বলে প্রতীয়মান হচ্ছে। এ ধরনের গুজবে বিভ্রান্ত না হওয়ার জন্য শিল্প মন্ত্রণালয় সকলের দৃষ্টি আকর্ষণ করছে।লবণের মজুদের কোনো সঙ্কট নেই জানিয়ে শিল্প মন্ত্রণালয় বলছে, দেশে প্রতি মাসে ভোজ্য লবণের চাহিদা কম-বেশি ১ লাখ মেট্রিক টন। অন্যদিকে লবণের মজুদ আছে সাড়ে ৬ লাখ মেট্রিক টন।সে হিসাবে লবণের কোনো ধরণের ঘাটতি বা সংকট হবার প্রশ্নই ওঠে না।

মজুদ লবণের মধ্যে কক্সবাজার ও চট্টগ্রামের লবণ চাষিদের কাছে ৪ লাখ ৫ হাজার মেট্রিক টন এবং বিভিন্ন লবণ মিলের গুদামে ২ লাখ ৪৫ হাজার মেট্রিক টন রয়েছে জানিয়েছে শিল্প মন্ত্রণালয়।এছাড়া সারাদেশে বিভিন্ন লবণ কোম্পানির ডিলার, পাইকারি ও খুচরা বিক্রেতাদের কাছে পর্যাপ্ত পরিমাণে লবণ মজুদ রয়েছে। পাশাপাশি চলতি নভেম্বর মাস থেকে লবণের উৎপাদন মওসুম শুরু হয়েছে। ইতোমধ্যে কক্সবাজার জেলার কুতুবদিয়া ও মহেশখালী উপজেলায় উৎপাদিত নতুন লবণও বাজারে আসতে শুরু করেছে, বলা হয় বিজ্ঞপ্তিতে।বিজ্ঞপ্তিতে জানানো হয়, লবণ সংক্রান্ত বিষয়ে তদারকির জন্য শিল্প মন্ত্রণালয়ের নির্দেশে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) প্রধান কার্যালয়ে ইতোমধ্যে একটি 'কন্টোল রুম' খুলেছে।

গুজব ছড়িয়ে বেশি দামে লবণ বিক্রি করায় নেত্রকোনায় তিন ব্যবসায়ীর অর্থদ- হয়েছে, হবিগঞ্জে সাজা দেওয়া হয়েছে চারজনকে। ঠাকুরগাঁও ও গোপারগঞ্জে দুজনকে আটক করা হয়েছে।এসব স্থানে গুজব ছড়িয়ে পড়ার পর মানুষ ব্যাপক হারে লবণ কিনতে শুরু করলে দাম কয়েকগুণ বেড়ে যায় এবং এক পর্যায়ে অধিকাংশ দোকানে লবণ ফুরিয়ে যায়।

নেত্রকোনার খালিয়াজুরি উপজেলা নির্বাহী কর্মকর্তা এএইচএম আরিফুল ইসলাম বলেন, গুজব ছড়ানোর পর চরাঞ্চলের সহজ সরল মানুষ হুড়াহুড়ি করে লবণ কিনতে ভিড় জমায় বিভিন্ন দোকানে। কেউ কেউ ৫ কেজি, কেউ কেউ ২০ কেজি করে লবণ কিনছিলেন।গোপালগঞ্জের কোটালীপাড়ায় গুজব ছড়িয়ে পড়ে যে লবণের কেজি ২০০ টাকা হয়ে যাবে। এতে ক্রেতারা হুমড়ি খেয়ে পড়ায় মঙ্গলবার দুপুরের আগে ডিলার ও অনেক পাইকারির ব্যবসায়ীর গুদাম শূন্য হয়ে যায়।

পাইকারি ব্যবসায়ী গনেশ সাহা বলেন,সকাল থেকেই আমাদের দোকানে লবণ কিনতে সাধারণ মানুষ ও খুচরা বিক্রেতারা ভিড় করে। দুপুর ১২টার মধ্যে আমাদের সমস্ত লবণ বিক্রি হয়ে যায়।কোটালীপাড়ায় লবণ কিনতে আসা এক ভ্যানচালক বলেন,গতকাল রাতে ঢাকা থেকে আমার এক আত্মীয় ফোন করে বলেছে, লবণের কেজি ২০০ টাকা হবে।এই অবস্থায় খুচরা বিক্রেতাদের একজনের কাছে এক কেজি-২ কেজির বেশি লবণ বিক্রি করতে মানা করা হয়েছে বলে জানান কোটালীপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মহসিন উদ্দিন।ঠাকুরগাঁওয়ের জেলা প্রশাসক কামরুজ্জামান সেলিম বলেন, কিছুদিন আগে একটি মহল সিন্ডিকেট তৈরি করে পেঁয়াজের দাম বৃদ্ধি করেছিল। এখন তারাই আবার লবণের দাম বৃদ্ধির জন্য গুজব ছড়াচ্ছে।

## এসডিজি-২০৩০ অর্জনে বাংলাদেশ সঠিক পথেই হাঁটছে: স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,নভেম্বর ১৯।। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, সফলভাবে এমডিজি অর্জনের পাশাপাশি বাংলাদেশ এখন টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-২০৩০ অর্জনের দিকে সঠিক পথেই রয়েছে। মঙ্গলবার (১৯ নভেম্বর) সকালে ভারতের রাজধানী নয়াদিল্লিতে 'বিশ্বস্বাস্থ্যসেবায় এসডিজি-২০৩০ অর্জন' বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী।জাহিদ মালেক বলেন, বাংলাদেশে বর্তমান ক্ষুধামন্দা নেই, ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে গেছে, মানুষের মাথাপিছু আয় এখন ১৮৮৮ মার্কিন ডলার, জিডিপিতে বর্তমান প্রবৃদ্ধি ৮ দশমিক ১৩ শতাংশ।এর পাশাপাশি দেশের স্বাস্থ্যখাতে ব্যাপক উন্নতি ঘটছে। শিশুমৃত্যু হার, মাতৃমৃত্যু হার উল্লেখযোগ্যভাবে কমেছে। ১৪ হাজার কমিউনিটি ক্লিনিক সেবার মাধ্যমে বর্তমানে দেশে ঘরে ঘরে স্বাস্থ্যসেবা চলে গেছে। বর্তমানে দেশের ৮ বিভাগে ৮টি ক্যানসার হাসপাতাল নির্মাণকাজ, লিভার সিরোসিস রোগের জন্য আলাদা হাসপাতাল নির্মাণকাজের প্রক্রিয়া দ্রুত গতিতে এগিয়ে চলছে। যেভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতৃত্ব দিচ্ছেন, তাতে বাংলাদেশ ২০৩০ সালের বেশ আগেই এসডিজি লক্ষ্যমাত্রায় পৌঁছে যাবে।

বিশ্বস্বাস্থ্য উন্নয়নে স্বাস্থ্যমন্ত্রী বিশ্ব নেতাদের কাছে চারটি মূল বিষয় তুলে ধরে আরও বলেন, বৈশ্বিক স্বাস্থ্য উন্নয়নে গোটা বিশ্বকে এক ছাতায় চলে আসতে হবে। স্বাস্থ্য ব্যবস্থায় আরও অগ্রগতি আনতে বিশ্ব নেতাদের বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিওএইচও) ইউনিভার্সাল হেলথ কারেজ (ইউএইচসি), ট্রিপল বিলিয়ন টার্গেটস, টুগেদারনেস, হেলথিয়ার ওয়ার্ল- এই চারটি বিষয়কে গুরুত্ব দিতে হবে। পরে এই চারটি বিষয়ে সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী বিস্তারিত তুলে ধরেন ও ব্যাখ্যা করেন এবং স্বাস্থ্যখাতে বাংলাদেশের নানা উদ্যোগ ও অবদানের বিষয়গুলি উল্লেখ করেন।

ভারতের স্বাস্থ্যমন্ত্রী হর্ষ বর্ধনের সভাপতিত্বে সম্মেলনে আরও বক্তব্য রাখেন নেপালের স্বাস্থ্য বিষয়ক মন্ত্রী উপেন্দ্র কুমার যাদব, বিশ্বস্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্বাঞ্চলের আঞ্চলিক প্রতিনিধি ড় পুনম ক্ষেত্রপাল বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ সহ অন্যান্য দেশ থেকে আগত স্বাস্থ্য বিষয়ক বিশেষজ্ঞ, চিকিৎসক, বিভিন্ন সংস্থা প্রধান, বিভিন্ন দেশের সরকারি ঊর্দতন কর্মকর্তাবৃন্দ।

## নানা অভিযোগে ভেঙে গেলো বিএনপি জোটের শরিক- লিবারেল ডেমোক্রেটিক পার্টি-এলডিপি

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,নভেম্বর ১৯।। জামায়াতকে সমর্থন এবং গঠনতন্ত্র না মেনে দল পরিচালনার অভিযোগে ভেঙে গেলো বিএনপি জোটের শরিক- লিবারেল ডেমোক্রেটিক পার্টি-এলডিপি। সোমবার জাতীয় প্রেসক্লাবে কর্নেল অলিকে বাদ দিয়ে আব্দুল করিম আব্বাসীকে এলডিপির নতুন সভাপতি ঘোষণা করা হয়।

এদিকে,মাত্র তিন ঘণ্টার ব্যবধানে একই জায়গায় সংবাদ সম্মেলনে কর্নেল অলি দাবি করেন, এলডিপি তাঁর নামেই নিবন্ধিত, তিনিই দলের বৈধ সভাপতি। যারা এলডিপি ছেড়ে গেছেন, তারা অনেক আগে থেকেই নিষ্ক্রিয় ছিলেন দলে। তাদের চলে যাওয়ায় কোনো সংকট তৈরি হবে না সংগঠনটিতে। গত ৯ নভেম্বর কর্নেল অব: অলি আহমদকে সভাপতি এবং ড় রেদোয়ান আহমেদকে মহাসচিব করে এলডিপির নতুন কেন্দ্রীয় কমিটি ঘোষণার পর থেকেই বাদ পড়া নেতাদের মধ্যে চরম অসন্তোষ বিরাজ করছিল। এরই ধারাবাহিকতায়, এলডিপির সাবেক সিনিয়র যুগ্ম মহাসচিব শাহাদাত হোসেন সেলিমের নেতৃত্বে সোমবার জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে আসেন পদ না পাওয়া নেতারা। এসময় এলডিপি নেতা আবদুল করিম আব্বাসীকে সভাপতি করে ঘোষণা করা হয় ৭ সদস্যের আহ্বায়ক কমিটি।অভিযোগ করা হয়, বিএনপির শীর্ষ নেতৃত্বকে বিতর্কিত আর দুর্বল করার ষড়যন্ত্রে ব্যস্ত ছিলেন কর্নেল অলি। এছাড়া দলের অভ্যন্তরে ছিল তার একক আধিপত্য।

## দ্রব্যমূল্য বৃদ্ধির পেছনে সিন্ডিকেট রুখে দাঁড়ান: সেলিমা রহমান

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,নভেম্বর ১৯।। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির পেছনে কারসাজি রয়েছে দাবি করে তাদের রুখে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান।পেঁয়াজসহ নিত্যপণ্যের দাম বৃদ্ধির প্রতিবাদে মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে কৃষক দলের মানববন্ধনে বক্তব্যে এই আহ্বান জানান তিনি।

সেলিমা বলেন,পেঁয়াজের দাম কারা বাড়াচ্ছে? এখন চালের দামও বাড়ছে। এসব পণ্যের দাম বাড়াচ্ছে একটা সিন্ডিকেট। এই সিন্ডিকেট চলছে একের পর এক।

'৭৪ এর সেই করাল ছায়া আবার যেন বাংলাদেশকে গ্রাস করতে চলেছে।সিন্ডিকেটের এই দৌরাত্ম্য আমরা হতে দেব না। এই সিন্ডিকেটের বিরুদ্ধে আমাদের জনতার রুখে দাঁড়াবার সময় এসেছে। জনতার সঙ্গে সমগ্র ঐক্যবদ্ধ শক্তির একতা এখন আমাদের প্রয়োজন।

সকলে ঐক্যবদ্ধ হোন।সেলিমা বলেন, আজকে গুম-খুন নিত্য দিনের ঘটনা। ক্যাসিনো ধরা পড়ছে।

কিন্তু তার কোনো বিচার নাই। কয়েকটা চুনোপুঁটি ধরে আজকে পেঁয়াজ দিয়ে সেটা ঢাকা হচ্ছে। তারপরে আসবে চাল, চাল দিয়ে ঢাকা হবে পেঁয়াজের দাম। এভাবে বিভিন্ন পণ্যের দাম বাড়বে।এসবের জন্য ক্ষমতাসীনদের দায়ী করে বিএনপি নেত্রী বলেন, একটা কর্তৃত্ববাদী হাইব্রিড সরকার জোর করে ক্ষমতায় থাকার জন্য সাধারণ মানুষকে জিম্মি করে নিয়েছে।এই অবস্থা বদলাতে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির আন্দোলনে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান তিনি।

কৃষক দলের আহ্বায়ক ও বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদুর সভাপতিত্বে মানববন্ধনে বিএনপির যুগ্ম মহাসচিব খায়রুল কবির খোকন, কেন্দ্রীয় নেতা আবদুল কালাম আজাদ সিদ্দিকী, আবদুস সালাম আজাদ, কৃষক দলের হাসান জাফির তুহিন, তকদির হোসেন জসিম, সাইফুল ইসলাম, একেএম মোয়াজ্জেম হোসেন, শাহজাহান মিয়া সম্রাট, এল রহমান, নাসির হায়দার, মিয়া মো. আনোয়ার, রফিকুল ইসলাম রিপন বক্তব্য রাখেন।

## পাঁচ বছরের জন্য ক্রিকেট থেকে নির্বাসিত বাংলাদেশের ক্রিকেটার শাহাদাত হোসেন

ঢাকা, ১৯ নভেম্বর (হি.স.): সতীর্থ খেলোয়াড়কে শারীরিক নিগ্রহ করার জেরে সব ধরণের ক্রিকেট থেকে নির্বাসিত করা হল বাংলাদেশের ক্রিকেটার শাহাদাত হোসেনকে। পাশাপাশি তিন লক্ষ টাকার জরিমানাও করা হয়েছে তাকে।

মঙ্গলবার দুপুরে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের টেকনিক্যাল কমিটির বৈঠক শেষে কমিটির প্রধান মিনহাজুল আবেদীন বছর ৩৩-র পেসার শাহাদাত হোসেনের বিরুদ্ধে শাস্তির ঘোষণা করেন। টেকনিক্যাল কমিটির শাস্তির বিরুদ্ধে আর্জি করার সুযোগ রয়েছে শাহাদাতের। নিয়ম অনুযায়ী ২৬ নভেম্বরের মধ্যে আর্জি জানাতে হবে তাকে।

উল্লেখ করা যেতে রবিবার জাতীয় ক্রিকেট লিগের ঢাকা ডিভিশনের সঙ্গে খুলনা ডিভিশনের ম্যাচ চলাকালীন ঢাকা ডিভিশনের পেসার শাহাদাত মাঠের মধ্যেই তার সতীর্থ আরাফাত সানির গায়ে হাত তুলে তাঁকে শারীরিক নিগ্রহ করতে থাকে। এই ঘটনায় শাহাদাতের যে বড় ধরণের শাস্তি হতে চলেছে তাঁর ইঙ্গিত সোমবারই দিয়েছিলেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের আধিকারিক। লেভেল-৪ অপরাধ করেছেন শাহাদাত বলে সোমবারই জানিয়েছিল সে দেশের ক্রিকেটকর্তারা। এবারই প্রথম নয় এর আগেও বিতর্কে জড়িয়েছেন শাহাদাত। এর আগে গৃহকর্মীকে পিটিয়ে জেলে গিয়েছিলেন শাহাদাত। সে সময় বিসিবি তাকে আজীবন নিষিদ্ধ করলেও পরে রুটি রুজির খাতিরে মাঠে ফেরার সুযোগ দেয়। তবে এবার বিসিবি কঠোর পদক্ষেপই নিয়েছে।

এদিন মিনহাজুল জানিয়েছেন, তারা চেয়েছিলেন বাকিদের জন্য এই শাস্তিটা দৃষ্টান্ত হয়ে থাকুক, 'ও যেটা করেছে এটা আসলে খুবই খারাপ। বার বার একই অপরাধের পুনরাবৃত্তি করেছে সে। আমরা চেয়েছি ওর শাস্তিটা বাকিদের জন্য দৃষ্টান্ত হয়ে থাকুক। সামনে যেন কেউ এই ধরনের কাজ না করার সাহস না পায়।'

উল্লেখ করা যেতে পারে বছর ৩৩এর এই বাংলাদেশি পেসার শাহাদাত হোসেন দেশের হয়ে খেলেছেন ৩৮ টেস্ট, ৫১ একদিনের ম্যাচ এবং ছয়টি টি২০ ম্যাচ।

## মানুষকে জিম্মি করে আন্দোলন সমর্থন করি না নাসিম

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,নভেম্বর ১৯।। পরিবহন ধর্মঘটের মাধ্যমে মানুষকে জিম্মি করে আন্দোলন আমরা অতীতেও সমর্থন করিনি, এখনও করি না বলে জানিয়েছেন আওয়ামী লীগের সভাপতিম-লীর সদস্য ও ১৪ দলের সমন্বয়ক মোহাম্মদ নাসিম।মঙ্গলবার (১৯ নভেম্বর) দুপুরে রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে ক্ষমতাসীন আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত ১৪ দলের সভা শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।

মোহাম্মদ নাসিম বলেন, সড়ক আইন সংস্কার করা হয়েছে। কষ্ট হলেও সবাইকে এ আইন মেনে চলার অনুরোধ করছি। আর আইন নিয়ে যদি কারও কোনো অভিযোগ থাকে, তাহলে সেটা টেবিলে বসে সমাধান করা যেতে পারে। মানুষকে জিম্মি করে আমরা কোনো রাজনীতি সমর্থন করি না।বর্তমান সময়ে বিভিন্ন দ্রব্যের দাম ঊর্ধগতি প্রসঙ্গ তিনি বলেন, দেশে প্রচুর পেঁয়াজের মজুদ থাকা সত্ত্বেও দাম কেন বাড়িয়ে দেওয়া হলো? আমরা এ দিয়ে সংসদে কথা বলেছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এখন দাম কমতে শুরু করেছে। তিনি আরও বলেন, এক শ্রেণীর ব্যবসায়ী রয়েছে যারা মানুষের ক্ষুধাকে কেন্দ্র করে মুনাফা করেন। তারাতো চিহ্নিত মহল। অশুভ একটি মহল মানুষের ক্ষুধাকে জিম্মি করে অতীতেও রাজনীতি করেছে, এখনও করছে। পেঁয়াজ নষ্ট হয়ে যাচ্ছে, পুকুরে ফেলে দিচ্ছে, তারপরও দাম কমাচ্ছে না। এ ধরনের ব্যবসায়ীদের যথাযথ শাস্তির আওতায় আনতে হবে। মানুষের ক্ষুধা নিয়ে চক্রান্ত করা একটি খারাপ দৃষ্টান্ত।

বিএনপিকে ইঙ্গিত করে মোহাম্মদ নাসিম বলেন, যারা নির্বাচনে পরাজিত হয়েছে, কোনোভাবে মানুষের ক্ষুধা নিয়ে রাজনীতি করে সরকারকে বেকায়দায় ফেলাই এখন তাদের উদ্দেশ্য। বিএনপি-জামায়াত করতে পারে না এমন কোনো কাজ নেই। এজন্য আমি আহ্বান করবো সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মধ্যে সমন্বয় করে এ ধরনের চক্রান্তের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) সভাপতি হাসানুল হক ইনুর সভাপতিত্বে সভায় আওয়ামী লীগ নেতা মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, গণতন্ত্রী পার্টির সরাফত আলী, ১৪ দল নেতা নজিবুল বশর মাইজভান্ডারী, ডা. শাহাদাত হোসেন, এস কে সিকদার, শফিক আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

## বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে বিএনপির সমাবেশ ২৩ নভেম্বর

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,নভেম্বর ১৯।। দুর্নীতির মামলায় দ-িত হয়ে কারাবন্দি অসুস্থ খালেদা জিয়ার মুক্তির দাবিতে ২৩ নভেম্বর ঢাকাসহ সারা দেশে সমাবেশ করবে বিএনপি।

মঙ্গলবার সকালে ঢাকায় নয়া পল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলটির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ কর্মসূচি ঘোষণা করেন।হাসপাতালে চিকিৎসাধীন খালেদার জামিনে সরকার বাধা দিচ্ছে অভিযোগ করে তিনি বলেন, আমরা প্রধানমন্ত্রীকে বলতে চাই, আপনার টালবাহানায় দেশনেত্রী বেগম খালেদা জিয়ার কোনো ক্ষতি হলে, আপনার স্বনির্মিত দুঃশাসনের শৃঙ্খল ধুলোয় লুটোপুটি খাবে।তাকে নিয়ে কোনো মিথ্যাচার-অপপ্রচার ও কুৎসা না রটিয়ে আজই মুক্তি দিন। তার জামিনে কোনো বাধা দেবেন না। তার পছন্দমত হাসপাতালে তাকে সুচিকিৎসার নেওয়ার সুযোগ দিন।রিজভী বলেন,দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে আগামী ২৩ নভেম্বর ঢাকাসহ সারাদেশে প্রতিবাদ

ছয়ের পাতায়

## পদ্মা সেতুর ১৬তম স্প্যান স্থাপনের মাধ্যমে দৃশ্যমান হলো আড়াই কিলোমিটার সেতু

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,নভেম্বর ১৯।। বাংলাদেশের পদ্মা সেতুর ১৬তম স্প্যান স্থাপনের মাধ্যমে দৃশ্যমান হলো আড়াই কিলোমিটার সেতু।মঙ্গলবার দুপুর সোয়া ১টায় পদ্মা সেতুর ১৬তম স্প্যান '৩ডি' বসানো হয়েছে। স্প্যানটি ১৬ ও ১৭ নং পিলারের উপর বসানো হয় বলে পদ্মা সেতুর প্রকৌশলী হুমায়ুন কবির জানান।

তিনি বলেন, সেতুর ২৪শ' মিটার বা প্রায় আড়াই কিলোমিটার দৃশ্যমান হলো। এছাড়া এ মাসেই পদ্মা সেতুতে বসতে যাচ্ছে অন্তত আরও ২টি স্প্যান। এর আগে ১৫টি স্প্যান বসানোর মাধ্যমে ৬ দশমিক ১৫ কিলোমিটার দৈর্ঘ্যরে সেতুটির ২২৫০ মিটার বা ২ কিলোমিটারের অধিক দৃশ্যমান হয়েছে। এখন দিন গড়ানোর সাথে সাথে পদ্মা সেতুও দীর্ঘায়িত দৃশ্যমান হচ্ছে।পদ্মা সেতুর প্রকৌশলী হুমায়ুন কবির জানান, মঙ্গলবার সকল ৯টার দিকে ভাসমান ক্রেন তিনাই-ই-তে করে স্প্যানটি মুন্সীগঞ্জের লৌহজং উপজেলার কুমারভোগ পদ্মা সেতুর কনস্ট্রাকশন ইয়ার্ড থেকে নিয়ে যাওয়ার কথা ছিল। তবে নদীতে কুয়াশা থাকায় সকাল পৌনে ১০ টায় এটি রওনা হয়। কনস্ট্রাকশন ইয়ার্ড থেকে ১৬ ও ১৭ নং পিলার দূরত্ব কম হওয়ায় এটি নিয়ে যেতে ভাসমান ক্রেনের তেমন সময় লাগেনি। তাই অল্প সময়ের মধ্যেই স্প্যানটি পিলারের উপর বসানো সম্ভব হয়েছে। আগামী কয়েকদিনের মধ্যেই '৪ডি' নম্বর স্প্যানটি ২২ ও ২৩ নম্বর খুঁটিতে বসানো হবে। এটির প্রস্তুতিও প্রায় সম্পন্ন। এ ছাড়া ২১ ও ২২ নং পিলারের উপর আরও একটি স্প্যান এ মাসেই বসানো হবে।

তিনি বলেন, ২২ ও ২৩ নম্বর খুঁটির জন্য তৈরি করা ৪ডি স্প্যানটি ২৮ ও ২৯ নম্বর খুঁটির কাছে প্লাটফরম তৈরি করে নদীর তীরে রাখা আছে। নদীর চ্যানেলের নাব্যতার কারণে স্প্যানটি সেখান থেকে তুলে এনে স্থাপনে বিলম্ব হচ্ছে। ওয়ার্কশপের ইয়ার্ডে ৬এ, ৬বি, ৫সি ও নম্বর স্প্যান বেশ কিছুদিন ধরে তৈরি আছে। উচ্চ ক্ষমতার ড্রেজারে রাত দিন ড্রেজিং করায় নাব্যতা সঙ্কট এখন কমে এসেছে। এদিকে ৪১টি স্প্যানের মধ্যে মাওয়ায় এসেছে ৩১টি স্প্যান। এরমধ্যে ১৬টি স্প্যান স্থাপন করা হলো। আর ৫টি রেডি এবং ৩ টি রং করা ছাড়া বাকি ৮ টি স্প্যান ফিটিংয়ের কাজ চলছে। গত ২২ অক্টোবর ১৫ তম স্প্যানটি বসেছিল। ২৮ দিন পর আজ ১৯ নবেম্বর ১৬তম স্প্যানটি বসানো হলো। সেতুর ৪২টি খুঁটির মধ্যে ৩৩ খুঁটি সম্পন্ন হয়ে গেছে। বাকি ৯টি খুঁটির কাজও দ্রুত এগিয়ে চলেছে। এখন শুধু পাইলের উপর ক্যাপিং করার কাজ রয়েছে।

সেতু নির্মাণের জন্য কাজ করছে চীনের ঠিকাদারী প্রতিষ্ঠান চায়না মেজর ব্রীজ ইঞ্জিনিয়ারিং কোম্পানী (এমবিইসি) ও নদী শাসনের কাজ করছে দেশটির আরেকটি প্রতিষ্ঠান সিনোহাইড্রো কর্পোরেশন। ৬.১৫ কিলোমিটার দীর্ঘ এই বহুমুখী সেতুর মূল আকৃতি হবে দোতলা। কংক্রিট ও স্টীল দিয়ে নির্মিত হচ্ছে এই সেতুর কাঠামো। ইতোমধ্যে ১৬ট স্প্যান বসানোর মাধ্যমে সেতুটির আড়াই কিলোমিটার দৃশ্যমান হয়েছে। এ মাসে ৩টি স্প্যান বসে গেলে সেতুর প্রায় অর্ধেক দৃশ্যমান হবে।

## মন্ত্রীরা বেহেশতের টিকেট বিক্রি শুরু করেছেন: মাহমুদুর রহমান মান্না

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,নভেম্বর ১৯।। পরিকল্পনা মন্ত্রী আবদুল মান্নানের বক্তব্যের সমালোচনা করে নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না বলেছেন, মন্ত্রীরা এখন 'বেহেশতের টিকেট বিক্রি' শুরু করেছেন। মঙ্গলবার রাজধানীতে এক মানববন্ধন থেকে সংসদ ভেঙে দিয়ে নতুন নির্বাচনের দাবি জানিয়েছেন বিএনপি নেতৃত্বাধীন জাতীয় ঐক্যফ্রন্টের এই নেতা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন কর্মকা-ের ভূয়সী প্রশংসা করতে গিয়ে পরিকল্পনামন্ত্রী মান্নান সোমবার এক অনুষ্ঠানে বলেন,প্রধানমন্ত্রী শেখ হাসিনা এত পূণ্য অর্জন করেছেন যে, তার বেহেশতে যাওয়ার অধিকার আছে, হক আছে।এর সমালোচনা করে মান্না বলেন,মন্ত্রীরা আজকাল বেহেশতের টিকিট বেচা শুরু করেছে,বেহেশতের টিকেটের যদি গ্যারান্টিই থাকে, তাহলে ভোটের টিকেট পাবেন না কেন? নির্বাচন দিয়ে দেন, মানুষ ভোট দেবে। বেহেশতেই যদি যেতে পারেন তাহলে পুলসেরাত পার হতে পারবেন না ভোটের?সরকারকে উদ্দেশ্য করে মান্না বলেন,চুরি করে ডাকাতি করে ক্ষমতায় বসেছেন। ক্ষমতা থেকে চলে যান, পদত্যাগ করেন, সংসদ ভেঙে দেন। রাষ্ট্রপতিকে বলেন এই অবস্থায় একটা সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করতে।

আমরা আপনাদের কাছে বলতে বলতে ক্লান্ত। আমরা জানি, আপনাদের যত বেশি বলা হবে তত বেশি আপনাদের রাগ হবে। আপনারা ক্ষমতা ছাড়বেন না, অন্যের টুটি চেপে থামানোর চেষ্টা করবেন।দারিদ্র্য দূর করতে সরকার ব্যর্থ হয়েছে মন্তব্য করে মান্না বলেন,বাংলাদেশে কেবল ধনী মানুষ আরও বেশি ধনী হচ্ছে, লুটেরারা আরো লুট করছে, লুট করে করে তারা তাদের সম্পত্তি বাড়াচ্ছে- এই হচ্ছে তাদের একমাত্র কাজ। এ পরিস্থিতি থেকে উত্তরণে সবাইকে রাস্তায় নামার আহ্বান জানিয়ে নাগরিক ঐক্যের আহ্বায়ক বলেন,রাস্তায় বসে পড়েন, বসে শ্লোগান দেন, আপনার দাবির কথা বলেন। বলেন, যতক্ষণ পর্যন্ত আমাদের দাবির সুরাহা না হচ্ছে, ততক্ষণ পর্যন্ত রাস্তায় আছি।নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম বৃদ্ধির প্রতিবাদে এ মানববন্ধনে অন্যদের মধ্যে নাগরিক ঐক্যের এসএম আকরাম, শহীদুল্লাহ কায়সার, মমিনুল ইসলাম মানববন্ধনে বক্তব্য দেন।

## ইতিহাসের অনন্য দলিল কলকাতার প্রদর্শনীতে

কলকাতা, ১৯ নভেম্বর (হি.স.) : ইতিহাসের পাতায় নানা ভাবে ভেসে উঠেছে মহাত্মা গান্ধী এবং রবীন্দ্রনাথ দুই প্রবল ব্যক্তিত্বের প্রাসঙ্গিক নানা বিষয়ের ভাবনা। মঙ্গলবার এই দু'জনকে নিয়ে অনুপম এক ফার্স্ট ডে কভার প্রকাশ করল ডাক বিভাগ।

সব মিলিয়ে আকর্ষণ তৈরি করেছে নবম রাজ্য ফিলাটেলিক প্রতিযোগিতা ও প্রদর্শনী 'একলা চলো রে'। এবারের প্রতিযোগিতা মহাত্মা গান্ধীর ১৫০ বছর উপলক্ষে তাঁকে উৎসর্গ করা হয়েছে। মঙ্গলবার এই বিশেষ কভার প্রকাশ করেন চিফ পোস্ট মাস্টার জেনারেল (সিপিএমজি-বেঙ্গল সার্কেল) গৌতম ভট্টাচার্য। এ ছাড়াও ছিল রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের গান্ধী চর্চা কেন্দ্রের অধিকর্তা অভীক কুমার রায়ের ভাষণ, ''লিজেন্ডস অফ স্পোর্টস'-সিরিজের মাধ্যমে শৈলেন মান্না, পঙ্কজ রায়, লেসলি ক্লডিয়াস প্রয়াত এই তিন তারকাকে স্মরণ। এতে আমন্ত্রিত ছিলেন সুব্রত ভট্টাচার্য, প্রণব রায়, গুরবক্স সিং তিন ধরণের খেলার তিন স্বনামধন্য।

১৬ নভেম্বর অ্যাকাডেমি অফ ফাইন আর্টসে প্রতিযোগিতার উদ্বোধন করেন রাজ্যপাল জগদীপ ধনকর। এখানে প্রদর্শিত ডাকসামগ্রির মধ্যে প্রায় অর্ধেক আমন্ত্রিত এবং গান্ধীজী-বিষয়ক। মহাত্মার ওপর বিভিন্ন সময়ে প্রকাশিত ডাকটিকিট, ফার্স্ট ডে কভার, স্পেশাল কভার দেখার সুযোগ পাওয়া যাচ্ছে এখানে।

গত শনিবার সন্ধ্যায় অ্যাকাডেমীতে প্রদর্শনী হলে ঋতুপর্ণ ঘোষ এবং সুচিত্রা সেনের ওপর বিশেষ কভার প্রকাশের পাশাপাশি ভাষণ দেন দুই অভিনেত্রী সুদীপ্তা চক্রবর্তী ও মুনমুন সেন এবং চলচ্চিত্র-গবেষক শমীক বন্দ্যোপাধ্যায়। রবিবার সকাল-দুপুর-সন্ধ্যা অ্যাকাডেমি ছাড়াও প্রতিযোগিতা ও প্রদর্শনী চলে কলকাতা জিপিও-তে। একটি ট্রাম সাজানো হয় ডাকটিকিট, ফার্স্ট ডে কভার প্রভৃতি দিয়ে। ময়দানে ওই ট্রামে 'লিগাসি অফ ট্রামওয়েজ' নিয়ে একটি জীবনানন্দ দাস, সুধীন্দ্রনাথ দত্ত, প্রেমেন্দ্র মিত্র কালজয়ী এই তিন কবির ওপর স্পেশাল কভার প্রকাশ হয়। তিন কবির পরিবারের লোকেদের হাতে আকর্ষণীয় অ্যালবাম তুলে দেন সিপিএমজি। সন্ধ্যায় ওই অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন কবি জয় গোস্বামী।

সোমবারের সূচিতে ছিল বারাকপুর গান্ধী সংগ্রহশালার অধিকর্তা প্রতীক ঘোষের ভাষণ, গান্ধীজীর দেড়শ বছর স্মরণে এবং 'মেলোডিজ অফ বেঙ্গল' শীর্ষক ফার্স্ট ডে কভার প্রকাশ। এতে স্মরণ করা হয় শ্যামল মিত্র, মানবেন্দ্র মুখোপাধ্যায়, ধনঞ্জয় ভট্টাচার্য ও সতীনাথ মুখোপাধ্যায় স্বর্ণযুগের চার শিল্পীকে। উপস্থিত ছিলেন এযুগের কিংবদন্তী শিল্পী শ্রীকান্ত আচার্য।

এই উপলক্ষে অ্যাকাডেমীর তিনটি প্রদর্শনীকক্ষে প্রায় ২০০ ফ্রেমে প্রদর্শিত হয়েছে হরেক রকম ডাকটিকিট, ওভারপ্রিন্টেড স্ট্যাম্প, ফার্স্ট ডে কভার, স্পেশাল কভার, স্ট্যাম্প পেপার, আর্লি সিকিউরিটি পেপার, সিকিউরিটি বন্ড প্রভৃতি। প্রতিটি ফ্রেম প্রায় ৩০ বর্গফুটের। বুধবার বেলেঘাটার 'হায়দর ই মঞ্জিলে' গান্ধীজীর ওপর বিশেষ ডাকটিকিট প্রকাশ ছাড়া আছে ঐতিহাসিক তথা কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক জহর সেনের ভাষণ, বর্ষীয়ান সাহিত্যিক বুদ্ধদেব গুহর উপস্থিতিতে অমর দুই সাহিত্যিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ওপর স্মারক কভার প্রকাশ হবে। বৃহস্পতিবারের অ্যাকাডেমীতে সমাপ্তি অনুষ্ঠানে থাকছে বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার প্রদান, গান্ধীজীর ওপর বিশেষ কভার প্রকাশ প্রভৃতি।

## ভূমিকম্পে কেঁপে উঠল নেপাল, দিল্লি সহ উত্তর ভারতের বিস্তীর্ণ অঞ্চল

নয়াদিল্লি, ১৯ নভেম্বর (হি.স.) : নেপালে ভূমিকম্প উ মঙ্গলবার সন্ধ্যার এই ভূমিকম্পের জেরে কেঁপে উঠল দিল্লি, লখনউ সহ উত্তর ভারত।এদিন অনুভূত হওয়া ভূমিকম্পের তীব্রতা ছিল ৫.৩ উ এর উৎসস্থল ছিল নেপালের খাপটাদ ন্যাশনাল পার্ক।ভূমিকম্পে কেঁপে উঠল নেপাল, দিল্লি, লখনউ সহ উত্তর ভারতের বিস্তীর্ণ অঞ্চল। মঙ্গলবার সন্ধ্যা সাতটা বেজে পাঁচ মিনিট নাগাদ কম্পন অনুভূত হয়। ভূমিকম্পের উৎসস্থল ছিল নেপালের খাপটাদ ন্যাশনাল পার্ক।

ছয়ের পাতায়

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## হাড়ের সংযোগে কেন শব্দ হয়?

যে কোনো বয়সী মানুষের শরীরের হাড়ে এমন শব্দ হতে পারে। তবে বুড়ো বয়সে শব্দগুলো বেশি শোনা যায়।কিন্তু এমন শব্দ হওয়ার কারণ কী?প্রকৃতপক্ষে, দুই হাড়ের সংযোগের শূন্যস্থানে থাকা গ্যাসের বুদবুদই এমন শব্দ সৃষ্টি হওয়ার সাধারণ কারণ। এই বুদবুদ সৃষ্টির কারণ হলো, দুটি হাড়ের শেষ প্রান্তে- যেখানে সংযোগ ঘটে- দুই হাড়কে পৃথক করে ফ্লুইড নামের তরলের একটি স্তর। শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের প্রতিদিনের গতিশীল কর্মকাণ্ডের ফলে দুই হাড় বিচ্ছিন্ন হয় আবার সংযুক্ত হয়। যখন এটি ঘটে তখন সংযোগ স্থানটিতে সাইনোভিয়াল ফ্লুইড নামের তরল (সংযোগে প্রাকৃতিক লুব্রিক্যান্ট) -এর মধ্যে যে গ্যাসের গহ্বর সৃষ্টি হয় সেখানে গ্যাস জমা হয়। এই গ্যাসের মধ্যে রয়েছে অক্সিজেন, নাইট্রোজেন এবং কার্বন ডাই অক্সাইড। চাপের ফলে সেখানে সৃষ্ট বুদবুদই শব্দ সৃষ্টির কারণ।এই শব্দ তখনই ভয়ঙ্কর হতে পারে যখন তা অস্বাভাবিক শোনায়, ব্যথা হয় কিংবা ফুলে যায়। তবে এমন অবস্থা খুব কমই হয় বলে মনে করেন চিকিতসকরা।বৈজ্ঞানিক বিতর্ক হাড়ের সংযোগে এই শব্দ কীভাবে সৃষ্টি হয় তা নিয়ে অনেক বিতর্ক রয়েছে। ১৯৪৭ সালে এক গবেষণায় প্রথমবারের মতো চিকিতসকরা চেষ্টা করেন এটি বোঝার। তাঁরা তখন মনে করেন যে গ্যাস থেকে বুদবুদ সৃষ্টি হওয়ার কারণেই এই শব্দ সৃষ্টি হয়। কিন্তু পরবর্তী গবেষণায় দাবি করা হয়, শব্দটি আসলে বুদবুদ বিস্ফোরণের ফলে ঘটে।এই বৈজ্ঞানিক দ্বন্দ্ব অনেক বিতর্ক সৃষ্টি করে এবং ২০১৫ সাল পর্যন্ত এর সমাধান হয়নি যখন হাড়ের সংযোগের রিয়েল-টাইম মেডিক্যাল ইমেজগুলো গবেষণার ফলে প্রমাণিত হয় যে বুদ্বুদের গঠনই এমন শব্দ সৃষ্টি করে। একবার শব্দ সৃরি পর পুনরায় গ্যাস জমা হওয়ার জন্য কিছুটা সময় নেয়- এই কারণে দ্রুত হাড় সংযোগ করা যায় না।কখন উদ্বেগের কারণ হয় না? কখনো কখনো শরীরের গঠনবিষয়ক কারণে সংযোগে শব্দ সৃষ্টি হয়। যখন হাড়কে ঢেকে রাখা টিসুর ওপর রগ নড়াচড়া করতে থাকে তখন হাড় তার দ্রুত পূর্বের স্থানে ফিরে আসার সময় শব্দ হয়। বসা অবস্থা থেকে উঠে দাঁড়ানোর সময়, কিংবা বসার সময়, আরোহণের সময় সাধারণত হাঁটুতে এ ধরনের শব্দ হয়। বয়স বাড়ার সাথে সাথে এ শব্দ বাড়তে থাকে। যদি এই শব্দের সময় ব্যথা না লাগে তাহলে তা নিয়ে ভয়ের কিছু নেই। কখন উদ্বেগের কারণ হয়? হাড়কে ঢেকে থাকা টিসু বা কার্টিলেজ বয়স বাড়ার সাথে অগোছালোভাবে বাড়তে থাকে।

ওঠাবসার সময় অমসৃণ টিস্যুগুলো একে অপরের সঙ্গে ঘষা লাগার ফলে শব্দ হয়। আবার হাড়ের সঙ্গে অন্য হাড়কে যুক্ত করতে সাহায্য করে যে লিগামেন্ট নামের সংযোজক কলা, নড়াচড়া করার সময় তা টাইট হয়ে যায় অথবা সংযোগের আস্তরণ ঘুরে যায়।

## পরিবার আমার কাজের প্রশংসা করে না, বলছেন সিদ্ধার্থ মলহোত্র

প্র: ''মরজাওয়াঁ''তে আপনি অ্যাংরি ইয়ং ম্যানের ভূমিকায়। অমিতাভ বচ্চনের সেই ঘরানার ছবিগুলো দেখেছেন?উ: বাড়িতে তখন ভিডিয়ো ক্যাসেট আসত আর বেশির ভাগ সময়ে অমিতাভ বচ্চনের ছবির ক্যাসেট ভাড়া করা হত। মনে আছে, আমি একবার ''হম'' দেখছিলাম। সেখানে বচ্চন স্যর যখন ''বখতাওয়ার'' বলে চিতকার করছিলেন, অনেক দিন পর্যন্ত আমার মনে হত ওটা একটা গালি। ওটা যে কারও নাম ছিল, সেটা বুঝতে আমার অনেক সময় লেগেছিল। এর জন্য অনেক দিন পর্যন্ত আমাকে নিয়ে ঠাট্টা করা হত।প্র: আপনার কেরিয়ারের সিদ্ধান্ত নিয়ে পরিবারের বাকিদের কী প্রতিক্রিয়া?উ: যখন ২১ বছর বয়স, তখন আমি ফিল্মে আসার সিদ্ধান্ত নিই। প্রথমে পরিবারের সায় ছিল না। মানিয়ে নিতে সময় লেগেছে। এত বছর বাদে অবশ্য এটা মেনে নিয়েছে যে, আমি কিছু একটা করতে পেরেছি। তবে পরিবার কখনও আমার প্রশংসা করে না। মা বন্ধুদের সঙ্গে আমার ছবি দেখতে যান।

আর আমার কাজ নিয়ে কিছু বলার থাকলে, সেটা আমাকে বলেও দেন। এখন আমার কোনও টেনশন নেই। মুম্বইয়ে নিজের চেষ্টায় বাড়ি বানিয়েছি। সময় বুঝে বিয়েও করব।প্র: লাভ ম্যারেজ?উ: অবশ্যই। চোখের সামনে আমার মা-বাবাকে দেখেছি। এত দিন ধরে সম্পর্ক বজায় রেখেছেন তাঁরা। বিয়ে প্রতিষ্ঠানটার কাছে এর চেয়ে বেশি কিছু চাওয়ার নেই আমার।প্র: কী রকম মেয়ে পছন্দ আপনার?উ: তার সঙ্গে আমার যেন একটা বন্ডিং তৈরি হয়। সে যে কোনও ব্যাকগ্রাউন্ড থেকেই হতে পারে। আমি যখন কোনও মেয়ের সঙ্গে কথা বলি, সবচেয়ে আগে তার চোখের সঙ্গে একটা সম্পর্ক তৈরি হয়। সেটাই তার সম্পর্কে আরও জানার উতসাহ তৈরি করে।

দু''জনের সম্পর্কের মধ্যে সততা থাকা জরুরি। অনেক সময়ে চেহারা সুন্দর হলেও যদি অকারণে মিথ্যা বলে বা আমাকে ইমপ্রেস করার জন্য কিছু বানিয়ে বলে, সেটা আমাকে খুব হতাশ করে।প্র: স্টারডম আপনাকে কতটা বদলেছে?উ: আমি জানি না, একজন স্টারকে কেমন আচরণ করতে হয়। মনে হয় না, কাজ আমাকে বদলাতে পারে। আমি মধ্যবিত্ত পরিবারে বড় হয়েছি। সাত-আট বছর হয়েছে মাত্র জনপ্রিয়তা পেয়েছি।

অনুরাগীরা সেলফি তুলতে আসেন। আমার স্কুলের কিছু বন্ধু এবং আমার পরিবার আমাকে মাটির কাছাকাছি থাকতে সাহায্য করেছে।প্র: ব্যর্থতা কী ভাবে সামলান?উ: শূন্য থেকে শুরু করেছিলাম। এখন যেখানে পৌঁছেছি, সেটা অনেক বড় পাওনা। ব্যর্থ হলেও শিখতে চাই। ভবিষ্যতে যখন ছবি বানাব, এই ধাক্কা খাওয়ার অভিজ্ঞতাগুলো কাজে আসবে।

## মেয়েরা নিজের বয়স লুকিয়ে রাখে কেন, জানলে অবাকই হতে হবে

আপনি যদি কোনও পুরুষকে তার বয়স প্রসঙ্গে প্রশ্ন করেন, তবে সে দ্রুতই বলে দেবে সঠিক উত্তরটি। কিন্তু এই একই প্রশ্ন যদি কোন নারীকে করেন, তাহলে হয়তো আপনি এর কোনও উত্তরই পাবেন না। কিংবা ভুল উত্তর পাবেন।কারণ, অধিকাংশ নারী নিজের প্রকৃত বয়স না বলে লুকাতে চান। কিন্তু কেন? অধিকাংশ মেয়েই মূলতঃ ৭টি কারণে তাদের বয়সের কথা কাউকে বলতে চান না। জেনে নেওয়া যাক সেই গোপন কারগুলি-বিয়ে সমস্যা : পুরুষতান্ত্রিক সমাজে বিয়ে করার ক্ষেত্রে কম বয়সী নারীদেরই জয়-জয়কার। আর তাই বিয়ের উপযুক্ত পাত্রী হয়ে ওঠার জন্য অনেক নারীই নিজের বয়স লুকিয়ে রাখেন। এমনকি খুব কাছের বন্ধুবান্ধবের কাছেও নিজের সঠিক বয়সটা বলেন না অনেকেই। কম বয়সী দেখানো : অনেক নারীই মনে করেন যে, বয়স কম বললে তাদেরকে দেখতেও কম বয়সী দেখাবে। আর এই ভ্রান্ত ধারণা থেকে অনেক নারী বয়স লুকিয়ে থাকেন।পুরুষের মন পাওয়া : পছন্দের পুরুষের মন পাওয়ার ইচ্ছা নারীর গোপন বাসনা। আর তাই তারা ভাবেন নিজের বয়স কমিয়ে বললে পুরুষের মন পাওয়া বেশ সহজ হবে এবং পুরুষের কাছে আরও বেশি আকর্ষণীয় হতে পারবেন। আবার অনেক সময় নিজের চাইতে বয়সে ছোট পুরুষের মনোযোগ আকর্ষণের জন্যও নারীরা সঠিক বয়সটা বলতে চান না।পরিবারের কাছ থেকে শিক্ষা : সমাজে একটি প্রচলিত বিষয় হলো, মা-দিদিমারা তাদের সন্তানদের আসল বয়স বলতে মানা করেন। তাদের মধ্যে এই বিষয়টি নিয়ে নানান রকম কুসংস্কার কাজ করে। আর তাই মেয়েরা বড় হতে হতে এই বিষয়টি নিজের মনে গেঁথে রেখে দেয়। ফলে তারা তাদের সঠিক বয়সটি কাউকে বলতে চায় না।বুড়িয়ে যাওয়ার ভয় : অধিকাংশ নারীর মনে সাধারণ একটি ফোবিয়া থাকে। আর তা হলো, বুড়িয়ে যাওয়ার ভয়। বয়স কম দেখাতে তারা নানান রকম রূপচর্চা, প্লাস্টিক সার্জারি এবং যোগ ব্যায়াম করে থাকেন। আর নিজের সঠিক বয়সটাও বলতে চান না মানুষকে।হিংসা : নিজের পরিচিত কোন কম বয়সী সুন্দরী নারীর পাশে থাকলে অধিকাংশ নারীই নিজের বয়স লুকাতে চান। হিংসা থেকেই হোক আর নিরাপত্তাহীনতা থেকেই হোক, এই প্রবণতাটি কম বেশি বেশ কিছু নারীর মধ্যেই লক্ষ্য করা যায়।চাকরি : চাকরি পাওয়ার জন্য অনেকসময় বয়স সীমা নির্ধারণ করা থাকে। আর এই বয়সের ভিতরে থাকার জন্য অনেক নারীই নিজের প্রকৃত বয়সটি লুকানোর চেষ্টা করেন।

## সংসদে শীতকালীন অধিবেশনে মায়ের সঙ্গে মিমি

সোমবার শীতকালীন অধিবেশন শুরু হয়েছে পার্লামেন্টের উভয়কক্ষেই এবং অধিবেশনের প্রথম দিনেই সংসদে হাজির যাদবপুরের সাংসদ মিমি চক্রবর্তী। তবে প্রথম দিনে মাকে নিয়ে সাংসদ চত্বরে প্রবেশ করলেন মিমি। মা তাপসী চক্রবর্তীর সঙ্গে ছবি তুলে পোস্ট করলেন সোশাল মিডিয়ায়।অধিবেশন শুরু হওয়ার পূর্বে মাকে ঘুরিয়ে দেখালেন সংসদ চত্বর। এই ছবিই মন জয় করেছে নেটিজেনদের। ক্যাপশনে অভিনেত্রী সাংসদ লেখেন, ''প্রথম অধিবেশনে মায়ের সঙ্গে।'' সোমবার থেকে শুরু হওয়া শীতকালীন অধিবেশন চলবে ১৩ ডিসেম্বর পর্যন্ত।যাদবপুর থেকে তৃণমূল কংগ্রেসের হয়ে এবারের লোকসভা নির্বাচনে জয়ী হয়েছে মিমি চক্রবর্তী। এর আগে মিমি ও নুসরতকে কুতসিতভাবে ট্রোল করা হয়েছিল সংসদ চত্বরে সেলফি তোলার জন্য। তবে সোমবার অধিবেশনে স্ট্রিট ডগস-দের নিয়ে সোচ্চার হন অভিনেত্রী। ''পশু আইন'' নিয়ে আরও বেশি করে কাজ করার কথাও বলেন তিনি।এদিকে শ্বাসকষ্ট নিয়ে হাসপাতালে ভর্তি হওয়ার পর সোমবার সকালে বাড়ি ফিরে যান আরও এক অভিনেত্রী সাংসদ ও মিমির বন্ধু নুসরত জাহান। তিনি এবারের লোকসভা নির্বাচনে বসিরহাটের প্রার্থী ছিলেন এবং পরবর্তীতে সাংসদ নির্বাচিত হন। তবে মায়ের সঙ্গে মিমির ছবি দেখে খুশি নেটদুনিয়া।

## ঐশ্বর্যর জন্য কি এখনও কষ্ট পান সলমন?

বিগ বসের শোয়ে অনিল কাপুর পাগলপন্থির প্রমোশনের জন্য হাজির হন। কৃতি খারবান্দা এবং ঊর্বশী রউতেলার সঙ্গে সলমন খানের শোয়ে হাজির হন অনিল। সেখানেই প্রশ্ন উত্তর পর্বে সলমন খান এবং অনিল কাপুর একে অপরের একাধিক প্রশ্নের উত্তর দিতে শুরু করেন।বিগ বসের স্টেজে হাজির হয়ে সলমনকে প্রশ্ন করা হয়, তাঁর প্রিয় সহকর্মী কে? এ পর্যন্ত যতজন অভিনেত্রীর সঙ্গে কাজ করেছেন, তাঁদের মধ্যে প্রিয় কে কে? টিম পাগলপন্থির ওই প্রশ্নের মধ্যে ভাগ্যশ্রী, মাধুরী দিক্ষীত, সোনম কাপুর, করিশ্মা কাপুর, করিনা কাপুর, ক্যাটরিনা কাইফ, ঐশ্বর্য রাই বচ্চন এবং সঙ্গীতা বিজলানির নাম নেওয়া হয় সলমনের সামনে। অভিনেত্রীদের তালিকায় প্রত্যেকেই তাঁর প্রিয় এবং প্রত্যেকের সঙ্গেই তাঁর সম্পর্ক বেশ ভাল বলে জানান সলমন।শুধু ঐশ্বর্যর নাম শোনার পর পালটা কোনও মন্তব্য করতে দেখা যায়নি সলমনকে। পাশাপাশি ক্যাটরিনার নাম শুনে হেসে ফেলেন সলমন। এসবের পাশাপাশি সঙ্গীতা বিজলানিকে একসময় তাঁর জীবনের সত্যিকারের সঙ্গিনী বলেও মন্তব্য করেন সলমন খান।


## থ্রিলার থেকে ক্রিকেট, তবে কি মিতালির চরিত্রে তাপসী



তাপসী পান্নু। বলিউডের প্রথম সারির অভিনেত্রীর তালিকায় তার নামটি জ্বলজ্বল করছে। অভিনয় জগতে পা দেওয়ার মাত্র কিছুদিনের মধ্যেই নিজের অভিনয় দক্ষতা দিয়ে একটা জায়গাটা পাকিয়ে নিয়েছেন। একের পর এক ছবিতে চরিত্র নিয়ে বিভিন্ন রকমের এক্সপেরিমেন্ট করেই চলেছেন তাপসী। তার ব্যতিক্রমী অভিনয় তাকে উচ্চতার শিখরে পৌঁছে দিয়েছে। কখনও থ্রিলার আবার কখনও প্যাশনেট কোনও চরিত্র- সবেতেই তিনি সাবলীল। অভিনয় যে তার সহজাত তা বারেবারে প্রমাণ দিয়েছেন তাপসী।সূত্র থেকে আরও জানা গেছে, ভারতীয় মহিলা ক্রিকেট দলের ক্যাপ্টেন মিতালি রাজের চরিত্রে দেখা যাবে তাপসীকে। এখনও পুরোপুরি নিশ্চিত না হলে শোনা যাচ্ছে, ২০২০ সালের মাঝামাঝি সময় থেকে শুরু হবে ছবির শ্যুটিং। আর এই ছবিরই মুখ্য ভূমিকায় দেখা যাবে তাপসীকে।তাপসী পান্নু মানেই ছবির একটা বাড়তি পাওনা। আবার তাপসী মানেই ছবি হিটের ফর্মূলা। তবে এইবারের চরিত্রটাও বেশ চ্যালেঞ্জিং তাপসীর কাছে। কীভাবে একজন মেয়ের অ্যাথলিট হওয়ার স্বপ্ন দেখেন সেই গল্পই ফুটে উঠবে ছবিতে। এর আগেও পিঙ্ক ছবিতে নজর কাড়েন তিনি। তাছাড়াও অমিতাভের সঙ্গে বদলা ছবিতেও তার অভিনয় প্রশংসিত হয়েছিল।

## ইমরানের সঙ্গে ঘনিষ্ঠতায় নারাজ, আপত্তি চুম্বনেও, বিস্ফোরণ কৃতি খারবান্দার

চেহরে থেকে সরিয়ে দেওয়া হল কৃতি খারবান্দাকে। সম্প্রতি এমন খবরেই তোলপাড় হয়ে যায় বলিউড। কিন্তু কৃতিকে কেন অমিতাভ এবং ইমরান হাসমির সিনেমা থেকে সরিয়ে দেওয়া হল, এই প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে বেরিয়ে আসে অন্য তথ্য।স্পটবয়ের খবর অনুযায়ী, পরিচালক রুমি জাফরির এই সিনেমার জন্য চুক্তিবদ্ধ হন কৃতি খারবান্দা। মুম্বইতে পরপর দুদিন শ্যুটিংও সেরে ফেলেন। কিন্তু এরপরই ইমরান হাসমির সঙ্গে বেশ কয়েকটি ঘনিষ্ঠ এবং চুম্বন দৃশ্যে অভিনয়ের নির্দেশ দেওয়া হয় তাঁকে। এখানেই আপত্তি তোলেন কৃতি।তাঁর দাবি, চুম্বন বা ঘনিষ্ঠ দৃশ্যে অভিনয় খুব একটা জরুরি



ছিল না গল্পের জন্য। তাও ইমরানের সঙ্গে ঘনিষ্ঠ দৃশ্যে অভিনয়ের জন্য তাঁকে চাপ দেওয়া হয়। এরপরই বেঁকে বসেন কৃতি। ফলে অমিতাভ বচ্চন এবং ইমরান হাসমির সিনেমা থেকে তিনি বেরিয়ে যান।কৃতি বলেন, কেউ যদি সিনেমার জন্য অপ্রত্যাশিত কোনও দৃশ্যে অভিনয় করতে না চান, তাহলে এর জন্য অভিনেত্রীকে কীভাবে নাক উঁচু স্বভাবের বলে কেউ দাগিয়ে দিতে পারেন। ঘনিষ্ঠ দৃশ্য হোক বা চুম্বন দৃশ্যে অভিনয় করতে না চাওয়াটা অভিনেতার একদম নিজস্ব বিষয়। তাই এরজন্য কোনও অভিনেত্রীকে নাচক উঁচু স্বভাবের বলে দাগিয়ে দেওয়া যায় না বলে স্পষ্ট জানান কৃতি।

## ভারতে দূষণ রোধে পাশে দাঁড়ালেন টাইটানিক-এর তারকা লিওনার্দো

ভারত তথা রাজধানী দিল্লির বায়ু দূষণ রোধে এবার সাহায্যের হাত বাড়িয়ে দিলেন হলিউড অভিনেতা লিওনার্দো ডি ক্যাপ্রিও। অস্কার বিজেতা ওই তারকা ইনস্টাগ্রামে পোস্ট করেছেন, ''কিছুদিন আগে দেড় হাজারের বেশি মানুষ দিল্লির ইন্ডিয়া গেটে জড়ো হয়েছিলেন। তাঁদের দাবি, রাজধানীর বায়ুদূষণ রোধে অবিলম্বে ব্যবস্থা নিতে হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাব অনুযায়ী বায়ু দূষণের ফলে ভারতে প্রতি বছর ১৫ লক্ষ মানুষের মৃত্যু হয়।'' প্রসঙ্গত, পরিবেশ দূষণ রোধ করার জন্য ''৯৮ সালে একটি সংগঠন গড়েছিলেন হলিউডের তারকা। ভারতে বায়ুদূষণ দূর করার জন্য চার দফা কর্মসূচির কথাও বলেছেন ডিক্যাপ্রিও। যে সংগঠনগুলি দূষণ রোধে কাজ করছে, তিনি তাদের সাহায্য করবেন বলে জানিয়েছেন।

## এমন একটি রোগ, যা কেড়ে নেয় আপনার বাবা হওয়ার ক্ষমতা

পুরুষের যখন বীর্যপাত ঘটে তখন স্বাভাবিকভাবে সেটা মূত্রনালি দিয়ে বাইরে বেরিয়ে আসে, কিন্তু সেটা না হয়ে বীর্য যদি পেছনের দিকে গিয়ে মূলথলিতে চলে যায় তাহলে তাকে রেট্রোগ্রেড ইজাকুলেশন বলে। এই রোগে পুরুষেরা বন্ধ্যা হতে পারে।যেভাবে ঘটেমূত্রথলির স্ফিংটার সংকুচিত হয় এবং শুক্রাণু মূত্রনালিতে ধাবিত হয়। রেট্রোগ্রেড ইজাকুলেশনের ক্ষেত্রে এই স্ফিংটার ঠিকমতো কাজ করে না।কারণঅটোনমিক স্নায়ুতন্ত্র বা প্রোস্টেট অপারেশনের জন্য হতে পারে। প্রোস্টেট অপারেশনের সাধারণ জটিলতা হচ্ছে রেট্রোগ্রেড ইজাকুলেশন। কিছু ওষুধের পার্শপ্রতিক্রিয়ায়ও হতে পারে। সবচেয়ে সাধারণ ওষুধটি হচ্ছে ট্যাম্পুলোসিন। এই ওষুধটি মূত্রপথের মাংসপেশিকে শিথিল করতে ব্যবহার করা হতো। এর ফলে মূত্রথলির স্ফিংটার শিথিল হয়ে সংকুচিত হতে ব্যর্থ হয়। অ্যান্টি ডিপ্রেস্ট্যান্ট ও অ্যান্টি সাইকোটিক ওষুধগুলোও এ ধরনের সমস্যা তৈরি করে। ডায়াবেটিক রোগীদেরও মূত্রথলির স্ফিংটারের স্নায়ু সমস্যার কারণে এটি হয়।রোগ নির্ণয়সাধারণত বীর্যস্খলনের পর পরই প্রস্রাব পরীক্ষা করে রোগ নির্ণয় করা যায়। এ ক্ষেত্রে প্রস্রাবে বীর্য পাওয়া যাবে।চিকিতসাএতে পুরুষরা বন্ধ্যা হতে পারে। সিউডোইফি ব্যবহারে গুণগত উন্নতি হয়। অনেক ক্ষেত্রে সিলডানাফিল ব্যবহার করা হয়।

## মিথ্যে বললেই ধরে ফেলবে মোবাইল

আছি এক জায়গায় কিন্তু বলছি অন্য জায়গায় কথা। মোবাইলে এমন মিথ্যা বলার দিন এবার শেষ হচ্ছে। নিজের সম্পর্কে ভুল তথ্য দিয়ে অন্যকে হয়রানি বা অলস বসে থেকে অন্যের কাছে ব্যস্ত মানুষেণ ভান ধরে আর পার পাওয়া যাবে না।

বিজ্ঞানীরা এমন এক স্মার্টফোন আবিষ্কার করেছেন যেটাতে চ্যাট বা কথা বলার সময় এসব সস্তা ছলচাতুরি আর চলবে না। ফোনের অন্যদিকে যিনি আছেন, তাকে কোনোরকম মিথ্যে কথা বললে সঙ্গে সঙ্গেই তা ধরে ফেলবে সেই স্মার্টফোন। বিশেষ প্রযুক্তিসমৃদ্ধ ওই স্মার্টফোনের সাহায্যেই কে সত্যি বলছে, কে মিথ্যে বলছে তা ধরে ফেলা যাবে। শুক্রবার যুক্তরাষ্ট্রের এক গবেষণা ম্যাগাজিনের প্রতিবেদনে বলা হয়েছে, বিষয়টি এখনও গবেষণার স্তরে থাকলেও অদূর ভবিষ্যতে তা কার্যকরী হবে বলে আশা করছেন বিজ্ঞানীরা।

কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ের এক গবেষক দল এ গবেষণা চালাচ্ছে। তারা একটি অ্যাপ নিয়ে পরীক্ষা নিরীক্ষা করছেন। এই অ্যাপটি স্মার্টফোনে ডাউনলোড করে নিলেই ফোনটি স্বয়ংক্রিয়ভাবে লাই ডিটেক্টর হিসেবে কাজ করবে।

বিজ্ঞানীরা জানাচ্ছেন যে, কোনো ব্যক্তি মিথ্যে বলছেন কিনা, তা মোবাইলে কী ভাবে সোয়াইপ করছেনপ বা ট্যাপ করছেন, তার থেকেই বোঝা যাবে। টাইপ করার সময় কেউ মিথ্যে বললেও টাইপিং এ বেশি সময় লাগে বলে সমীক্ষা চালিয়ে দেখছেন বিজ্ঞানীরা।

## বিজ্ঞানের ভাষায় অটোনোমিক নার্ভাস সিস্টেম

আপনার সমস্যাটা বড় কোনো সমস্যা নয়। তবে অবশ্যই বিব্রতকর ও অস্বস্তিকর। আরো কিছু তথ্য জানার ছিলো। যেমন কতোদিন যাবৎ সমস্যা, সমস্যা শুরু হওয়ার আগে পরে অন্য কোনো ঘটনা বা অসুখ হয়েছিলো কিনা? কখনো খিঁচুনি হয়েছে কিনা? অন্য কোনো ওষুধ খেতে হয় কিনা? আপনার সমস্যাটা বড় কোনো সমস্যা নয়। তবে অবশ্যই বিব্রতকর ও অস্বস্তিকর। অরো কিছু তথ্য জানার ছিলো। যেমন কতোদিন যাবৎ সমস্যা, সমস্যা শুরু হওয়ার আগে পরে অন্য কোনো ঘটনা বা অসুখ হয়েছিলো কিনা? কখনো খিঁচুনি হয়েছে কিনা? অন্য কোনো ওষুধ খেতে হয় কিনা? বাড়ির বাইরে বের হওয়া এবং গাড়িতে ওঠা ছাড়া অন্য সময়গুলো কেমন থাকে। তখন কোনো সমস্যা হয় কিনা? যেকোনো চাপ সামলানোর ক্ষমতা কতটুকু? মানসিক চাপের সাথে নিজেকে খাপ খাইয়ে নেওয়ার পদ্ধতিগুলো কেমন এব কতটুকু কার্যকর? যা হোক, প্রতিটি মানুষের একটা সাধারণ প্রতিক্রিয়া হলো, যখন মানুষ চাপে পড়ে তখন মনের অজান্তে কিছু বিষয় কাজ করতে থাকে। বিজ্ঞানের ভাষায় যাকে বলে অটোনমিক নার্ভাস সিস্টেম। অটোনমিক নার্ভাস সিস্টেম হলো, এমন একটি পদ্ধতি যেটি অটো অটো অর্থাৎ নিজে থেকেই কাজ করতে থাকে। যার কাজের মধ্যে হচ্ছে শ্বাসপ্রশ্বাস মেইনটেইন করা, পায়খানা প্রশ্রাব কন্ট্রোল করা, গরম ঠান্ডার অনুভবগুলোকে বোঝা, ভয় রাগ দুঃখ সহ আবেগগুলোকে নিয়ন্ত্রণ করা।হঠাৎ কোনো ভয় বা ভয়ের কারণে এই অটোনোমিক নার্ভাস সিস্টেমের একটি অংশ দ্রুতই একটিভ হয়ে যায় বা প্রভাব বিস্তার করে। তখন মানুষের এমন সমস্যা হতে পারে। এটি কোনো কোনো মানসিক রোগের কারণেও হতে পারে। একবার দুবার হওয়াটা অস্বাভাবিক নয়, কিন্তু আপনি যেভাবে লিখেছেন তাতে মনে হচ্ছে আপনার ক্ষেত্রে বারবারই হচ্ছে এবং এসমস্যাটি আপনাকে খুবই ভোগাচ্ছে। যদি আপনার অন্য কোনো শারীরিক সমস্যা না থাকে এবং উপরে উল্লেখিত বিষয়গুলো সম্পর্কে আপনার খুব কিছু বলার না থাকে তবে, আপাতত আপনি সকালে টেবল্যাট নেক্সিটাল ৫ মিগ্রা নাস্তার পর খেতে পারেন। আপনার সমস্যা কমবে। হাপানী বা ডায়াবেটিস না থাকলে সাথে ট্যাবলেট ইনডেভার ১০ মিগ্রা, সকালে ও রাতে একটা করে খেতে পারেন। বিশেষমুহূর্তে নিজের আবেগ বা আবেগ জনিত সমস্যাগুলো কমানোর জন্য আরো অনেক কার্যকর পদ্ধতি রয়েছে। যেহেতু আপনি চট্টগ্রামে থাকেন, সেহেতু চেষ্টা করবেন সরাসরি সেখানে কারো সঙ্গে দেখা করে উপযোগ্য কোনো সাইকোথেরাপি বা রিলাক্সেশন পদ্ধতি শিখে নেওয়ার। সব সময় মনে রাখবেন সরাসরি ডাক্তরের সাথে কথা বলে চিকিৎসা নেওয়াই ভালো। কারণ অন্যকোনো সমস্যা, প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করে নেওয়া যায়।

## জিমেইলে পাঠানো বার্তা পড়ছে অন্য কেউ

জিমেইল ব্যবহার করে যে বার্তা পাঠানো কিংবা গ্রহণ করা হচ্ছে, তা কেবল মেশিনই না, কখনও কখনও থার্ড পার্টি বা তৃতীয় পক্ষের অ্যাপ ডেভেলপার পড়েছেন বলে নিশ্চিত করেছে সার্চ জায়ান্ট গুগল। থার্ড পার্টি অ্যাপ বলতে অফিসিয়াল অ্যাপ ছাড়া তৃতীয় কোনো নির্মাতার অ্যাপকে বোঝানো হয়। যেমন আপনি যদি ফেসবুক, গুগল কিংবা টুইটারের অ্যাপ প্লে স্টোরে খোঁজেন, তবে দেখবেন তাদের নিজস্ব অ্যাপ ছাড়াও বিভিন্ন অ্যাপ সেখানে রয়েছে। যেগুলো অন্যান্য ডেভেলপারের তৈরি। এগুলোই হচ্ছে থার্ড পার্টি অ্যাপ। অন্য কথায় কোনো কাজের কিংবা সার্ভিসের জন্য আগে থেকেই তৈরি অফিসিয়াল অ্যাপ থাকার পরও একই কাজের জন্য থার্ড পার্টি ডেভেলপাররা যেসব অ্যাপ বানান সেগুলোই থার্ড পার্টি অ্যাপ। এই তৃতীয় পক্ষের অ্যাপের সঙ্গে জড়িত ব্যক্তিরা অসচেতনভাবে তাদের কর্মীদের জিমেইলের বার্তা পড়ার অনুমতি দিয়েছেন। ওয়ালস্ট্রিট জার্নালকে একটি কোম্পানি জানিয়েছে, এটি খুবই স্বাভাবিক চর্চা। যেটি খুবই নোংরাভাবে গোপন রাখা হয়। কিন্তু এ ধরনের চর্চা তাদের নীতিমালার বাইরে নয় বলে আভাস দিয়েছে গুগল। একজন নিরাপত্তা বিশ্লেষক বলেন, এটি খুবই বিস্ময়কর যে গুগল ধরনের চর্চার অনুমতি দিয়েছে। ইমেল সেবায় পৃথিবীর সবচেয়ে জনপ্রিয় হচ্ছে জিমেইল। ১৪০ কোটি লোক এ সেবা ব্যবহারকরেন।

## স্তনের আকারের সঙ্গে ক্যান্সারের সম্পর্ক

নারী জীবনে স্তন নিয়ে নানা খুঁতখুতানি। মানসিক চিকিৎসকদের অভিজ্ঞতা বলে, স্তনের আকৃতি একপ্রকার মানসিক জটিলতার জন্ম দেয়। তাই অসুখ থেকে অবসাদ, বহু ক্ষেত্রে বক্ষ একটা বিসয় হয়ে দাঁড়ায়। শুদু তাই নয়, এর সঙ্গে ক্যান্সারের ও সম্পর্ক খুঁজে পেয়েছেন সমীক্ষকরা। সম্প্রতি অ্যাংলিয়া রাসকিন বিশ্ববিদ্যালয়ের গবেষক বীরেন স্বামী ও ইউনিভার্সিটি অব লন্ডনের গবেষক অ্যাড্রিয়ান ফার্নহ্যাম একটি সমীক্ষা চালিয়েছিলেন। তাঁদের বক্তব্য, যেসব মহিলাদের স্তন 'আকারে ছোট' তাদের মধ্যে নিজেদের স্তন পরীক্ষা করার ক্ষেত্রে অনীহা প্রবল। ফলে স্তনে কোনও পরিবর্তন দেখা দিলেও, তাঁরা চিকিৎসকের কাছে যেতেও আগ্রহ দেখান না। প্রায় ৪০০ ব্রিটিশ মহিলার উপর সমীক্ষা করা হয়। এদের মধ্যে অধিকাংশ মহিলাই তাঁদের স্তনের আকার নিয়ে অসন্তুষ্ট। মহিলাদের ৩১ শতাংশ 'ছোট স্তনে'র পক্ষে। ৪৪ শতাংশ মহিলা আবার চান বড় স্তন।' অন্যদিকে, ৩৩ শতাংশ মহিলার দাবি, তাঁরা নিয়মিত স্তন পরীক্ষা' করান না। এদের অধিকাংশই আকারে ছোট স্তনে'র অধিকারী। গবেষকদের বক্তব্য, কোনও মহিলার নিজের স্তন সম্পর্কে স্পষ্ট ধারণা থাকলে, সেখানে কোনও পরিবর্তন ঘটলে তিনি সহজেই তা বুঝতে পারেন। গবেষক বীরেন স্বামীর দাবি, মহিলাদের সঙ্গে কথা বলে দেখা গিয়েছে,স্তনের আকার নিয়ে কারও কোনও অসন্তুষ্টি থাকলে তিনি নিজের স্তন পরীক্ষা করান খুবই কম। এমনকী কোনও পরিবর্তন ঘটলে চিকিৎসকদের কাছে তাঁরা অনেক দেরিতে গিয়ে পৌঁছন। ফলে ক্যান্সারের মতো রোগের ক্ষেত্রে তা ধরা পড়তে অনেকটা সময় পেরিয়ে যায়। আর তাই বহুক্ষেত্রেই প্রাণঘাতী হয়ে ওঠে বেস্ট ক্যান্সার।




মঙ্গলবার ত্রিপুরা রাজ্য উপজাতি গণমুক্তি পরিষদ কনভেনশনের আয়োজন করে। ছবি- নিজস্ব।

# দক্ষিণ দিনাজপুরের জেলাশাসককে তীব্র ভর্ৎসনা মুখ্যমন্ত্রীর

গঙ্গারামপুর, ১৯ নভেম্বর (হি.স): দক্ষিণ দিনাজপুরের প্রশাসনিক বৈঠকে জেলাপরিষদের কাজ না হওয়া নিয়ে জেলা শাসক নিখিল নির্মলকে তীব্র ভর্ৎসনা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জমি জট কাটাতে গঙ্গারামপুরের প্রশাসনিক সভায় মুখ্যমন্ত্রী দাওয়াই দিলেন, 'ম্যাপ দেখে হবে না, ফিল্ড ইনস্পেকশন করতে হবে'।

সোমবার থেকে উত্তরবঙ্গ সফর শুরু করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কোচবিহার সেরে মঙ্গলবার দুপুরে তাঁর গন্তব্য ছিল গঙ্গারামপুর। সেখানে স্টেডিয়ামে দক্ষিণ দিনাজপুর জেলার প্রশাসনিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী। আর সেই জেলায় বিভিন্ন সরকারি প্রকল্প আটকে রয়েছে কেন ? মঙ্গলবার দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরে প্রশাসনিক বৈঠক জেলাশাসককে ভর্ৎসনা করে এই প্রশ্নই করলেন উত্তরবঙ্গ সফররত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন জেলাশাসককে মুখ্যমন্ত্রী প্রশ্ন করেন কেন জেলায় কাজ কম হয়েছে। 'জল ভরো জল ধর' প্রকল্পে পুকুর কাটা হলেও টেন্ডার আটকে থাকার জন্য তাতে মাছ ছাড়া হয়নি। সেই ইস্যুতে মৎস্য দফতরকেও তীব্র ভর্ৎসনা করেন মুখ্যমন্ত্রী। তিনি মৎস্য দফতরকে টেন্ডার তিন বার কেন বাতিল হয়েছে সেই প্রশ্ন করেন। মুখ্যমন্ত্রীর তিরস্কারে তৎক্ষণাৎ সক্রিয় হয়ে ওঠেন মৎস্য দফতরের অফিসাররা। প্রশাসনিক বৈঠকের মঞ্চেই তাঁরা মমতা বন্দ্যোপাধ্যায় বলেন আগামী ২৫ তারিখের মধ্যে টেন্ডার ডেকে কাজ সম্পন্ন করা হবে। সেব্যাপারে লক্ষ্য রাখতে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

এরপর জেলা পুলিশ সুপারকে জেলায় বাড়তে থাকা দুর্ঘটনা নিয়ে সতর্ক করেন মমতা বন্দ্যোপাধ্যায়। জাতীয় সড়ক সংলগ্ন এলাকা হওয়ার ফলে ওই জায়গায় চালকরা প্রায়শই অত্যন্ত বেপরোয়া গতিতে গাড়ি চালান। তার ফলে নিত্য দিনই দুর্ঘটনা ঘটে। গত ২৯ অক্টোবর রাতে বাইকের ধাক্কায় মৃত্যু হয় গঙ্গারামপুর পুরসভার চেয়ারম্যান অমলেন্দু সরকারের ছেলে কুণাল সরকারের। গুরুতর জখম কুণালকে প্রথমে গঙ্গারামপুর মহকুমা হাসপাতাল এবং তারপর মালদার হাসপাতালে রেফার করা হলেও সেখানে নিয়ে যাওয়ার পথেই তিনি মারা যান। সেই ঘটনার কথা উল্লেখ করে এদিন মমতা বন্দ্যোপাধ্যায় জেলা পুলিশ এবং প্রশাসনকে নির্দেশ দিয়েছেন জাতীয় সড়কের দুর্ঘটনা প্রবণ অঞ্চলগুলো চিহ্নিত করে সেখানে স্পিড লিমিট করে দিতে। এছাড়া 'সেফ ড্রাইভ, সেভ লাইফ'-এর প্রচার চালাতেও জেলা পুলিশ সুপারকে নির্দেশ দেন তিনি।

এদিন মমতা জানতে চান জেলাপরিষদের কাজ কেমন হচ্ছে ? কোনও সমস্যা আছে কিনা। জেলাশাসক নিখিল নির্মল জবাব দিতে গিয়ে মুখ্যমন্ত্রীকে বলেন, 'আমরা চেষ্টা করছি। কিন্তু ম্যাডাম, ওঁরা কাজ করতে দিচ্ছেন না।' এই কথা শুনেই মেজাজ হারান মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী বলেন, 'তার মানে ? কাজ করতে দিচ্ছে না মানেটা কী ? তুমি তো সারেন্ডার করছো। না পারলে ছেড়ে দাও। 'ভর্ৎসনার সুর আরও চড়িয়ে বলেন, 'এই শোনো, পাবলিক কাজ না পেলে তোমায় ধরবে না। তারা আমায় ধরবে। সুতরাং এ ব্যাপারে আমি কারও সঙ্গে আপস করব না।'

জেলাশাসকের 'ওঁরা' হলেন তৃণমূল থেকে বিজেপিতে যোগ দেওয়া জেলাপরিষদ সদস্য। দক্ষিণ দিনাজপুর জেলায় একটিই লোকসভা আসন। সেটা বালুরঘাট। সেই আসনে এবার হারতে হয়েছে তৃণমূলের গতবারের সাংসদ তথা নাট্যকর্মী অর্পিতা ঘোষকে। ভোটে জিতে বালুরঘাটের সাংসদ হয়েছেন বিজেপির সুকান্ত মজুমদার। আর তারপরই দলবদল শুরু হয়। ভোটের পরই দলের জেলা সভাপতি বদল করেন মমতা বন্দ্যোপাধ্যায়। বিপ্লব মিত্রকে সরিয়ে ওই জায়গায় বসানো হয় অর্পিতা ঘোষকে। এরপর জেলা পরিষদের ১০জনকে নিয়ে দিল্লি চলে যান বিপ্লব মিত্র। যোগ দেন বিজেপিতে।

দক্ষিণ দিনাজপুর জেলাপরিষদে মোট আসন সংখ্যা ১৮। বিজেপিতে যোগ দেওয়া ১০ জনের মধ্যে আবার তৃণমূলে ফিরে আসেন পাঁচ জন জেলাপরিষদ সদস্য। ফলে তৃণমূলের পক্ষে এখন ১৩ জন হলেও গোলমালটা অন্য জায়গায়। বিজেপিতে যোগ দেওয়া জেলা পরিষদের সভাধিপতি লিপিকা রায় এখনও বিজেপিতেই রয়েছেন। পরিস্থিতি এমন দাঁড়িয়েছে, তাতে সভাধিপতি যা বলছেন তা তৃণমূলের সদস্যরা মানছেন না। আবার সংখ্যাগরিষ্ঠ সদস্য যা চাইছেন তা উড়িয়ে দিচ্ছেন বিজেপিতে থাকা সভাধিপতি। ফলে সমস্ত কাজ ঝুলে রয়েছে। এদিন মমতা বন্দ্যোপাধ্যায় জেলা শাসককে নির্দেশ দেন, 'কোনও সমস্যা হলে সেটা তোমাকেই মেটাতে হবে। এই জন্যই জেলা প্রশাসন থাকে। জেলাপরিষদের টাকা খরচ হচ্ছে না শুনে ব্যাপক চটে যান মুখ্যমন্ত্রী।

গঙ্গারামপুর থেকেই মালদহের উদ্দেশে রওনা দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে এদিন সন্ধেবেলা প্রশাসনিক বৈঠক করার কথা তাঁর। তারপর আগামীকাল মুর্শিদাবাদ সফর করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

## উপনির্বাচনে তিন কেন্দ্রের ৫০ শতাংশ বুথ থেকেই ওয়েব কাস্টিংয়ের সিদ্ধান্ত

কলকাতা, ১৯ নভেম্বর (হি.স.): আসন্ন তিন বিধানসভা আসনের উপনির্বাচনে যাতে ভোট লুটের অভিযোগ না ওঠে তার জন্য বিশেষ সতর্ক নির্বাচন কমিশন। সেই কারণেই খড়গপুর(সদর), করিমপুর ও কালিয়াগঞ্জ বিধানসভা আসনের উপনির্বাচনের দিন প্রতি মুহূর্তের ঘটনাপ্রবাহের উপরে নজরদারি চালাতে তিন কেন্দ্রের ৫০ শতাংশ বুথ থেকেই ওয়েব কাস্টিংয়ের সিদ্ধান্ত নিয়েছে কমিশন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) আরিজ আফতাবের 'নিরপেক্ষতা'-র বিরুদ্ধে অভিযোগ উঠেছে। তাই সূত্রের খবর, দিল্লির নির্বাচন সদন থেকেই ভোটের দিন ওয়েব কাস্টিংয়ের মাধ্যমে দিনভর তিন আসনের ভোটের উপরে নজর রাখবেন খোদ রাজ্যের ভারপ্রাপ্ত উপ নির্বাচন কমিশনার সুদীপ জৈন।

আগামী ২৫ নভেম্বর রাজ্যের তিন বিধানসভা আসন কালিয়াগঞ্জ, করিমপুর ও খড়গপুরের (সদর) ৮০১টি বুথে ভোট নেওয়া হবে। গত বিধানসভা নির্বাচনে এই তিন বিধানসভা আসনে ভাগাভাগি করে জয় পেয়েছিল কংগ্রেস, তৃণমূল ও বিজেপি। যদিও লোকসভা ভোটে পাশার দান উল্টে গিয়েছিল। খড়গপুর (সদর) ও কালিয়াগঞ্জ আসনে বিপুল ভোটে এগিয়েছিলেন বিজেপি প্রার্থীরা। কিন্তু নেটওয়ার্কের সমস্যায় যদি হঠাৎ 'লাইভ ওয়েব কাস্টিং' বন্ধ হয়ে যায়? তখন তো সেখানকার ভোটচিত্র অস্পষ্টই থেকে যাবে কমিশনের কর্তাদের কাছে! এই সমস্যার মোকাবিলায় ওয়েব কাস্টিংয়ে ব্যবহৃত ইপি ক্যামেরায় 'ইনবিল্ড মেমরি কার্ড' রাখার ব্যবস্থা করছে নির্বাচন দফতর।

কোথাও নেটওয়ার্ক ওঠানামার সমস্যার জন্য লাইভ ওয়েব কাস্টিং বন্ধ হয়ে য়েতে পারে। তবে ইনবিল্ড মেমরি কার্ড সংবলিত ইপি ক্যামেরায় ধারাবাহিক রেকর্ড হতে থাকবে। পরবর্তী কালে প্রয়োজন অনুযায়ী সেই অসম্পাদিত ফুটেজ ব্যবহার করতে পারবে কমিশন। সেই জন্যই ইনবিল্ড মেমরি কার্ডের ব্যবস্থা। লোডশেডিং হলেও যাতে সমস্যা না-হয়, সেই জন্য সরবরাহকারী সংস্থাকে সাত-দশ ঘণ্টা চলার মতো ব্যাটারি দিতে বলেছে সিইও দফতর। থাকছে 'পাওয়ার ব্যাঙ্ক'-এর ব্যবস্থাও।

শুধু তিন আসনের অর্ধেক বুথেই ওয়েব কাস্টিং নয়, তিন আসনে ভোটকে ঘিরে কিভাবে নিরাপত্তার বজ্র আঁটুনি গড়ে তোলা হবে, তা নিয়ে আগামিকাল সোমবার বিশেষ বৈঠকে বসছে নির্বাচন কমিশন। তিন আসনের আওতাধীন এলাকায় আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার জন্য কী-কী সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হবে, তা নিয়ে ভিডিও কনফারেন্সে রাজ্যের সিইও আরিজ আফতাব, এডিজি (আইনশৃঙ্খলা) জ্ঞানবন্ত সিং, পশ্চিম মেদিনীপুর, নদিয়া ও উত্তর দিনাজপুরের জেলাশাসক-পুলিশ সুপার, তিন আসনের জন্য নিযুক্ত সাধারণ ও পুলিশ পর্যবেক্ষকরা বৈঠকে অংশ নেবেন।

কমিশন সূত্রে খবর, মূলত, উপনির্বাচনে তিন আসনের সব বুথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা সম্ভব হবে না। কিন্তু যাতে যে সব ভোটগ্রহণ কেন্দ্রে একটি বুথ রয়েছে, সেই সব জায়গায় আধা সেনা মোতায়েন করা যায়, তা নিয়ে আলোচনা

ছয়ের পাতায়

## দিল্লিতে কাগজের গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ড, হতাহতের কোনও খবর নেই

নয়াদিল্লি, ১৯ নভেম্বর (হি.স.): ফের ভয়াবহ অগ্নিকাণ্ড রাজধানী দিল্লিতেঊ মঙ্গলবার দুপুরে আউটার দিল্লির বাকোলি শিল্পাঞ্চল এলাকায় অবস্থিত একটি কাগজের গুদামে ভয়াবহ আগুন লাগেঊ যদিও, এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও খবর নেইঊ দমকলের ১৫টি ইঞ্জিনের বেশ কয়েক ঘন্টার প্রচেষ্টায় আয়ত্তে এসেছে আগুন।

দিল্লি দমকল সূত্রের খবর, মঙ্গলবার দুপুর ১.৪১ মিনিট দমকলে ফোন করে জানানো হয়, আউটার দিল্লির বাকোলি শিল্পাঞ্চল এলাকায় অবস্থিত একটি কাগজের গুদামে আগুন লেগেছেঊ অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের মোট ১৫টি ইঞ্জিনঊ আগুনের লেলিহান শিখায় গুদামের ভিতরে থাকা বহু সামগ্রী পুড়ে যায়ঊ আগুন লেগে যাওয়া মাত্রই গুদাম থেকে বেরিয়ে আসেন কর্মীরাঊ তাই হতাহতের কোনও খবর নেইঊ দমকল কর্মীদের দীর্ঘক্ষণের প্রচেষ্টায় আয়ত্তে এসেছে আগুনঊ কী কারণে আগুনের সূত্রপাত, তা খতিয়ে দেখা হচ্ছে।

# গান্ধী পরিবারের এসপিজি সুরক্ষা প্রত্যাহার, লোকসভায় ফের সরব অধীর রঞ্জন চৌধুরী

নয়াদিল্লি, ১৯ নভেম্বর (হি.স.): সম্প্রতি গান্ধী পরিবারের এসপিজি নিরাপত্তা প্রত্যাহার করেছে কেন্দ্রীয় সরকারঊ সোনিয়া গান্ধী, রাহুল গান্ধীর উপর থেকে এসপিজি সুরক্ষা প্রত্যাহার নিয়ে সোমবারই লোকসভায় সরব হয়েছিলেন কংগ্রেস সাংসদ অধীর রঞ্জন চৌধুরীঊ সোমবারের পর মঙ্গলবারও গান্ধী পরিবারের উপর থেকে এসপিজি সুরক্ষা প্রত্যাহার নিয়ে সরব হলেন অধীরঊ মঙ্গলবার প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীকে টেনে এনে অধীর বলেছেন, 'বাজপেয়ী জি গান্ধী পরিবারের জন্য স্পেশ্যাল প্রোটেকশন গ্রুপ (এসপিজি) সুরক্ষার অনুমতি দিয়েছিলেনঊ' কিছুদিন আগেই কেন্দ্রের তরফে জানানো হয়-এসপিজি-র পরিবর্তে এবার থেকে জেড প্লাস নিরাপত্তা পাবেন গান্ধী পরিবারের তিন সদস্য সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী ও প্রিয়াঙ্কা গান্ধী বঢ়রা।

গান্ধী পরিবারের উপর থেকে এসপিজি সুরক্ষা প্রত্যাহার নিয়ে মঙ্গলবার লোকসভায় কংগ্রেস সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, 'সোনিয়া গান্ধী জি এবং রাহুল গান্ধী জি সাধারণ প্রোটেক্টি ননঊ গান্ধী পরিবারের জন্য স্পেশ্যাল প্রোটেকশন গ্রুপ (এসপিজি) সুরক্ষার অনুমতি দিয়েছিলেন বাজপেয়ী জিঊ ১৯৯১-২০১৯ সাল পর্যন্ত, এনডিএ দু'বার ক্ষমতায় এসেছিল কিন্তু গান্ধী পরিবারের এসপিজি নিরাপত্তা তুলে নেওয়া হয়নিঊ' পরে কংগ্রেস সাংসদরা ওয়াকআউট করেন।

১৯৮৪ সালে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর হত্যার পরের বছরই গান্ধী পরিবারের নিরাপত্তার জন্য ক্যাবিনেট সচিবের নির্দেশে স্পেশ্যাল প্রোটেকশন গ্রুপ (এসপিজি) তৈরি হয়ঊ ১৯৮৮ সালের ২ জুন সংসদে পেশ করে পাশ করানো হয় এসপিজি বিলঊ বর্তমানে এসপিজি বাহিনীতে রয়েছেন তিন হাজারের বেশি সদস্য।

## হাইলাকান্দিতে বাইক দুর্ঘটনায় প্রাণ হারালেন এক যুবক

হাইলাকান্দি (অসম), ১৯ নভেম্বর (হি.স.) : জাতীয় সড়কের ওপরে সংস্থাপিত রেডিয়ামহীন ড্রামে বাইকের ধাক্কা লেগে সংঘটিত দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন এক যুবক। ঘটনা ঘটেছে সোমবার রাতে হাইলাকান্দির বাউরঘাট এলাকায়। এই পথ দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন হাইলাকান্দির জেলাশাসক কার্যালয়ের ই-ডিস্ট্রিক বিভাগের ভারপ্রাপ্ত জেলা প্রকল্প পরিচালক (ডিপিএম) কৃষ্ণেন্দু দত্ত (৩২)।

ঘটনার রাতে কৃষ্ণেন্দু দত্ত বাইকে চেপে হাইলাকান্দি শহরের বাড়িতে ফিরছিলেন। ফেরার পথে বাউয়ারঘাটে জাতীয় সড়কের উপর দুর্ঘটনার কবলে পড়েন তিনি। এ ঘটনায় কৃষ্ণেন্দুর অকালমৃত্যুতে সহকর্মী এবং তাঁর পরিচিত মহলে শোকের ছায়া নেমে এসেছে। মৃত্যুকালে দেড় বছরের শিশুকন্যা, স্ত্রী, বাবা ও মা-সহ অসংখ্য গুনমুগ্ধ রেখে গেছেন কৃষ্ণেন্দু দত্ত।

প্রাপ্ত সূত্রে জানা গেছে, সোমবার এক সামাজিক অনুষ্ঠানে যোগ দিয়ে বাড়ি ফেরার পথে এই অঘটনের শিকার হন কৃষ্ণেন্দু দত্ত। বাউয়ারঘাটে জাতীয় সড়কের ওপর গাড়ির বেগ কমাতে পুলিশের বসানো ড্রামের জন্যই এই দুর্ঘটনা ঘটেছে বলে অভিযোগ উঠেছে। ড্রামের মধ্যে রেডিয়াম লাগানো না থাকায় কৃষ্ণেন্দুর বাইক একটি ড্রামে গিয়ে সজোরে ধাক্কা মারে। এতে বাইকের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্থায় ছিটকে পড়েন তিনি। এতে তাঁর মাথার পেছন দিকে আঘাত লেগে মৃত্যু ঘটেছে বলে জানা গেছে। দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ অজ্ঞান অবস্থায় কৃষ্ণেন্দুকে উদ্ধার করে হাইলাকান্দির সন্তোষ কুমার রায় সিভিল হাসপাতালে নিয়ে আসে। কিন্তু কিছুক্ষণের মধ্যে হাসপাতালে তাঁর মৃত্যু ঘটেছে।

বাবার চাকরির সুবাদে লালায় থাকতেন কৃষ্ণেন্দুরা। তাই তাঁর মৃত্যুর খবরে লালার পরিচিত মহল শোকস্তব্ধ হয়ে পড়ে। তিনি হাইলাকান্দি শহরের নতুনপাড়ায় এক ভাড়া বাড়ি থাকতেন। ঘটনার সময় বাবা-মা কলকাতার বাড়িতে গিয়েছিলেন। ছেলের মৃত্যুর খবর পেয়ে তাঁরা মঙ্গলবার ছুটে এসে ছেলের মরদেহ সমঝে নেন। এর আগে হাসপাতালে গিয়ে সহকর্মীকে শেষ দেখা দেখেছেন জেলাশাসক কার্যালয়ের তাঁর

ছয়ের পাতায়

## মহারাষ্ট্রে সরকার গড়া নিয়ে রাজনৈতিক রেষারেষিকে কটাক্ষ সরসঙ্ঘচালকের

নাগপুর, ১৯ নভেম্বর (হি.স.) : মহারাষ্ট্রে সরকার গড়া নিয়ে রাজনৈতিক রেষারেষিকে কটাক্ষ করলেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের সরসঙ্ঘচালক ডাঃ মোহন ভাগবত। নাগপুরে এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি জানিয়েছেন, প্রকৃতির ক্ষতি মানে মানুষের ক্ষতি। এটা জানা সত্বেও মানুষ নিজেদের অভ্যাস পরিবর্তন করবে না। ঝগড়া করে কোনও ফায়দা নেই জেনেও সমাজে ঝগড়া হয়। মহারাষ্ট্রে সরকার গড়া নিয়ে রাজনৈতিক দলগুলির রেষারেষিকে ইঙ্গিত করে এমন মন্তব্য করেছেন আরএসএসের সরসঙ্ঘচালক।

মঙ্গলবার নাগপুরের চিটনবিশ সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ডাঃ মোহন ভাগবত জানিয়েছেন, স্বার্থ থেকেই সমাজে এত ঝগড়া এবং নেতিবাচক শক্তির বাড়বাড়ন্ত। স্বার্থ কোনও ব্যক্তির হতে পারে। কিন্তু তাতে দেশের ভাল হয় না। উল্টে খারাপ হয়। স্বার্থ খারাপ জেনেও কেউ সেটিকে পরিত্যাগ করে না।

মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনে বিজেপি-শিবসেনা জোট জয়যুক্ত হলেও মুখ্যমন্ত্রী পদ নিয়ে দুই দলের মধ্যে দূরত্ব তৈরি হয়। বিজেপির সঙ্গে জোট ছিন্ন করে এনডিএ থেকে বেরিয়ে আসে শিবসেনা। এর ফলে বর্তমানে রাষ্ট্রপতি শাসন জারি হয়েছে ওই রাজ্যে। কিন্তু বিজেপি ও শিবসেনার ঝগড়া এখনও থামছে না।

গত ৫ নভেম্বর সরসঙ্ঘচালক ডাঃ মোহন ভাগবতের সঙ্গে দেখা নিজের দলের অবস্থান স্পষ্ট করেন দেবেন্দ্র ফড়নবিশ। ৭ নভেম্বর এক অনুষ্ঠানে মোহন ভাগবত জানিয়েছিলেন, ব্যক্তি এবং সমাজে পারিস্পারিক সৌহার্দ্যবোধ থাকাটা একান্ত জরুরি। আত্মীয়তা যে কোনও সম্পর্কের ভিত্তি। সরসঙ্ঘচালকের এমন আহ্বানের পরেও বিজেপি এবং শিবসেনার মধ্যে সম্পর্কের বরফ এখনও গলেনি।

## পুলিশ প্রশাসনের সাথে আলোচনার পরেই অবরোধ তুলে নিল ভারত জাকাত মাঝি পারগান মহল

ঝাড়্গ্রাম, ১৯ নভেম্বর ( হি. স.) : অবশেষে পুলিশ প্রশাসনের সাথে আলোচনার পরেই অবরোধ তুলে নিল আদিবাসী সমাজের ভারত জাকাত মাঝি পারগান মহল উল্লেখ্য সোমবার সকাল থেকেই বিভিন্ন দাবি দাওয়া নিয়ে ঝাড়্গ্রাম জেলার বিভিন্ন জায়গায় অনির্দিষ্ট কালের জন্য অবরোধ শুরু করে ভারত জাকাত মাঝি পারগান মহল।

তাদের দাবি ছিল ২০১৯-২০ শিক্ষাবর্ষ থেকে সাঁওতালি মাধ্যমে ডিএলএড কোর্স চালু ও ছাত্রছাত্রী দের ভর্তি করার সরকারি অর্ডার জারি করা, ঝাড়গ্রামে সাঁওতালি মাধ্যমে ডিএলএড কোর্স চালু করা নিয়ে দুটি নোটিফিকেশনের বদলে একটি সঠিক নোটিফিকেশন জারি করা। মুলত এই দুটি দাবি নিয়েই অবরোধ শুরু করেছিলেন। পরে এদিন মঙ্গলবার পুলিশ প্রশানের পক্ষ থেকে আলোচনায় বসার জন্য বার্তা দেওয়া হয়। এরপরেই পুলিশ প্রশাসনের সাথে আলোচনায় বসেন আদিবাসী সমাজের নেতৃত্বরা।

তবে মঙ্গলবার সকাল দিকে অবরোধ থাকার কারণে ব্যাপক সমস্যায় পড়েন সাধারন মানুষজনেরা। পরে এদিন দুপুর ১২ টা নাগাদ অবরোধ তুলে নিলে আস্তে আস্তে যান চলাচল স্বাভাবিক হয়। এবিষয়ে আদিবাসী ভারত জাকাত মাঝি পারগান মহলের ঝাড়্গ্রাম জেলা তল্লাটের উপদেষ্টা শিবশঙ্কর সরেন বলেন, এদিন সকাল থেকে জেলা প্রশানের সাথে আমাদের দফায় দফায় বৈঠক হয়েছে। আমরা দুটি নোটিফিকেশন নিয়ে ধোঁয়াশার মধ্যে ছিলাম তা জেলা শাসক আমাদেরকে বুঝিয়ে দিয়েছেন। অর্থাৎ আমাদের একটি দাবি মেনে নিয়েছেন। আর ২০১৯ -২০ শিক্ষা বর্ষে ডিএলএড কোর্স চালু করার বিষয়টি যেহেতু জেলা প্রশাসনের হাতে নেই। তাই জেলা শাসক আমাদের কথা দিয়েছেন উনি বিষয়টি উর্ধতন কর্তৃপক্ষকে জানাবেন। তাই আমরা আমাদের অবরোধ তুলে নিয়েছি। পরে সরকার কি সিদ্ধান্ত নেয় তারপর আমাদের আন্দোলনের পরবর্তী কর্মসুচি ঘোষনা করা হবে।' এবিষয়ে ঝাড়্গ্রামের পুলিশ সুপার অমিত কুমার ভরত রাঠোর বলেন, 'উনাদের সাথে আলোচনা হয়েছে। তারপরেই অবরোধ তুলে নিয়েছেন।'

উল্লেখ্য সোমবার সকাল থেকে ঝাড়্গ্রাম জেলার শিলদাতে, ঝাড়্গ্রাম শহরের সারদা বিদ্যাপীঠ, জাম্বনী ব্লকের পড়িহাটীতে, সাঁকরাইল ব্লকের কুলটিকরী, গোপীবল্লভপুর এক ব্লকের হাতিবাড়ী মোড়, গোপীবল্লভপুর দুই ব্লকের তপশিয়া, নয়াগ্রাম ব্লকের খড়িকামাথানী ও ঝাড়্গ্রাম ব্লকের মেদিনীপুর ঝাড়্গ্রাম রুটের শালচাতরীতে অবরোধ চলছিল। তবে আপাতত ঝাড়্গ্রাম জেলার জনজীবন স্বাভাবিক রয়েছে।

## পাকিস্তানের হ্যাকারদের থেকে সাবধান করল সিআইডি

কলকাতা, ১৯ নভেম্বর (হি.স): পাকিস্তানের হ্যাকারদের থেকে সাধারন মানুষকে সাবধান করল সিআইডি। পাকিস্থান থেকে ফোন আসছে বিভিন্ন ভারতের মোবাইলে। ফোন আসছে পশ্চিমবঙ্গেও। এসবই তথ্য হাতানোর চেষ্টা। ব্যক্তিগত গোপন তথ্য থেকে শুরু করে জাতীয় সুরক্ষার প্রশ্ন এই চেষ্টা রীতিমতো থ্রেট। তাই এই বিষয়ে সাবধান করল সিআইডি। দেওয়া হয়েছে হেল্পলাইন নম্বরও। এমন ফোন এলে অভিযোগ জানাতে বলা হয়েছে ১৪৪০৭, ৭৯৮০১২৪৪৮৭, ০৩৩২৪৪৯০২৫৩ এই নম্বরগুলোতে। সিআইডির এক কর্তা জানান, সবচেয়ে ভালো উপায় হল যে পাকিস্তানের কোড দিয়ে শুরু হচ্ছে সেগুলো না ধরা। ধরলেই বিপদ।

,৯২ দিয়ে শুরু নম্বর। সেই নম্বরের ফোন আসছে ভারতীয়দের মোবাইলে। তারপর হাতিয়ে নেওয়া হচ্ছে নানা তথ্য। হাতিয়ে নেওয়া হচ্ছে ব্যাঙ্ক সংক্রান্ত তথ্য। এই ফোন ধরলে ফোনে পাঠিয়ে দেওয়া হচ্ছে ম্যালওয়ার ব্যানস্যামওয়ার। তারপর হাতিয়ে নেয়া হচ্ছে ব্যাঙ্ক সংক্রান্ত তথ্যও। ইতিমধ্যেই এই সংক্রান্ত বেশ কিছু অভিযোগ পেয়েছে সিআইডি। আর তারপরই নড়েচড়ে বসেছে ভবানী ভবন। এই ধরনের

ছয়ের পাতায়

## 'সংবিধান দিবস' পালন করতে চলেছে রাজ্য সরকার

কলকাতা, ১৯ নভেম্বর (হি. স.): ভারতীয় সংবিধানের ৭০ বছর পূর্তি উপলক্ষ্যে 'সংবিধান দিবস' পালন করতে চলেছে রাজ্য সরকার। আগামী ২৬ নভেম্বর 'সংবিধান দিবস'ঊ সেই উপলক্ষ্যে দুদিন ২৬ এবং ২৭ নভেম্বর এই 'দিবস' পালন করা হবে রাজ্য বিধানসভায়।

তার জন্য বসবে বিশেষ অধিবেশন। বিশিষ্ট একাধিক অতিথিকে সংবিধান দিবসে আমন্ত্রণ জানাচ্ছে রাজ্য সরকারঊ রাজ্যপালকে আমন্ত্রণ জানানো হবে কিনা তা অবশ্য স্পষ্ট নয়ঊ এ ব্যাপারে পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় ঠিক করবেন।

ছয়ের পাতায়

## মালিতে সেনা কনভয়ে জঙ্গি হামলা, নিহত ২৪ সেনা জওয়ান

বামাকো, ১৯ নভেম্বর (হি.স.) : মালিতে ভয়াবহ জঙ্গি হামলা ঊ সোমবার সেনাবাহিনীর কনভয়ের উপর জঙ্গি হামলায় নিহত হন ২৪ জন সেনা জওয়ান ঊ পাশাপাশি আহত ২৯। কোনও জঙ্গি সংগঠন এই হামলার দায় স্বীকার করেনি। মঙ্গলবার বিবৃতি জারি করে এমনই জানানো হয়েছে মালি সেনাবাহিনীর তরফে।

জঙ্গি দমন করার লক্ষ্যে সোমবার সীমান্তবর্তী অঞ্চল টঙ্গো দঙ্গোতে সামরিক অভিযান চালায় মালি ও নাইজের। জঙ্গিদের বিরুদ্ধে অভিযানে যাওয়ার সময় সেনা কনভয়ের উপর হামলা চালায় জঙ্গিরা। এই হামলায় ২৪জন সেনা জওয়ান প্রাণ হারিয়েছে। পাশাপাশি আহত ২৯। হামলাকারি জঙ্গিদের লক্ষ্য করে পাল্টা গুলি চালায় মালি সেনাবাহিনীর জওয়ানরা। মালি সেনার গুলিতে নিকেশ হয় ১৭জন জঙ্গি। এই ঘটনার পর জঙ্গি সন্দেহে ১০০ জনকে আটক করা হয়েছে। এই হামলায় এখনও পর্যন্ত কোনও জঙ্গি সংগঠন দায় স্বীকার করেনি। এর আগে চলতি মাসের প্রথম দিকে সেনা চকিতে হামলা চালিয়ে জঙ্গিরা ৫৪জন সেনা জওয়ানকে হত্যা করেছিল।

কোনও জঙ্গি সংগঠন এই হামলা দায় স্বীকার না করলেও আইসিস এবং আল-কায়দার তরফে হামলা চালানোর ঘটনা একেবারে উড়িয়ে দেওয়া যাচ্ছে না বলে প্রশাসনিক মহল সূত্রে দাবি। ইসলামিক মৌলবাদীদের মালি থেকে নির্মূল করতে দৃঢ় প্রতিজ্ঞ পশ্চিম আফ্রিকার দেশগুলি। এর জন্য খরচ হবে এক বিলিয়ন ডলার। ফ্রান্সও সমস্ত রকমের সহায়তা করার আশ্বাস দিয়েছে।




মঙ্গলবার পশ্চিম থানার পুলিশ গাঁজা সহ তিন ব্যক্তিকে আটক করে। ছবি- নিজস্ব।

# মহিলাদের প্রাথমিক আত্মরক্ষায় বছরেও আবার 'তেজস্বিনী'

কলকাতা, ১৯ নভেম্বর (হি. স.) : মহিলাদের নিরাপত্তায় প্রাথমিক আত্মরক্ষায় এ বছরেও আবার 'তেজস্বিনী' চালু করল কলকাতা পুলিশ। উদ্যোগ ইতিমধ্যেই সোশাল মিডিয়ায় বিস্তারিতভাবে পোস্ট করেছে কলকাতা পুলিশ।
গত বছর মে মাসে পুলিশ অ্যাথলেটিক ক্লাবের মাঠে প্রথম আয়োজিত হয়েছিল এই কর্মশালা। যেখানে অংশ নিয়েছিলেন ১৫৬ জন মহিলা। মহিলাদের আত্মরক্ষার প্রাথমিক পাঠ দেওয়ার হয় এই কর্মশালায়। এবার অংশগ্রহণকারীর সংখ্যা আরও বাড়বে বলেই আশা করছেন পুলিশের কর্মকর্তারা। পাশাপাশি আগামী দিনে ধারাবাহিকভাবে এই কর্মশালা আয়োজিত হবে বলেও জানিয়েছে কলকাতা পুলিশ।
কলকাতা পুলিশের 'কমিউনিটি পুলিশ' তরফে এই উদ্যোগ নেওয়া হয়েছে। মোট পাঁচ দিনের কর্মশালা হবে ২৩ থেকে ২৭ নভেম্বর। সকাল আটটা থেকে দশটা পুলিশ অ্যাথলেটিক ক্লাবের (ইস্টবেঙ্গল মাঠের উল্টোদিকে) শিবিরে।
পুলিশের তরফে জানানো হয়েছে, পথেঘাটে কিংবা ট্রামে-বাসেও অবাঞ্ছিত স্পর্শ বা অশালীন উৎপাতের লক্ষ্যবস্তু হয়ে ওঠেন মহিলারা। শারীরিক ভাবে হেনস্থা বা উত্যক্ত করার সুযোগ খোঁজে বিকৃতরুচির মানুষেরা। আচমকা এমন কোন অনভিপ্রেত পরিস্থিতির মুখোমুখি হলে মহিলারা যাতে প্রাথমিক আত্মরক্ষা করতে পারেন বা আত্মরক্ষার খুঁটিনাটি সম্পর্কে অবহিত থাকতে পারেন, সে জন্যই কলকাতা পুলিশের এই উদ্যোগ।
১২ বছর থেকে ৪০ বছরের মধ্যে যাঁদের বয়স, তাঁদের আত্মরক্ষার প্রশিক্ষণ দেবেন বিশেষজ্ঞ ট্রেনাররা। যা সম্পূর্ণ বিনামূল্যে। কলকাতা পুলিশের ওয়েবসাইটে আবেদনকারীর নাম অনলাইনে নথিভুক্ত করা যাবে। অথবা রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীর নাম, অভিভাবকের নাম, ঠিকানা, বয়স, ফোন নম্বর ও ফটো হোয়াটসঅ্যাপ করুন ৯৭৪৮৪৩৮১৬৫ নম্বরে। নাম নথিভুক্তের জন্য আবেদন প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে।

# কলেজে আজ কর্মবিরতি, পাল্টা আহ্বাণ ওয়েবকুপার

কলকাতা, ১৯ নভেম্বর (হি. স.) : বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সুপারিশ মেনে ২০১৬ থেকেই সপ্তম বেতন কমিশনের হারে বেতন দিতে হবে। এই দাবিতে ওয়েবকুটা, জুটা, কুটা এবং আবুটা মঙ্গলবার রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতির ডাক দিয়েছে। সারা বাংলা বিশ্ববিদ্যালয় শিক্ষক সংগঠন (আবুটা) ও যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সংগঠন (জুটা) কাল, বুধবারও এই কর্মবিরতি চালিয়ে যাবে বলে জানিয়েছে। যাদবপুরের কলা বিভাগের ছাত্র সংগঠনও জুটা-র দু''দিনের কর্মবিরতিকে সমর্থন জানিয়েছে। বুধবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মূল প্রশাসনিক কার্যালয়, অরবিন্দ ভবনের সামনে দুপুর ১টা থেকে কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের এক কেন্দ্রীয় জমায়েত ও বিক্ষোভ কর্মসূচীর ডাক দিয়েছে আবুটা। সংগঠনের সাধারণ সম্পাদক গৌতম মাইতি জানান, "এমএইচআরডি/ইউজিসি সপ্তম সংশোধিত বেতনক্রম (প্রাপ্য সব বকেয়া ও অন্যান্য সুযোগ-সুবিধাসহ) ১-০১-২০১৬ থেকে সম্পূর্ণরূপে কার্যকর করা, বিশ্ববিদ্যালয়গুলির স্ট্যাচুটরি বডিগুলিতে নির্বাচিত প্রতিনিধিত্বের সংস্থান কার্যকর করার জন্য স্ট্যাচুট সংশোধনের ডাক দেওয়া হয়েছে। চুক্তিভিত্তিক শিক্ষকদের জন্য সুনির্দিষ্ট বেতন কাঠামো চালু, অগণতান্ত্রিক ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিস অ্যান্ড কলেজেস (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড রেগুলেশন) অ্যাক্ট ২০১৭, এবং কেন্দ্রীয় সরকারের জনবিরোধী জাতীয় শিক্ষানীতি ২০১৯ বাতিলের দাবিতে ইতিমধ্যে আবুটার পক্ষ থেকে রাজ্যব্যাপী কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি ও বিক্ষোভ কর্মসূচী পালন করার আহ্বান জানানো হয়েছে। এই সঙ্গে, রাজ্য ও বিশ্ববিদ্যালয় স্তরের অন্যান্য দায়িত্বশীল শিক্ষক সংগঠনগুলিও ইতিমধ্যে একই উদ্দেশ্যে কেউ ১৯শে নভেম্বর, আবার কেউ-বা ২০শে নভেম্বর, অথবা উভয় দিনেই কর্মবিরতি ও বিক্ষোভ কর্মসূচীর ডাক দিয়েছে। পাশাপাশি, আবুটা যাদবপুর বিশ্ববিদ্যালয় শাখা, জুটা এবং 'ওয়েবকুটা' যাদবপুর বিশ্ববিদ্যালয় শাখা যুক্তভাবে পূর্ব ঘোষিত সিদ্ধান্ত অনুসারে আগামী ১৯-২০ নভেম্বর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পূর্ণদিবস কর্মবিরতি ও উভয়দিনেই দুপুর ১টা থেকে ৪টা পর্যন্ত বিক্ষোভ কর্মসূচীর ডাক দিয়েছে।"
শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় অবশ্য জানিয়েছেন, আলোচনার জন্য তাঁর দরজা সব সময় খোলা।

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# ভুয়ো পুলিশ সেজে প্রতারণা, গ্রেফতার মহিলা-সহ দু''জন

বারুইপুর, ১৯ নভেম্বর (হি.স.): ভুয়ো পুলিশ সেজে প্রতারণার অভিযোগে এক মহিলা-সহ দু''জনকে গ্রেফতার করল দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানার পুলিশ। ধৃতদের নাম সায়নী ঘোষ ও দীপ নাটিক। সোমবার রাতে বারুইপুর থানার অন্তর্গত মদারাট এলাকা থেকে দু''জনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে নকল পুলিশের পোশাক ও একটি পুলিশ লেখা স্কুটি।
পুলিশ সূত্রে খবর, এলাকার মানুষ দীর্ঘদিন ধরেই অভিযোগ করছিল যে সায়নী নিজেকে বারুইপুর মহিলা থানার পুলিশ কর্মী ও দীপ নিজেকে বারুইপুর থানার সিভিক ভলেন্টিয়ার পরিচয় দিয়ে এলাকা থেকে তোলাবাজি করছে। এই অভিযোগ পেয়ে বারুইপুর মহিলা থানার পুলিশ কর্মীরা ঘটনার তদন্তে নামে। সোমবার রাতে মদারাট এলাকা থেকে গ্রেফতার করা হয় এই দু''জনকেই। ধৃতদের কাছ থেকে পুলিশ লেখা স্কুটি উদ্ধার হয়েছে। উদ্ধার হয়েছে পুলিশের পোশাকও। ধৃতদের জেরা করে পুলিশ জানতে পেরেছে, নাটকের পোশাক ভাড়া দেওয়ার দোকান থেকে ওই পোশাক ভাড়া করেছিল অভিযুক্তরা। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ধৃতদেরকে মঙ্গলবার বারুইপুর মহকুমা আদালতে তোলা হবে।

# বারুইপুরে স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন, পলাতক স্বামী

বারুইপুর, ১৯ নভেম্বর (হি.স.): পারিবারিক বিবাদের জেরে স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুনের অভিযোগ উঠল স্বামীর বিরুদ্ধে। সোমবার রাতে চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানার অন্তর্গত মল্লিকপুর আমবাগান এলাকায়। নিহত মহিলার নাম, জুলেখা বেগম ওরফে নার্গিস (৩২)। অভিযোগ, স্ত্রীকে খুন করার পর থেকেই পলাতক অভিযুক্ত স্বামী সেখ আকবর আলি ওরফে আরমান। সোমবার রাতে বারুইপুর থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। অভিযুক্তের খোঁজে তল্লাশি শুরু করেছে বারুইপুর থানার পুলিশ।
পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, পেশায় মাংস ব্যবসায়ী আরমান। নার্গিস আয়ার কাজ করতেন। তাঁদের দু''টি সন্তানও রয়েছে। গত দু''মাস ধরে মল্লিকপুর এলাকায় ভাড়া থাকত এই পরিবারটি। কিন্তু, গত তিন চারদিন ধরে স্বামী-স্ত্রীর মধ্যে অশান্তি লেগেছিল। আরমান বহিরাগত যুবকদের বাড়িতে নিয়ে এসে মদ্যপানের আসর বসাত। বাড়িতে মদের আসরের প্রতিবাদ করেছিল নার্গিস। তা নিয়েই কার্যত দু''জনের মধ্যে অশান্তি চলছিল। এছাড়াও, বাড়ি ভাড়ার রসিদ কার নামে হবে তা নিয়ে বিবাদ চলছিল স্বামী-স্ত্রীর মধ্যে। আর সেই অশান্তির জেরেই নার্গিসকে গলায় ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে খুন করে বলে অভিযোগ।
সোমবার সন্ধ্যায় বাড়িতে কেউ ছিলেন না। নার্গিসের দুই সন্তান প্রাইভেট টিউশন পড়তে গিয়েছিল। বাড়ির পাশে জলসা হওয়ায় সেখানে গিয়েছিলেন বাড়িওয়ালারা। সেই সুযোগেই মাংস কাটার চপার দিয়ে নার্গিসের গলায় একাধিক আঘাত করে আরমান। ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। এরপর নার্গিসের মা আবেদা বেগমকে ফোনে আরমান জানায় নার্গিস বারুইপুর স্টেশনে ট্রেন থেকে পড়ে গিয়েছে। সেখানে গিয়ে আবেদা কিছুই না পেয়ে নার্গিসের বাড়িতে এসে দেখেন ঘরের দরজা বন্ধ। সেই দরজা খুলে ভিতরে ঢুকতেই দেখেন মেয়ের রক্তাক্ত মৃতদেহ পড়ে রয়েছে। তিনি চিৎকার শুরু করলে আশপাশের মানুষজন ছুটে আসেন। খবর দেওয়া হয় বারুইপুর থানায়। বারুইপুর থানার পুলিশ ঘটনাস্থলে এসে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নিয়ে যায়। এই ঘটনায় এলাকার মানুষের মধ্যে নেমে এসেছে শোকের ছায়া। অন্যদিকে, ঘটনার পর থেকে পলাতক আরমানের খোঁজে তল্লাশি শুরু করেছে বারুইপুর থানার পুলিশ।

## রাজ্য সরকার

**পাচের পাতার পর**

আগামী ২৫ নভেম্বর বসবে সর্বদল বৈঠক। বিজনেস অ্যাডভাইজারি অর্থাৎ বিধানসভার কার্যাবলী সংক্রান্ত বৈঠক বসবে ২৪ নভেম্বর। জানালেন পার্থ চট্টোপাধ্যায়।
আগামী ২৬ নভেম্বর থেকে রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে। সূত্রের খবর, দশদিনের জন্য অধিবেশন বসতে চলেছে। যদিও বিধানসভার সচিবালয় থেকে অধিবেশন নিয়ে কোনও বিজ্ঞপ্তি জারি করা হয়নি।

## হারালেন এক যুবক

**পাচের পাতার পর**

সহকর্মীরা। এদিকে কৃষ্ণেন্দু দত্তের অকাল প্রয়াণে জেলাশাসসকের কার্যালয়ে সকাল সাড়ে ১১টায় জেলাশাসক কীর্তি জল্লির পৌরোহিত্য এবং কাটলিছড়া সার্কল অফিসে বিকেল দুটোয় সার্কল অফিসার জেমস আইভের পৌরোহিত্য কর্মচারীদের মধ্যে অনুষ্ঠিত পৃথক পৃথক শোকসভায় প্রয়াতের কর্মময় জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনার পাশাপাশি তাঁর মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়।

## সিআইডি

**পাচের পাতার পর**

অপরাধের তদন্ত করতে গিয়ে কোনও লাভ হচ্ছে না। কারণ, ৯২ দিয়ে যে যে নম্বর শুরু হচ্ছে তা পাকিস্তানের। সেদেশ থেকে প্রতারক নিয়ে আসা কার্যত অসম্ভব। সেই সূত্রেই সিআইডির তরফে সাধারন মানুষকে সতর্ক করার উদ্যোগ নেওয়া হয়েছে।

## কাস্টিংয়ের সিদ্ধান্ত

**পাচের পাতার পর**

হবে। পাশাপাশি যে সব বুথে কেন্দ্রীয় বাহিনী থাকবে না, সেই সব বুথে নিরাপত্তার দায়িত্বে থাকা রাজ্যের সশস্ত্র পুলিশের ভূমিকা নিয়ে যাতে প্রশ্ন না ওঠে, তার জন্য একগুচ্ছ নির্দেশিকাও জারি হতে পারে।
কমিশনের এক শীর্ষ আধিকারিক জানিয়েছেন, অতীতে ভোটের কাজে নিযুক্ত যে সব পুলিশ কর্মী ও আধিকারিকদের বিরুদ্ধে রাজনৈতিক পক্ষপাতিত্বের অভিযোগ উঠেছে, তাঁদের বুথ পাহারা কিংবা কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চে যে কোনওভাবেই সম্পৃক্ত করা যাবে না, তা স্পষ্টই জানিয়ে দেওয়া হবে।

## বিস্তীর্ণ অঞ্চল

**তিনের পাতার পর**

রিখটার স্কেলে কম্পনের মাত্রা ধরা পড়ে ৫.৩। তবে এই কম্পনের জেরে ক্ষয়ক্ষতির কোনও খবর পাওয়া যায়নি।
প্রাথমিক ভাবে পাওয়া খবর অনুযায়ী, মূলত ভারত-নেপাল সীমান্তেই প্রথমে ভূমিকম্প হয়। আর তার রেশই চলে দিল্লি, এনসিআর এবং উত্তর ভারতে। রিখটার স্কেলে এই ভূমিকম্পের তীব্রতা দেখা গিয়েছে ৫.৩। ইউনাইটেড স্টেটস জিওলজিক্যাল সার্ভের রিপোর্ট অনুযায়ী এই ভূকম্পনের উৎসস্থল আসে নেপালের খাপটাদ ন্যাশনাল পার্ক। ভূপৃষ্ঠের ১.৩ কিমি গভীরে কম্পন হয়।
উল্লেখ্য, ২০১৫ সালে ভয়াবহ ভূমিকম্প হয়েছিল নেপালে। সে বার ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছিল গোটা নেপাল। বহু বিল্ডিং ভেঙে পড়ার পাশাপাশি কমপক্ষে ৯ হাজার মানুষের মৃত্যু হয়েছিল।

## ২৩ নভেম্বর

**তিনের পাতার পর**

সমাবেশ করবে। ঢাকায় হবে নয়া পল্টনে কেন্দ্রীয় কার্যালয়ে দুপুর ২টায় এই প্রতিবাদ সমাবেশ হবে।দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৪তম জন্মবার্ষিকী উপলক্ষে বুধবার সারাদেশে দলীয় কার্যালয়গুলোতে দোয়া মাহফিল হবে বলে জানান তিনি।ঢাকায় কেন্দ্রীয়ভাবে নয়া পল্টনের কেন্দ্রীয় কার্যালয়ে ২১ নভেম্বর দোয়া মাহফিল হবে।
বিএনপির যুগ্ম মহাসচিব মজিবুর রহমান সারোয়ার, খায়রুল কবির খোকন, কেন্দ্রীয় নেতা হাবিবুল ইসলাম হাবিব, শহিদউদ্দিন চৌধুরী এ্যানি ও আবদুস সালাম আজাদ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।

## মৃত্যু

**● প্রথম পাতার পর**

বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল থেকে পাওয়া তথ্য অনুযায়ী, বৃষ্টি ও বন্যায় ২,৩৯১ জন মানুষ এবং ১৫,৭২৯টি গবাদি পশুর মৃত্যু হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে ৮,০০,০৬৭টি ঘরবাড়ি।

## কলেজে

**● প্রথম পাতার পর**

দেন বিষয়টি তিনি দেখবেন। তারপরই কলেজের পড়ুয়ারা বিক্ষোভ কর্মসূচী প্রত্যাহার করে। তবে এই বিক্ষোভ কর্মসূচী নিয়ে শুভবুদ্ধি সম্পন্ন মহলে সমালোচনার ঝড় বইছে। কারন পড়ুয়ারা বিষয়টি নিয়ে কলেজের অধ্যক্ষের সাথে এমনিতেই আলোচনা করতে পারতো। কিন্তু তা না করে তারা বিক্ষভে সামিল হয়। যার ফলে এইদিন কলেজের পঠন পাঠন লাটে উঠে।

## রাজ্যপাল

**● প্রথম পাতার পর**

এবং ভূটানের শিল্পীগণ তাদের অভিজ্ঞতা বিনিময় করতে পারবেন।
এদিন রাজ্যপাল বলেন, ত্রিপুরায় প্রচুর বাঁশ উৎপাদন। গুণগত মানের দিকেও ওই বাঁশ খুবই উৎকৃষ্ট। ফলে, ওই বাঁশ দিয়ে উৎপন্ন সামগ্রীও মানুষের ভীষণ পছন্দ হবে।

## কংগ্রেসের

**● প্রথম পাতার পর**

পীযুষ কান্তি বিশ্বাস বলেন, প্রতি বছরের মতোই এবার পিসিসি প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মদিন পালনের উদ্যোগ নিয়েছে। সারা ত্রিপুরায় সমস্ত কংগ্রেস ভবনে কর্মীরা তাঁর জন্মদিন পালন করবেন।
এদিন প্রয়াত প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে দরিদ্র নারায়ণ সেবার আয়োজন করেছিল কংগ্রেস। গরিব মানুষদের আজ খিচুড়ি খাওয়ানোর ব্যবস্থা করা হয়েছিল। এদিকে, সন্ধ্যায় মশাল মিছিল বের করেছিল কংগ্রেস। কংগ্রেস নেতা সুবল ভৌমিক ওই মিছিলে অংশ নিয়ে অভিযোগ করেন, শাসক দল ত্রিপুরায় মানুষের নাভিশ্বাস তুলেছে। জোর করে বিরোধীদের দমিয়ে রাখতে চাইছে।
তিনি বলেন, কংগ্রেস এখন মাঠে নেমেছে। কারোর রক্তচক্ষুকে ভয় করবে না কংগ্রেস। তাঁর অভিযোগ, ত্রিপুরায় কাজের অভাব দেখা দিয়েছে। অথচ, ত্রিপুরা সরকারের বেকারদের জন্য কোন ভাবনা নেই। শুধু ভাষণ দিয়ে বেড়াচ্ছেন মন্ত্রিসভার সদস্যরা, কটাক্ষ করে বলেন তিনি। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, মিছিল-মিটিং-র অনুমতি না দিয়ে কংগ্রেসকে দমিয়ে রাখা যাবে না।

## পৃথক

**● প্রথম পাতার পর**

সেখান থেকে তাকে জিবিতে স্থানান্তর করা হয়। দ্বিতীয় দুর্ঘটনাটি ঘটে বিকেল ৫টা নাগাদ। শিক্ষম অভিজিৎ বাবু স্কুল থেকে বাইক নিয়ে মুঙ্গিয়াকামী থেকে খোয়াই ফিলছিলেন। রামচন্দ্রঘাট বাজারে কাছে আসতেই পিছন দিক থেকে আসা একটি ম্যাক্স গাড়ি বাইককে ধাক্কা দেয়। তাতে বাইক নিয়ে ছিটকে পড়ে ঐ শিক্ষক আহত হন। তাকে উদ্ধার করে খোয়াই জেলা হাসপাতালে পাঠানো হয়। তাকেও জিবিতে স্থানান্তর করা হয়েছে।

## যুবক

**● প্রথম পাতার পর**

হয়। সাংবাদিকদের মুখোমুখি হয়ে কাকড়াবন থানার সাব ইন্সপেক্টর দেবব্রত বিশ্বাস বলেন পুলিশ এই ঘটনায় একটি মামলা নিয়ে ঘটনার তদন্ত করছে। মোহনপুরের বিবেকানন্দ সমাজকল্যাণ কেন্দ্রের উদ্যোগে মঙ্গলবার এক মহতী রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত চৌধুরী। শিবিরের উদ্বোধন করে বিধায়ক সুশান্ত চৌধুরী বলেন, রক্তদানের মধ্যদিয়েপ্রধান ধর্ম পালনের কাজ করেছেন। বর্তমানে ব্লাড ব্যাঙ্কগুলিতে রক্তের সংকট রয়েছে। এই সংকটময় মুহূর্তে রক্তদান শিবির খুবই তাৎপর্যপূর্ণ বলেও তিনি উল্লেখ করেন। রক্তদান সম্পর্কে মানুষের মন থেকে ভীতি দূর করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানানো হয়।

## বাংলাদেশের

**● প্রথম পাতার পর**

পাচার বাণিজ্য বজায় রেখেছে পাচারকারীরা। ফলে, বাংলাদেশ সীমান্ত পুরোটা কাঁটাতারের বেড়া নির্মাণ হলে সীমান্ত সুরক্ষা বাড়বে বলে মনে করা হচ্ছে।

## জব্দ

**● প্রথম পাতার পব**

ভারতে আসার জন্য সাব্রুম সীমান্ত দিয়ে এপাড়ে ঢুকার সময় বিএসএফ-র নজরে আসে। সীমান্ত কর্তব্যরত বিএসএফ জওয়ানরা তাকে আটক করে তল্লাশি চালিয়েছে। পুলিশ জানিয়েছে, ওই নাইজেরিয়ান যুবকের কাছ থেকে একটি ল্যাপটপ, তিনটি মোবাইল, একটি ঘড়ি, নাইজেরিয়ান পাসপোর্ট, নগদ ১২০০ নাইজেরিয়ান মুদ্রা, সন্দেহজনক কালো পাউডার, কিছু সাদা-কালো পেস্ট সহ প্রচুর আপত্তিকর নথি উদ্ধার হয়েছে।
থানার ওই পুলিশ আধিকারিক জানিয়েছেন, বিএসএফ তাকে আটক পুলিশের হাতে তুলে দিয়েছে। তিনি জানান, তার কাগজপত্র পরীক্ষা করে প্রমাণিত হয়েছে ভারতে প্রবেশের ভিসা তার কাছে ছিল না। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

## হ্যাকার

**● প্রথম পাতার পর**

হাকান জানবুরকান ও ফেতেহ আলদেমিরের নামে লুকআউট নোটিশ জারি করেছিল।
স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার রিজিওনাল ম্যানেজার দিব্যেন্দু চৌধুরী জানিয়েছেন, যে এটিএম কাউন্টার হ্যাক হয়েছে সেই কাউন্টারে যাঁরা গেছেন তাঁদের সকলের এটিএম আপাতত ব্লক করে দেওয়া হয়েছে। এছাড়া কয়েকটি সন্দেহজনক এটিএম কাউন্টারে যাঁরা গেছেন তাঁদের এটিএমও ব্লক করে দেওয়া হয়েছে। তাঁর দাবি, নিরাপত্তার জন্যই এই উদ্যোগ নেওয়া হয়েছে। সাথে তিনি যোগ করেন, রাজ্যের সমস্ত এটিএম কাউন্টারে বিশেষ নজরদারি চালানো হচ্ছে। সেক্ষেত্রে এটিএম হ্যাক হওয়ার নতুন কোনও ঘটনা ঘটেনি। এ-বিষয়ে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার রিজিওনাল ম্যানেজার দিব্যেন্দু চৌধুরী আশ্বস্ত করেছেন, কারোর ব্যাঙ্ক অ্যাকাউন্ট হ্যাক করে টাকা চুরি করা হলে ব্যাঙ্কের নির্দিষ্ট নিয়ম মেনে আবেদন জানালে সেই টাকা ফেরত দেওয়া হবে।
সদর এসডিপিও ধ্রুব নাথ জানিয়েছেন, দুই তুর্কি হাকান জাবুরকান ও ফেত্তাহ আলদেমির এবং দুই বাংলাদেশি মহম্মদ হান্নান ও মহম্মদ রাফিকুল ইসলামকে এটিএম হ্যাকিং-এর বেলঘরিয়ায় গ্রেফতার করা হয়েছে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত তাদের আগরতলায় নিয়ে আসা হবে। অন্যদিকে, হ্যাকার ধরা পড়ার খবর পেয়ে অসম পুলিশের একটি দলও কলকাতা পৌঁছেছে বলে জানা গেছে।
অসম পুলিশের উদ্ধৃতি দিয়ে তিনি জানান, এই চক্রটি গুয়াহাটির তিনটি এটিএম হ্যাক করেছিল। ইতিমধ্যে চারজনকে অসম পুলিশ গ্রেফতারও করেছে। পরবর্তীতে হাকান জাবুরকান ও ফেত্তাহ আলদেমির ফটো জারি করে তাদের বিরুদ্ধে লুকআউট নোটিশও জারি করেছিল অসম পুলিশ। ফেত্তাহ আলদেমির বিরদ্ধে বিভিন্ন থানায় ৪৬টি মামলা রুজু নথিভুক্ত রয়েছে। হাকানের কাছ থেকে যে পাসপোর্ট ও ভিসা বাজেয়াপ্ত করা হয়েছে তার নম্বর যথাক্রমে ইউ-২০৪৩৪২৪৯ ও ভিকে-৫৮০১৮৯১, ফেত্তাহের কাছ থেকে বাজেয়াপ্ত করা হয়েছে যথাক্রমে ইউ-১০২৬৬১৮৭ এবং ভিএল-০১৪৬৮০৮ নম্বরের ভিসা।
পুলিশ সূত্রের খবর, ওই হ্যাকারদের বিরাট একটি চক্র গোটা ভারতের বিভিন্ন রাজ্যে ছড়িয়ে রয়েছে। তারাই ত্রিপুরা, অসম, দিল্লি, মুম্বাই এবং দক্ষিণ ভারতে এটিএম হ্যাক করছে। সম্প্রতি তাদের কয়েকজনকে দিল্লী থেকে পুলিশ জালে তুলেছিল। সূত্রের খবর, তুর্কির ওই দুই হ্যাকার আগরতলায় সমস্ত কাজ সেরে গত ১৪ নভেম্বর এয়ার ইন্ডিয়ার সকাল ১১টার বিমানে কলকাতা গেছে। তারা কলকাতায় বসে এটিএম হ্যাক করে মানুষের টাকা লুটেছে। এখন তাদের জিজ্ঞাসাবাদে ওই চক্রের সাথে আর কারা যুক্ত তাদের সন্ধান মিলবে বলে পুলিশ আশা করছে। তবে বাংলাদেশিরাও ওই চক্রের সাথে যুক্ত থাকায় পুলিশের চিন্তা বাড়িয়েছে।

# হেডলাইন্সের শারদ সম্মান ২১শে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯নভেম্বর ।।** হেডলাইস ত্রিপুরা শারদ ও বর্ষপূর্তি অনুষ্ঠান আগামী ২১ নভেম্বর বৃহস্পতিবার আগরতলার রবীন্দ্রভবনের হল নম্বর ১এ অনুষ্ঠিত হবে। বিকেল ৫টা থেকে অনুষ্ঠান শুরু হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। উদ্বোধন করবেন ইন্ডিয়া ফাউন্ডেশনের চেয়ারম্যান রাম মাধব জি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ার সদস্য তথা ভারত সরকারের সাহিত্য একাডেমির সচিব ডাঃ কে শ্রীনিবাস রাও। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট আইনজীবী সঞ্জয় পাল। সভাপতিত্ব করবেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রবীণ সম্পাদক সুবল কুমার দে। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করবেন জাতীয় পুরস্কার প্রাপ্ত শিল্পী রূপঙ্কর বাকচি এবং বাংলাদেশের শিল্পীরা। অনুষ্ঠানে ২০১৯ শারদ উৎসবে বিজয়ী ক্লাবগুলোকে সম্মান জানানো হবে এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মেধাবী ছাত্রদের সম্বর্ধনা জানানো হবে।

# রাজ্যে আসছেন প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ার সদস্য

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯নভেম্বর ।।** রাজ্য সফরে আসছেন প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ার সদস্য তথা ভারত সরকারের সাহিত্য একাডেমির সচিব ডাঃ কে শ্রীনিবাস রাও। আগামী ২১শে নভেম্বর একদিনের সফরে তিনি আগরতলা আসবেন। আগরতলার একটি অনুষ্ঠানে তিনি যোগ দেবেন। পরের দিন তার দিল্লী ফিরে যাওয়ার কথা রয়েছে।

## সাঙ্গ হল লোক সংস্কৃতি উৎসব

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৯নভেম্বর ।।** তথ্য সংস্কৃতি দপ্তর ও তেলিয়ামুড়া পৌর পরিষদের যৌথ উদ্যোগে লোক সংস্কৃতি উৎসব ২০১৯ সাঙ্গ হল তেলিয়ামুড়া টাউন হলে তথা চিত্রাঙ্গদা কলা কেন্দ্রে মঙ্গলবার। গোটা অনুষ্ঠানটি ছিল চূড়ান্ত অব্যবস্থা পূর্ণ। অনুষ্ঠানের নিমন্ত্রণ পত্রে বিকেল ৪টায় অনুষ্ঠান শুরু হওয়ার কথা থাকলেও অনুষ্ঠান শুরু হয় সন্ধ্যা ৬টায়। উক্ত অনুষ্ঠান নিয়ে জনগণে মনে ব্যাপক ক্ষোভ দেখা দিয়েছে।

# অসুস্থ রবীন্দ্রনাথ ঘোষ, শারীরিক অবস্থার খোঁজ নিতে হাসপাতালে রাজ্যপাল

কলকাতা, ১৯ নভেম্বর (হি.স.): অসুস্থ উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষকে দেখতে হাসপাতালে গেলেন রাজ্যপাল জগদীপ ধনকর। উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষের শারীরিক অবস্থার খোঁজ নিতে মঙ্গলবার সকালে এসএসকেএম হাসপাতালে যান রাজ্যপাল। মঙ্গলবার সকাল ন''টা নাগাদ এসএসকেএম হাসপাতালে যান তিনি। যদিও বেশিক্ষণ ছিলেন না। মিনিট পাঁচেক হাসপাতালে রবীন্দ্রনাথবাবুকে দেখেই ফিরে যান রাজ্যপাল। আপাতদৃষ্টিতে, সৌজন্যে সফর হলেও অবাক করা ঘটনা ঘটেছ এদিন। সংবাদমাধ্যমকে এড়িয়ে গেলেন রাজ্যপাল। ভালো-মন্দ কোনও মন্তব্য করেননি।
রাজ্যপালের নিয়মিত সংবাদমাধ্যমের সামনে এসে উত্তর দেওয়ায় দৃঢ় আপত্তি উঠেছিল তৃণমূলের তরফে। সেই জায়গা থেকে হাসপাতালে মঙ্গলবার রাজ্যপালের আসা, মন্ত্রীকে দেখা এবং তারপর চুপচাপ বেরিয়ে চলে যাওয়ায় অন্য রাজনীতির আভাস পাচ্ছে ওয়াকিবহাল মহল। রাজ্যপালের অতি সক্রিয়তা নিয়ে সংসদে সরব হয়েছে তৃণমূল কংগ্রেস। সরাসরি অভিযোগ জানিয়েছে প্রধানমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে। সোমবার, সংসদের শীতকালীন অধিবেশন শুরুতেই রাজ্যপাল নিয়ে রাজ্যসভায় সরব হয় তৃণমূল কংগ্রেস। সোমবারও শিলিগুড়িতে গিয়ে রাজ্য সরকারের বিরুদ্ধে মুখ খুলেছিলেন রাজ্যপাল। কিন্তু, মঙ্গলবার কার্যত ৩৬০ ডিগ্রি ঘুরে নিশ্চুপ থেকে গেলেন তিনি। তাহলে কি কেন্দ্রের তরফে চুপ থাকার বার্তা পেয়েছেন রাজ্যপাল, উঠছে প্রশ্ন।

## শাস্তি চাইছেন স্ত্রী

**আটের পাতার পর**

আমাকে তিন-তালাক দিয়ে অন্য একজন মহিলার সঙ্গে বিয়ে করেছেন স্বামীঊ আশা করছি আমাকে ন্যায়বিচার দেওয়া হবে এবং আমার স্বামীকে উপযুক্ত শাস্তি দেওয়া হবেঊ পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে।

## মুকুল রায়

**আটের পাতার পর**

হাত মিলিয়ে তাঁকে টেলিফোনে নির্দেশ দিচ্ছেন মুখ্যমন্ত্রী। বর্তমানে প্রশাসন চলছে রাজ্য সরকার তথা শাসকদলের কথায়। দক্ষিণ দিনাজপুরের পুলিশ সুপারকে নিজেদের সুবিধার জন্য প্রায় ৫ বছর মুখ্যমন্ত্রী রেখে দিয়েছেন। তাকে 'জেলা সভাপতি' হিসেবেই কার্যত ওই জেলার দায়িত্বে রাখা হয়েছে। এই নির্বাচনকে প্রভাবিত করতেই মুখ্যমন্ত্রী কালিয়াগঞ্জ বিধানসভা এলাকার পাশেই গঙ্গারামপুরে এদিন সভা করছেন। তবে এত কিছুর পরেও তিনটি উপনির্বাচনে বিজেপি বিপুল ভোটে জিতবে।'

## নিহত ১৫

**আটের পাতার পর**

থাকা দুই আরোহীকে লক্ষ্য করে গুলি চালায় এক বন্দুকবাজ। পরে নিজের উপর গুলি চালিয়ে আত্মঘাতীয় হয় ওই বন্দুকবাজ।
ডানকান পুলিশ বিভাগের তরফে থেকে জানানো হয়েছে বন্দুকবাজের গুলিতে গাড়ির মধ্যে থাকা এক ব্যক্তি ও এক মহিলার মৃত্যু হয়েছে। দুইজনেই গাড়ির ফ্রন্টসিটে বসেছিল। গাড়ির বাইরে বন্দুকবাজের দেহ উদ্ধার করা গিয়েছে। এ ঘটনার পর শহরের স্কুলগুলো বন্ধ হয়ে গেছে। পুলিশ ঘটনাস্থল ঘিরে রেখেছে।
এর একদিন আগে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের ফ্রেসনোতে স্থানীয় সময় রবিবার রাতে এক পারিবারিক অনুষ্ঠানে বন্দুক হামলা হয়। এতে গুলিবিদ্ধ ১০ ব্যক্তির মধ্যে পাঁচজন ঘটনাস্থলে নিহত হয়েছেন। হাসপাতালে চিকিৎসাধীন অন্যদের মধ্যেও কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন চিকিৎসকরা।
প্রত্যক্ষদর্শীদের দাবি হ্যান্ডগান দিয়ে ওই বন্দুকবাজ পার্কিংলটে দাঁড়িয়ে গাড়ির মধ্যে থাকা দুইজনকে লক্ষ্য করে মোট ৯ রাউন্ড গুলি চালায়। তারপর আত্মঘাতী হয় ওই ব্যক্তি। মৃতদেহগুলিকে ময়নাতদন্তের জন্য পাঠিয়ে দেওয়া হয়েছে। একটি বন্দুক বাজেয়াপ্ত করা হয়েছে। কি কারণে এই খুন তা তদন্ত করে দেখা হচ্ছে। খতিয়ে দেখা হচ্ছে সিসিটিভি ফুটেজ।

## ধুন্ধুমার

**● প্রথম পাতার পর**

করে দিয়ে প্রধান শিক্ষিকা বলেন বাইসাইকেল প্রদানের কোন ধরনের নির্দেশ দেয়নি তিনি। অভিযোগ পাল্টা অভিযোগে মঙ্গলবার স্কুল চত্বরের পরিবেশ রীতিমতো উত্তপ্ত হয়ে উঠে। স্বামী দয়ালানন্দ স্কুলের এহেন কার্যকলাপ ঘিরে ছাত্র ছাত্রী ও অভিভাবক মহলে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। ঘটনার সুষ্ঠু তদন্তক্রমে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

## রিমান্ডে

**● প্রথম পাতার পর**

দুস্কৃতিকারীরা
এক গৃহবধূর বাড়িতে ঢুকে তাকে বেধড়ক মারধর করে এবং এক পর্যায়ে আগ্নেয়াস্ত্র থেকে গুলি চালায়। তাতে গুরুতর আহত অবস্থায় তাকে জিবি হাসপাতালে ভর্তি করা হয়েছে। মহিলার নাম শিবানী সরকার ওরফে উমা সরকার। তার স্বামী রাজস্থানে নির্মাণ কাজে নিয়োজিত থাকায় সে একাই বাড়িতে থাকে। তার এক মেয়ে ও এক ছেলে রয়েছে। ছেলে পড়াশোনার জন্য বাইরে থাকে। খবর পেয়ে রামনগর ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে ছুটে যায়। ঘটনাস্থল থেকে পুলিশ কয়েকটি কার্তুজের খোল উদ্ধার করে। পুলিশ এখনো ঘটনার প্রকৃত রহস্য ভেদ করতে পারেনি। তবে, আরো একজনকে জালে তুলতে পেরে তদন্তে সহায়ক হবে বলে মনে করা হচ্ছে।

# চার মারতে যেত আর আউট হত, ওর মানসিকতাটা বদলে ছাড়লাম, বলছেন ময়াঙ্কের কোচ

দেশের সেরা নয়। বিশ্বের সেরা। ছাত্র ময়াঙ্ক আগরওয়ালকে বিশ্বের সেরা ব্যাটসম্যান হিসেবেই দেখতে চান তিনি। ইনদওরের ডাবল সেঞ্চুরি গুরু-শিষ্যের সেই সম্মিলিত স্বপ্নে জল-হাওয়া দিচ্ছে বলেই মনে করছেন ডানহাতি ওপেনারের ব্যক্তিগত কোচ আরএক্স মুরলীধর।মঙ্গলবার দুপুরে আনন্দবাজার ডিজিটালকে মোবাইলে তিনি বললেন,''দেখুন, স্টিভ স্মিথ যখন খেলতে শুরু করেছিল,তখন কেউ ভাবতে পারেনি যে আজকের জায়গায় পৌঁছতে পারবে। প্রত্যেকেই শুরু করে একই বিন্দু থেকে। এবং খেলার সঙ্গে সঙ্গে উন্নতি করতে থাকে। যদি তোমার স্বপ্নকে পাগলামি বলে না মনে হয়,তবে সেটা স্বপ্নই নয়। স্বপ্নকে এমন ক্রেজি হতেই হয়। তবেই তো সেটাকে অর্জন করার জন্য ছোটার মধ্যে মজা থাকে। সেটাই গড়ে তোলে চূড়ান্ত মানুষকে। কে বলতে পারে এটা হবে না?''বিরাট কোহালি থেকে স্টিভ স্মিথ,জো রুট থেকে কেন উইলিয়ামসন। হালফিল বিশ্বের সেরা ব্যাটসম্যান বলতে ক্রিকেটপ্রেমীদের চোখে ভাসে এই চেহারাগুলোই। ময়াঙ্কের কোচ কিন্তু আগামী দিনে এঁদের সবাইকে ছাপিয়ে ছাত্রকে শীর্ষে দেখছেন। এবং ছাত্রের মধ্যে এই ইতিবাচক তরঙ্গ ভরে দিয়েওছেন তিনি। ময়াঙ্কের ক্রিকেট কেরিয়ার যখন অফস্টাম্পের বাইরে অনিশ্চয়তার করিডোরে সুইং করে বেরিয়ে যাওয়া বলের সামনে ব্যাট বাড়িয়ে দেওয়া ব্যাটসম্যানের মতোই নড়বড়ে দেখাচ্ছিল,তখন তাঁর রক্ষাকবচ হিসেবে এই পজিটিভ এনার্জিকেই আমদানি করেছিলেন কোচ। আর সেটাই মানসিক সমস্যার অন্ধকার থেকে তুলে এনেছিল ইনদওরের নায়ককে।কেশ রাহুল,করুণ নায়ারদের আগে অনূর্ধ-১৯ জাতীয় দলে সুযোগ পেয়েছিলেন ময়াঙ্ক আগরওয়াল। ক্রিকেটমহলে চিহ্নিত হয়েছিলেন নতুন সহবাগ হিসেবে। কিন্তু,তার পর ক্রমশ হারিয়ে যেতে লাগলেন তিনি। বড় রান আসছিল না। ২০-৩০ রানে আটকে যাচ্ছিলেন। আইপিএলেও ঘটছিল একই ব্যাপার। হতাশা ক্রমশ গ্রাস করছিল। তার মধ্যেই রাহুল-নায়াররা জাতীয় দলের হয়ে খেলে ফেলেছেন। নিজের মধ্যেই সংশয় তৈরি হচ্ছিল ময়াঙ্কের। এই পর্যায়ে কতটা যোগ্য তিনি,প্রশ্ন করছিলেন নিজেকেই।ইনদওরে ডাবল সেঞ্চুরির পর ময়াঙ্ক। ছবি: পিটিআই।আর এখানেই মুরলীধর জোর দিয়েছিলেন ছাত্রের মানসিকতা পাল্টানোয়। শুরু করেছিলেন নতুন ভাবে নেট। কোনও সপ্তাহে হয়তো বললেন যে,উইকেটে আসা বল খেলতে হবে। এটা বললেন না যে উইকেটের বাইরে থাকা বল ছাড়তে হবে। কোচের যুক্তি,''দেখুন, স্টাম্পে থাকা বল খেলা মানে যদি বাইরের বল খেলেও দেয় তা হলে তো আউট হবে না। কিন্তু যদি উল্টোটা বলতাম,বল ছাড়তে ছাড়তে যদি স্টাম্পের বলও ছেড়ে দিত,তা হলে কিন্তু আউট হওয়ার আশঙ্কা। চেষ্টা করতে লাগলাম, গুড হ্যাবিটস গড়ে তোলায়। চাইছিলাম ও যেন নিজে থেকেই সমস্যাগুলোর উত্তর খুঁজে নেয়। আমি ওঁকে একের পর এক প্রশ্নের মুখে দাঁড় করাতে লাগলাম। ও তখন সেগুলো নিয়ে ভাবতে থাকল। প্রশ্নের উত্তর কিন্তু দেওয়া হয়নি। সেগুলো ওর নিজস্ব চিন্তার ফসল। ও ধীরে ধীরে উপলব্ধি করল যে এটা আমার শক্তি। এগুলো আমি ভাল পারি। ও তাই যখন কোনও ভাল স্পেল বা প্রতিকূল কন্ডিশনের মুখে পড়ে,তখন ঘাবড়ে যায় না। সেগুলো থেকে বেরিয়ে আসার রাস্তাটা খোঁজে।''অর্থাত,কী করলে সফল হওয়া যাবে,সেই সিদ্ধান্তে পৌঁছনোটা ছাত্রের উপরই ছেড়ে দিয়েছিলেন কোচ। তিনি শুধু চাইতেন,নেটে প্রতিনিয়ত নানা রকম চ্যালেঞ্জের মুখে ময়াঙ্ককে ফেলতে। যাতে সেই চ্যালেঞ্জ টপকে রান করার পথ নিজেই বের করে নেওয়া যায়। কোচের কথায়,''শরীরের সঙ্গে তো মনের সম্পর্ক রয়েছে। মন যা ভাবছে,সে ভাবেই চলে শরীর। তাই মনে যদি উতকণ্ঠা,ভয়,উদ্বেগ,রান না-পাওয়া,দলে নির্বাচিত না-হওয়া আসতে থাকে,তখন শরীরও নেতিবাচক ভাবে সাড়া দেয়। আর মনে যদি খুশি-শান্তি থাকে,যদি নিজের অ্যাপ্রোচ নিয়ে ভাবনা পরিষ্কার থাকে,সাফল্য নিয়ে সংশয় না থাকে,তবে রানও আসবে। ব্যাটিং কিন্তু সাবকনসাস অ্যাক্ট। এটা পুরোটাই মানসিক। সেকেন্ডের ভগ্নাংশে তো একটা বল খেলতে হয়। তার মধ্যেই সিদ্ধান্ত নিতে হয়। সেই কারণেই এমন ভাবে ট্রেনিং করিয়েছি যাতে অবচেতন মনেও ঠিক সিদ্ধান্ত নিতে পারে। প্র্যাকটিস মন দিয়ে করো,প্রস্তুতিতে ভরসা রাখো,তার পর সব ভাবনা ছুড়ে ফেলে দাও। এটাই সাফল্যের মন্ত্র।''কেন উদ্বেগ আসছে ময়াঙ্কের মনে,সেটাই এক সময় খুঁজে বের করেছিলেন। আর তা যে এখনও আসে না,এমন মোটেই নয়। কিন্তু তার বিরুদ্ধে বর্ম হয়ে উঠছে ট্রেনিং। ময়াঙ্ক জানেন, কী ঘটছে আর কী করেই বা তার



থেকে উদ্ধার মিলবে। এখন তাই তিনি অনেক শান্ত, অনেক খুশিও। আগে সফল হওয়ার জন্য মরিয়া প্রয়াস থাকত। আর সেটাই বিপদ ডেকে আনত। সেই ছটফটানি এখন নেই। যেন পুনর্জন্ম ঘটেছে। নিজেকে আবিষ্কার করেছেন নতুন ভাবে। আর শেষ পাঁচ ইনিংসে দুটো দ্বিশতরানের রহস্য সেটাই।এক সময় ছাত্রকে মুরলীধর বলেছিলেন যে ইনিংসে কতগুলো সিঙ্গলস রয়েছে,তা গুনতে। কেন,ফাঁস করলেন নিজেই,''ও হল বাউন্ডারি হিটার। বাউন্ডার মারতে ভালবাসে ছোট থেকে। দ্রুত বলকে সীমানায় পাঠানোতেই আনন্দ। আর সেটা করতে গিয়ে আউট হয়ে যেত। ধারাবাহিকতা থাকত না। দেখতে দারুণ লাগলেও বড় রান আসত না। আমি সেই মানসিকতা পাল্টাতে মরিয়া ছিলাম। তাই ওর ব্যাটিং থেকে বাউন্ডারির গুরুত্ব কমাতে জোর দিলাম খুচরো রানে। বললাম,কতগুলো সিঙ্গলস নেওয়া হয়েছে,তা গুনতে। ও হয়ত বলল, আজ ৩০টা সিঙ্গলস নিয়েছে। দেখা গেল তার ফলে করেছে হয়ত ৮০।এ বার সেটাকে একশোয় নিয়ে যেতে হত। একশোকে করতে হত দেড়শো।''কোচের মতে স্কিলের দিক থেকে ময়াঙ্কের খামতি ছিল না। দুর্বলতা যদি থেকে থাকে,তবে তা ওই মানসিকতাতেই। ছাত্রকে বুঝিয়ে ছিলেন,জীবনে যাই করতে চাও না কেন,সেটাকে ভেবে ফেলতে হবে। ভিসুয়ালাইজ করতে হবে। তবেই তা ঘটানো সম্ভব বাস্তবে। কোচের মতে,মাঝের যে দুই বছরে রান পাচ্ছিলেন না ময়াঙ্ক, সেটাই তৈরি করেছিল তাঁকে। মুরলীধর বললেন,''এখন ৮০তে পৌঁছলেই ওর মনে ফিরে আসে যন্ত্রণার সেই দিনগুলোর কথা। সহবাগ বলা হচ্ছিল ওকে। অথচ, এক সময় উপলব্ধি করল যে পিছিয়ে পড়েছে। বড় রান আসছে না। রাহুল-করুণরা এগিয়ে গিয়েছে অনেকটা। এটা মস্ত বড় মানসিক ধাক্কা হয়ে উঠেছিল। অন্য কেউ হলে হয়ত ছেড়েই দিত। কিন্তু ও পরিশ্রম দ্বিগুণ করে ফেলেছিল। এখন প্রচণ্ড খাটে। আর সেই কারণেই অল্প রানে সন্তুষ্ট হয় না। থামতে চায় না। দেখুন,একজন ব্যাটসম্যান সারা বছরে বড় জোর দশটা ভাল দিন পায়। তাই যে দিন ব্যাটিং খুব ভাল হচ্ছে,সে দিন বড় রান করতেই হবে।''ময়াঙ্ক তা করেও দেখিয়েছেন। পরের লক্ষ্য সামনে টাঙিয়েও ফেলেছেন। তা হল নিজেকে ঘষা-মাজা করতে থাকা। উন্নতির রাস্তায় থাকা। বেটার অ্যান্ড বেটার। উতকর্ষের পিছনে নিরন্তর দৌড়নো। এই দৌড়ের শেষ স্টেশন অবশ্যই বিশ্বের সেরা ব্যাটসম্যানের শিরোপা। পৌঁছনোর নিশ্চয়তা অবশ্যই নেই, কিন্তু যে কোনও সাফল্যের শর্ত একমাত্র সাধনা। ময়াঙ্ককে কিন্তু সাধনায় মগ্ন পূজারির মতোই লাগছে।

# কমলপুরে ৫টি ছাত্রাবাসে ক্রীড়া সামগ্রী বিতরণ

**কমলপুর।।** কমলপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে সম্পতি ৫টি উপজাতি ছাত্রাবাসে কিচেন গার্ডেন তৈরীর জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। উপজাতি কল্যাণ দপ্তুরের বরাদ্দকৃত অর্থে মহকুমার অন্তর্গত ৫টি ছাত্রাবাসের প্রত্যেকটিকে ১০,০০০ টাকা করে দেওয়া হয়েছে। এই ছাত্রাবাসগুলি হল কমলপুর বয়েজ স্কুল, মানিকভাণ্ডারের হরচন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, মরাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, বামনছড়া ইংরেজী মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং কমলপুর কে সি গার্লস দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রী নিবাস। এই অর্থে প্রতিটি ছাত্রাবাসে ছাত্রছাত্রীদের জন্য সব্জি বাগান করা হবে। উল্লেখ্য এই ছাত্রাবাসগুলিতে মোট ৩৮৫ জন ছাত্র-ছাত্রী পড়াশুনা করছে।

এছাড়া সম্পতি উপজাতি কল্যাণ দপ্তর থেকে কমলপুর মহকুমা প্রশাসনের মাধ্যমে এই ৫টি উপজাতি ছাত্রাবসের ছাত্র-ছাত্রীদের জন্য ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৩২ হাজার ৫০০ টাকা। মহকুমা শাসকের কার্যালয় সূত্রে এই তথ্য জানানো হয়েছে।

# প্রতিপক্ষকে ৯ গোল দিয়ে নতুন রেকর্ড ইতালির

পালেরমো: ইউরো কোয়ালিফায়ারে দাপুটে জয় ইতালির। আর্মেনিয়ার বিরুদ্ধে একতরফা জয়ের পথে বেশ কয়েকটি রেকর্ড গড়ল আজুরি। পালেরমোর রেঞ্জো বারবারা স্টেডিয়ামে আর্মেনিয়াকে ৯-১ গোলে বিধ্বস্ত করল ইতালি। সেই সঙ্গে ইউরো কোয়ালিফায়ার অভিযান অত্যন্ত ইতিবাচক ভাবে শেষ করল রবার্তো মানচিনির দল। এই জয়ের সুবাদে ইতালি প্রথমবার ইউরো কোয়ালিফায়ারের সব ম্যাচ জয়ের বিরল রেকর্ড গড়ল।ইতালির ফুটবল ইতিহাসে এই প্রথমবার কোনও ম্যাচে ৭ জন ফুটবলার প্রতিপক্ষের জালে বল জড়ায়। সিরো ইমোবিল ও নিকোলো জানিওলো ম্যাচে দু''টি করে গোল করেন। ইতালির বাকি ৫টি গোল আসে নিকোলো বারেলা, আলেসিও রমাগ্নলি, জোরগিনহো, ফেডেরিকো সিয়েসা ও অভিষেককারী রিকার্ডো ওরসোলিনির পা থেকে। আর্মেনিয়ার



হয়ে শেষ মুহূর্তে সান্ত্বনার গোল করেন এডগার বাবাইয়ান।ম্যাচের ৮ মিনিটের মাথায় ইমোবিল ইতালির হয়ে গোলের খাতা খোলেন। ৯ মিনিটে জানিওলো স্কোর-লাইন ২-০ করেন। ২৯ মিনিটে বারেলার গোলা ৩-০ এগিয়ে যায় ইতালি। ৩৩ মিনিটে ইমোবিল নিজের দ্বিতীয় ও দলের চতুর্থ গোল করেন। প্রথমার্ধের খেলা শেষ হয় ইতালির অনুকূলে ৪-০ গোলে।৬৪ মিনিটে জানিওলো ম্যাচে নিজের দ্বিতীয় গোল করেন। ইতালি ৫-০ গোলে এগিয়ে। ৭২ মিনিটে রমাগ্নলি ইতালির হয়ে ষষ্ঠ গোল করেন। ৭৫ মিনিটে পেনাল্টিতে আজুরির সপ্তম গোল আসে জোরগিনহোর পা থেকে। ৭৭ মিনিটে ওরসোলিনি ইতালির অষ্টম গোল করেন। ৭৯ মিনিটে বাবাইয়ান আর্মেনিয়ার হয়ে একমাত্র গোলটি করেন। ৮১ মিনিটে ম্যাচে ইতালির নবম তথা শেষ গোলটি করেন সিয়েসা।এই নিয়ে মোট ৪ বার ইতালি কোনও ম্যাচে ৯ বা তার বেশি গোল করল। শেষ মুহূর্তে আর্মেনিয়া গোল না করলে এটি ইতালির বৃহত্তম ব্যবধানে ম্যাচে জয়ের পুরনো রেকর্ডকে ছুঁয়ে ফেলত। এর আগে ১৯২০ সালে প্রীতি ম্যাচে ফ্রান্সকে ৯-০ গোলে হারিয়েছিল ইতালি। ১৯৪৮ সালে লন্ডন অলিম্পিকে আমেরিকাকে একই ব্যবধানে পরাস্ত করে আজুরি। ১৯২৮ সালে আমস্টারডাম অলিম্পিকে মিশরকে ১১-৩ গোলে পরাজিত করে ইতালি।এর আগে মাত্র ৪টি দল ইউরো কোয়ালিফায়ারে ৯টি''র বেশি গোল করেছে। সবচেয়ে বেশি ১৩টি গোল করার রেকর্ড রয়েছে জার্মানির নামে। ২০০৬ সালে ২০০৮ ইউরোর কোয়ালিফায়ারে সান মারিনোকে ১৩-০ গোলে হারিয়ে নজির গড়ে জার্মানরা।

# গোলাপি বলে সুইংটা কিন্তু খেয়াল রেখো, বার্তা বেলিসের

গোলাপি বলের বিপ্লবের শুরুটা তিনি খুব কাছ থেকে দেখেছেন। ২০১৭ সালে অ্যাডিলেডে ইংল্যান্ড বনাম অস্ট্রেলিয়ার দিনরাতের টেস্টে তিনিই ছিলেন জো রুটদের কোচ। সেই অভিজ্ঞতা থেকে ইংল্যান্ডের প্রাক্তন কোচ ট্রেভর বেলিস একটা সতর্কবার্তা শুনিয়ে রাখছেন মহম্মদ শামিদের """সুইং পাবে ঠিকই, কিন্তু সেই সুইংটাকেনিয়ন্ত্রণ করতে হবে।''''বেলিসের যে শুধু অ্যাডিলেড টেস্টের সময়ই গোলাপি বলের অভিজ্ঞতা হয়েছে, তা নয়। ইংল্যান্ডের মাটিতেও গোলাপি বলের ক্রিকেটের সঙ্গে জুড়ে ছিলেন তিনি। লাল এবং গোলাপি বলের মধ্যে পার্থক্য কী দেখেছেন? বলের রং বদল কতটা প্রভাব ফেলতে পারেখেলাটার উপরে?এই মুহূর্তে আবু ধাবিতে টি-টেন লিগের কোচের দায়িত্বে রয়েছেন বেলিস। আনন্দবাজারের প্রশ্নের জবাবে তিনি বললেন, """এটা দেখেছি, লাল বলের চেয়ে গোলাপি বল বেশি সুইং করে। কিন্তু এখানেই পার্থক্যটা শেষ হয়ে যাচ্ছে না। আরও একটা বড় পার্থক্য আছে। গোলাপি বল একটু অন্য রকম সুইং করে।""সেই অন্য রকম সুইংটা কী? ইংল্যান্ডকে বিশ্বকাপ জেতানো কোচ বুঝিয়ে দিলেন, """গোলাপি বলে সুইংটা কিন্তু সব সময় হিসাব মেনে চলে না। মানে পেসাররা নিয়ন্ত্রণ করতে পারে না সুইংটা। ওরা নিশ্চিত করে বলতে পারে না, কোন দিকে বল সুইং করবে।"" এর পরে আরও একটা অবাক করা কথা বললেন বেলিস। """আমি নিজে এমন কয়েকটা ঘটনা জানি, যেখানে পেসার ইনসুইং বল করতে চেয়েছিল, কিন্তু সেটা আউটসুইং হয়ে যায়। সুইং নিয়ন্ত্রণ করাটা তাই একটা সমস্যা। সেটা করতে পারলে, কিন্তু সুইং বোলাররা ভয়ঙ্কর হয়ে উঠবে।"""ভারতীয় ক্রিকেট মহলে এখন সব চেয়ে আলোচিত বিষয়টি হল ২২ নভেম্বর থেকে শুরু ইডেনে ভারত-বাংলাদেশ দিনরাতের টেস্ট। দু''বছর আগে অস্ট্রেলিয়া-ইংল্যান্ডের দিন রাতের



টেস্টও এই ভাবে শিরোনামে উঠে এসেছিল। অ্যাডিলেডে মিচেল স্টার্ক এবং জিমি অ্যান্ডারসন বিপক্ষ ব্যাটসম্যানদের ত্রাস হয়ে উঠেছিলেন। দু''ইনিংস মিলিয়ে স্টার্ক আটটি, অ্যান্ডারসন ছ''টি উইকেট তুলে নিয়েছিলেন। স্টার্কদের দাপটের কাছে অবশ্য হার মানতে হয়েছিল ইংল্যান্ডকে। সেই টেস্টের কথা উঠতেই বেলিস বলছেন, """অ্যাডিলেডে বল ভাল সুইং করেছিল। স্টার্ক আর অ্যান্ডারসন দু''জনেই ভয়ঙ্কর হয়ে উঠেছিল। জিমি এমনিতে খুব ভাল সুইং বোলার। নিজের সুইংটা নিয়ন্ত্রণ করতে পেরে ও সফল হয়েছিল।''''সেই সুইংটা যদি ইডেনে পেসাররা পান, তা হলে কিন্তু সমস্যায় পড়বেন ব্যাটসম্যানেরা। বেলিস আরও একটা ব্যাপারে সতর্ক করে দিতে চান ব্যাটসম্যানদের। তিনি মনে করেন, দিনরাতের ম্যাচের একটা বিশেষ সময় বল বেশি সুইং করে। """আমি ঠিক কারণটা বলতে পারব না, তবে এটা দেখেছি ঠিক সন্ধ্যার মুখে বল বেশি সুইং করে। ওই সময় কিন্তু সমস্যায় পড়ে যায় ব্যাটসম্যানেরা। একে তো ফ্লাডলাইট জ্বলে উঠলে মানিয়ে নিতে একটু সময় লাগে। তার উপরে সুইং। তাই ওই সময়টা ব্যাটসম্যানদের পক্ষে সমস্যার হয়ে দাঁড়ায়।""""সন্ধ্যা হওয়ার মুহূর্তে যে কিছুটা সমস্যা হয়, তা দিন কয়েক আগেই বলেছিলেন চেতেশ্বর পুজারা। এই ব্যাটসম্যানের ভারতের ঘরোয়া ক্রিকেটে গোলাপি বলে খেলার অভিজ্ঞতা আছে। কিন্তু আন্তর্জাতিক মঞ্চে যে সব ব্যাটসম্যান গোলাপি বলের পরীক্ষায় বসতে চলেছেন, তাঁদের জন্য কী পরামর্শ থাকবে?লিস যে যে পরামর্শ দিচ্ছেন, তা হল: এক, বলটা যতটা বেশি সম্ভব দেরিতে খেলতে হবে। ভাল ব্যাটসম্যানেরা সব সময়ই দেরিতে শট খেলার চেষ্টা করে। কিন্তু এখানে সেকেন্ডের ভগ্নাংশ বেশি অপেক্ষা করতে হবে। দুই, শরীরের চেয়ে বেশি দূরের বলে প্রথম দিকে শট খেলতে যাওয়ার কোনও প্রয়োজন নেই। যতটা সম্ভব শরীরের কাছে বলকে আসতে দিতে হবে। তিন, বাড়তি সতর্ক থাকতে হবে যাতে ব্যাট ও প্যাডের মধ্যে খুব কম ফাঁক থাকে। চার, আড়াআড়ি ব্যাটের শট যতটা সম্ভব ছেঁটেফেলতে হবে।গোলাপি বল নিয়ে আরও একটা কথা উঠছে। বলা হচ্ছে, স্পিনারদের সমস্যা হয়ে যেতে পারে এই বলে। কতটা যুক্তিসঙ্গত এই বক্তব্য? নিজের অভিজ্ঞতা থেকে বেলিস গোলাপি বল নিয়ে একটা কথা বলছেন। তাঁর মতে, """গোলাপি আর লাল বল, এই দুটো দেখে আমার মনে হয়েছে, গোলাপিটা একটু নরম। ব্যাটে লাগার সময় একটু অন্য রকম শব্দ করে। শুধু আমারই নয়, কয়েক জন ব্যাটসম্যানেরও একই ধারণা।"""" এর পরেই হাসতে হাসতে যোগ করেন, """তবে বল প্রস্তুতকারকরা আমার কথা নিশ্চয়ই উড়িয়ে দিতে চাইবেন।"""ইংল্যান্ডে খেলা হয় ডিউকস বলে। অস্ট্রেলিয়ায় কোকাবুরা। ভারতে গোলপি বল তৈরির দায়িত্বে আছে এসজি। পুজারাই কয়েক দিন আগে বলেছিলেন, তিনি আশা করছেন এসজি বলের মান ভালই হবে। বেলিস বলছেন, """এটা ঠিক যে, বল নরম হয়ে গেলে স্পিনারদের গ্রিপ করতে একটু সমস্যা হয়। কিন্তু পাশাপাশি এটাও বলব, ভাল স্পিনারদের কাছে এই ছোটখাটো সমস্যা বড় বাধা হয়ে দাঁড়াবে না।"""" ইংল্যান্ডের বিরুদ্ধে দিনরাতের টেস্টে সেটাই বুঝিয়ে দিয়েছিলেন নেথান লায়ন। দুই ইনিংস মিলিয়ে ছয় উইকেট নিয়ে।সবার শেষে বেলিস এও বলে দিচ্ছেন, """যারা বিশ্বমানের, তাদের কোথাও কোনও সমস্যা হয় না। সে জন্যই তারা বিশ্বমানের।

# *কীভাবে ২০২২ বিশ্বকাপে যোগ্যতা অর্জন করতে পারেন সুনীল ছেত্রীরা?*

আর কিছুক্ষণের মধ্যেই ওমানের বিরুদ্ধে তাদেরই মাঠে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে খেলতে নামছে ভারতীয় ফুটবল দল। এই ম্যাচ জিতলে কাতার বিশ্বকাপে যোগ্যতা অর্জনের সম্ভাবনা জিইয়ে রাখবেন সুনীল ছেত্রীরা। তবে তা সম্ভব করতে আরও কয়েক ধাপ পেরোতে হবে ভারতীয় ফুটবল দলকে।ফিফার নিয়মএই মুহূর্তে এএফসি-র অন্তর্গত কাতার বিশ্বকাপের যোগ্যতা অর্জনের জন্য নির্ধারিত দ্বিতীয় রাউন্ডের ম্যাচ চলছে। ফিফার নিয়ম অনুযায়ী প্রতিটি গ্রুপের চ্যাম্পিয়ন দল সরাসরি পরের রাউন্ডে যাবে। একই সঙ্গে পয়েন্টের নিরিখে যে কোনও চারটি গ্রুপের রানার্স দলকেও পরের রাউন্ডে যাওয়ার ছাড়পত্র দেওয়া হবে।ভারতের সুযোগবিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের দ্বিতীয় রাউন্ডে গ্রুপ ই-তে রয়েছে ভারত। এই বিভাগে বিশ্বকাপের আয়োজক কাতারও খেলছে। ফিফার নিয়ম অনুযায়ী আয়োজক দেশ বরাবারই টুর্নামেন্টে সরাসরি খেলার সুযোগ পায়। এর অর্থ, গ্রুপ ই-তে লড়াই হবে বাকি চার দলের মধ্যে। পয়েন্টের নিরিখে এই মুহূর্তে গ্রুপে চার নম্বর জায়গায় রয়েছে ভারতীয় ফুটবল দল। কাতারকে সরিয়ে রাখলে গ্রুপের রানার্স দল হিসেবে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের পরবর্তী রাউন্ডে যাওয়ার সুযোগ আছে সুনীল ছেত্রীদের সামনে।ভারতের সামনে ম্যাচবিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের দ্বিতীয় রাউন্ডের প্রথম ম্যাচ ওমানের কাছে ২-১ গোলে হারে ভারত। কাতার (অ্যাওয়ে), বাংলাদেশ (হোম) ও আফগানিস্তানের (অ্যাওয়ে) সঙ্গে ড্র করেন সুনীল ছেত্রীরা। ফিরতি ম্যাচ আজ ফের ওমানের (অ্যাওয়ে) মুখোমুখি হচ্ছে ভারত। এখনও কাতার (হোম), বাংলাদেশ (অ্যাওয়ে) ও আফগানিস্তানের (হোম) ফিরতি ম্যাচ খেলা বাকি সুনীলদের।ওমানের সামনে ম্যাচভারতের ম্যাচ বাদ দিলে আফগানিস্তান, কাতার ও বাংলাদেশের বিরুদ্ধে খেলবে ওমান। ভারতকে ২০২২ বিশ্বকাপের যোগ্যতা অর্জনের পথে আরও একধাপ এগোতে গেলে ওমানকে কোনও এক ম্যাচ হারতেই হবে।

# কোথায় হবে ভারত-পাকিস্তান ডেভিস কাপের ম্যাচ? ধন্দ দূর করল আইটিএফ

ভারত আর পাকিস্তানের মধ্যে ডেভিস কাপ ম্যাচের জায়গা নিয়ে ধন্দ দূর করল আন্তর্জাতিক টেনিস সংস্থা (আইটিএফ)। কাজখস্তানের রাজধানী নুর সুলতানে এই ম্যাচ হবে বলে জানানো হয়েছে সংস্থার তরফে।প্রথমে ঠিক ছিল এই ম্যাচ খেলতে পাকিস্তানে যেতে হবে ভারতকে। কিন্তু পাকিস্তানে নিরাপত্তা সংক্রান্ত সমস্যার জন্য গত ৪ নভেম্বর আইটিএফ জানিয়ে দিয়েছিল পাকিস্তান থেকে এই ম্যাচ সরানো হবে।তবে ম্যাচটি কোথায় হবে, সেই নিয়ে ধন্দ বজায় ছিল। পাকিস্তানে যে ম্যাচটি হবে না, সেটা বোঝাই গিয়েছিল। তাই আইটিএফের কাছে ম্যাচ সরানোর বিরুদ্ধে প্রতিবাদ করে পাকিস্তান টেনিস সংস্থা।তবে তাদের প্রতিবাদ কানে তোলেনি আইটিএফ।

# ব্রাজিল বনাম দক্ষিণ কোরিয়া আন্তর্জাতিক বন্ধুত্ব ম্যাচ কখন, কোথায় দেখা যাবে?

মঙ্গলবার রাত সাতটায় আবুধাবির মোহাম্মাদ বিন জায়েদ স্টেডিয়ামে আন্তর্জাতিক বন্ধুত্ব ম্যাচে মুখোমুখি হচ্ছে ব্রাজিল ও দক্ষিণ কোরিয়া ()। এককথায় ব্যর্থতার মধ্যেই রয়েছে ব্রাজিল, গত গ্রীষ্মে কোপা আমেরিকা বিরুদ্ধে নেমে জয় ছিনিয়ে নিয়েছিল। আর একেবারে সর্বশেষ ধাক্কাটি দেয় আর্জেন্টিনা, সেবার ১-০ গোলে হারতে হয়েছিল ব্রাজিলকে। তাই আবুধাবিতে দক্ষিণ কোরিয়ার বিপরীতে নামার আগে কোচ টাইট বেশ খানিকটা চাপের মধ্যেই রয়েছেন। অন্যদিকে আজকে বন্ধুত্ব ম্যাচে জেতার নিরিখে একেবারে সুষম জায়গায় রয়েছে প্রতিপক্ষ দক্ষিণ কোরিয়া। সাম্প্রতিক অতীতে জার্মানির মতো দলকে পরাস্ত করে মানসিকভাবেও ফেভারিটের আসনে রয়েছে দক্ষিণ কোরিয়া।বলা বাহুল্য ফিফার এই ম্যাচ কিন্তু ভারতের কোনও টিভি চ্যানেলে দেখা যাবে না। তবে বর্ণময় জেতার ইতিহাসকে মনে রেখে দক্ষিণ কোরিয়াকে ঠিক কীভাবে ব্রাজিল মোকাবিলা করে তা দেখতে মুখিয়ে আছেন ভারতীয় ফুটবল প্রেমীরা। ইতিমধ্যেই অনেকে আবুধাবির মোহাম্মাদ বিন জায়েদ স্টেডিয়ামে পৌঁছে গিয়েছেন। প্রবেশদ্বার উন্মুক্ত হলেই বৈধ টিকিট নিয়ে ঢুকে পড়বেন। ফেভারে থাকা দক্ষিণ কোরিয়া নাকি দেওয়ালে পিঠ ঠেকে যাওয়া ব্রাজিল কে হয় এদিনের বাজিগর।ব্রাজিল বনাম দক্ষিণ কোরিয়া ম্যাচের সময়-ব্রাজিল বনাম দক্ষিণ কোরিয়া ম্যাচ ১৯ নভেম্বর ভারতীয় সময় রাত ৭টার সময় শুরু হবে।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল জনসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, পরিবহন দপ্তর কর্তৃক অনুমোদিত ডিলার এবং মডেল ব্যতিত কোনো নাগরিক যদি ই-রিক্সা ক্রয় করেন বা কোনো ব্যক্তি ডিলার না হয়ে যদি কোনো ই-রিক্সা বিক্রি করেন সেই ক্ষেত্রে পরিবহন দপ্তর কোনো দায়িত্ব নেবে না।

আগামী ১লা জানুয়ারি, ২০১৯ ইং হইতে নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন) ব্যতিত কোনো ধরনের ই-রিক্সা/ই-কার্ট রাস্তায় চলাচল করতে পারবে না।

যে সকল ই-রিক্সা/ই-কার্ট এর চালক/মালিকগণ এখনও ত্রিপুরা সরকারের পরিবহন দপ্তরের অধীনে নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন) করেননি, তাদেরকে আগামী ৩১ শে ডিসেম্বর ২০১৯ইং মধ্যে নিবন্ধীকরণ করে নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

পরিবহন দপ্তর কর্তৃক অনুমোদিত ডিলারদের নাম, ঠিকানা এবং অনুমোদিত মডেলের তালিকা ইত্যাদি পরিবহন দপ্তর এবং জেলা পরিবহন দপ্তরের অফিসে পাওয়া যাবে।

পরিবহন দপ্তরের ই-মেইল : www.tripuratransport@gmail.com

ICA/D-1281/2019-20

অবর সচিব
পরিবহন দপ্তর

প্লাস্টিক দূষণ সভ্যতার আতংক-তাই বর্জন করুন একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক।

## Tripura State AIDS Control Society

No.F3(5-18)/PROC/ART&ICTC/TSACS/2018-19/ 5680-86 November. 19/11/2019

**Expression of Interest (EOI) 2nd Call**

Sealed EOI in two (2) bid system is hereby invited by the Project Director, Tripura State AIDS Control Society, Agartala, Tripura from the resourceful and reliable experienced Agencies/Owners/or their authorized agencies for printing & Binding of different Register to be used in ART & FI-ART Centres throughout the state. The detailed information, terms & conditions and description, specification and list of items etc. may by collected from the office of the undersigned (from Procurement section) on may working day between 11a.m to 4 p.m. of 27th November, 2019 or can be down loaded the same from the website, www.health.tripura.gov.in The last date of receiving quotation is upto 4 p.m. of 28th November, 2019 and will be opened on 29th November 2019 at 3.30 PM. if Possible.

**(Dr. P.K. Majumder)**
**Project Director**
**Tripura State AIDS Control Society**
**Agartala : Tripura.**

CMYK

জাগরণ 20 November, 2019, Wednesday আগরতলা ২০ নভেম্বর, ২০১৯ ইং, ■ ৩ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ, বুধবার

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2018- 2020



# সিয়াচেনে তুষার-ধসে মৃত্যু ৪ জন সেনা জওয়ান-সহ ৬ জনের, ব্যথিত প্রতিরক্ষা মন্ত্রী

নয়াদিল্লি, ১৯ নভেম্বর (হি.স.): সিয়াচেন হিমবাহে তুষার-ধসের জেরে বরফের নীচে চাপা পড়ে প্রাণ হারালেন ভারতীয় সেনাবাহিনীর ৪ জন জওয়ান-সহ মোট ৬ জন। মৃতদের মধ্যে রয়েছেন দু''জন পোর্টার। বরফের নীচে চাপা পড়ে ৪ জন সেনা জওয়ান এবং দু''জন পোর্টারের অকাল মৃত্যুতে গভীর দুঃখপ্রকাশ করেছেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। ব্যথিত রাজনাথ সিং শোকপ্রকাশ করে জানিয়েছেন, ''সিয়াচেনে তুষার-ধসে সেনা জওয়ান এবং পোর্টারের মৃত্যুতে ব্যথিত। তাঁদের সাহসিকতার জন্য স্যালুট জানাচ্ছি। পরিবারের প্রতি হৃদয় বিদারক সমবেদনা।''

তুষার-ধসের পর সোমবার বিকেলে সিয়াচেন হিমবাহে আটকে পড়ে ভারতীয় সেনার একটি দল। বিকেল সাড়ে তিনটে নাগাদ সিয়াচেন হিমবাহের উত্তর প্রান্তে ধস নামে। প্রায় ১৯০০০ ফুট উচ্চতায় জওয়ানদের টহলদারি দল মোতায়েন ছিল। তাঁদেরই বেশ কয়েকজন আটকে পড়েন হঠাৎ ধস নামায়। আটকে পড়া জওয়ানদের উদ্ধার করা হলেও ৪ জন জওয়ান এবং দু''জন পোর্টারকে প্রাণে বাঁচানো সম্ভব হয়নি।

ভারতীয় সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, বরফের নীচ থেকে ৮ জনকেই উদ্ধার করা হয়। অত্যন্ত আশঙ্কাজনক অবস্থায় ৭ জনকে হেলিকপ্টারে উদ্ধার করে নিকটবর্তী মিলিটারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু, প্রবল ঠাণ্ডার কারণে ৪ জন জওয়ান এবং দু''জন পোর্টারের মৃত্যু হয়েছে। অপরজন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।



মঙ্গলবার ইন্দিরা গান্ধীর ১০২তম জন্মদিন পালন করে রাজ্য কংগ্রেস। ছবি- নিজস্ব।

## পরপর ছ'দিন মহার্ঘ্য পেট্রোল, খানিকটা বাড়ল ডিজেলের দামও

কলকাতা ও নয়াদিল্লি, ১৯ নভেম্বর (হি.স.): ফের বাড়ল পেট্রোলের দামঊ মহার্ঘ্য হল ডিজেলওঊ এই নিয়ে পরপর ছ'দিন দিল্লি, কলকাতা, মুম্বই ও চেন্নাই-চারটি মেট্রো সিটিতে দামি হয়েছে পেট্রোলঊ মঙ্গলবার দাম বেড়েছে ডিজেলেরওঊ মঙ্গলবার দিল্লিতে লিটার প্রতি ০.১৫ পয়সা, কলকাতায় ০.১৫ পয়সা, মুম্বইয়ে ০.১৫ পয়সা এবং চেন্নাইয়ে ০.১৬ পয়সা করে বেড়েছে পেট্রোলের দামঊ উপরোক্ত চারটি মেট্রো সিটিতে ডিজেলের দাম বেড়েছে ০.০৫ পয়সা।

দাম বাড়ার পর দিল্লিতে মঙ্গলবার পেট্রোল বিক্রি হয়েছে ৭৪.২০ টাকা প্রতি লিটার দরে, কলকাতায় ৭৬.৮৯ টাকা, মুম্বইয়ে ৭৯.৮৬ টাকা এবং চেন্নাইয়ে ৭৭.১৩ টাকাঊ দিল্লি, কলকাতা, মুম্বই ও চেন্নাইয়ে লিটার প্রতি ডিজেল বিক্রি হয়েছে-৬৫.৮৪ টাকা (দিল্লি), ৬৮.২৫ টাকা (কলকাতা), ৬৯.০৬ টাকা (মুম্বই) এবং চেন্নাইয়ে ৬৯.৫৯ টাকা।

## দ্রব্যমূল্য বৃদ্ধি ঃ ফের বাজার পরিদর্শন এসডিএমের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ নভেম্বর।।** বাজারে বর্তমানে পিঁয়াজ ও কাঁচা সব্জির মূল্য আঁকাশ ছুঁয়া। নিম্ন বিত্ত ও মধ্য বিত্তরা বাজারে গিয়ে নিজের পছন্দ মতো পর্যাপ্ত পরিমাণে পিঁয়াজ ও কাঁচা সবজি ক্রয় করতে পারছেন না অস্বাভাবিক দামের জন্য। এই অবস্থায় প্রশাসন বাজার গুলিতে নজরদারি চালাতে শুরু করেছেন। কিন্তু প্রশাসনের নজরদারির পরও বাজারে পিঁয়াজের মূল্য হ্রাস পাচ্ছেনা।

সোমবার মহারাজগঞ্জ বাজারের পর মঙ্গলবার বটতলা বাজারে যান খোদ সদর মহকুমা শাসক। বাজারে কি দামে পিঁয়াজ ও কাচা সবজি বিক্রয় হচ্ছে তা নিজে প্রত্যক্ষ করেন। কথা বলেন বিক্রেতাদের সাথে। বিক্রেতাদের প্রতি আহ্বান জানান স্বাভাবিক মূল্যে পিঁয়াজ ও কাচা সবজি বিক্রয়ের জন্য।

তিনি জানান পর্যাপ্ত পরিমাণে পিঁয়াজ মজুত রয়েছে। আতঙ্কের কোন কারন নেই। কেউ কৃত্রিম সঙ্কট সৃষ্টির চেষ্টা করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। এখনো পর্যন্ত মহারাজগঞ্জ বাজার ও বটতলা বাজারের ৭ জন ব্যবসায়ীকে শোকজ করা হয়েছে বলেও জানান সদর মহকুমা শাসক।

তবে সদর মহকুমা শাসক অসিম সাহার বক্তব্য থেকে নতুন করে জনমনে প্রশ্ন দেখা দিয়েছে। সদর মহকুমা শাসক জানান যথেষ্ট পরিমাণে পিঁয়াজ মজুত রয়েছে। প্রশ্ন হচ্ছে পর্যাপ্ত পরিমাণে পিঁয়াজ বাজারে মজুত থেকে থাকলে কেন পিঁয়াজের মূল্য হ্রাস পাচ্ছে না? তাহলে কি পিঁয়াজ নিয়ে কালোবাজারি চলছে , নাকি রাজ্য থেকে পিঁয়াজ বাকা পথে পার্শবর্তী বাংলাদেশে চলে যাচ্ছে ? তবে উৎপাদনস্থলে পিঁয়াজের মূল্য কিছুটা বেশি তা ঠিক। উৎপাদনস্থলে পিঁয়াজের মূল্য হ্রাস পেলে রাজ্যেও পিঁয়াজের মূল্য হ্রাস পাবে তা সদর মহকুমা শাসকও স্বীকার করেন।

## ১০২ তম জন্মবার্ষিকী ইন্দিরা গান্ধীর প্রাক্তন প্রধানমন্ত্রীকে শ্রদ্ধার্ঘ্য মোদী-প্রণবের

নয়াদিল্লি, ১৯ নভেম্বর (হি.স.): নেহরু দম্পতির একমাত্র কন্যা ইন্দিরাঊ পিতা পণ্ডিত জওহরলাল নেহুর ও মাতা কমলা চেয়েছিলেন মেয়ের নাম হবে প্রিয়দর্শিনীঊ ১০২ তম জন্মবার্ষিকীতে প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে শ্রদ্ধা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীঊ প্রাক্তন মহিলা প্রধানমন্ত্রীকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন ইন্দিরা-পুত্রবধূ তথা কংগ্রেসের অন্তর্বর্তী সভানেত্রী সোনিয়া গান্ধী, প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং, লোকসভার স্পিকার ওম প্রকাশ বিড়লা প্রমুখ বিশিষ্ট ব্যক্তিরা।

মাইক্রোব্লগিং সাইট টুইটারে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লিখেছেন, 'আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী জির জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানাইঊ' এদিন সকালে ইন্দিরা গান্ধী মেমোরিয়ালে গিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রীকে শ্রদ্ধা জানিয়েছেন কংগ্রেসের অন্তর্বর্তী সভানেত্রী সোনিয়া গান্ধী, প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় ও প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংঊ এরপর সংসদে প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীকে শ্রদ্ধা জানান লোকসভার স্পিকার ওম বিড়লা, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং, সোনিয়া গান্ধী, প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আডবাণী প্রমুখঊ জন্মবার্ষিকীতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও ইন্দিরা গান্ধীকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন।

## ছেলে না হওয়ায় স্ত্রীকে তিন-তালাক, হায়দরাবাদে স্বামীর শাস্তি চাইছেন স্ত্রী

হায়দরাবাদ, ১৯ নভেম্বর (হি.স.): তাতণিক তিন-তালাক এখন আইনত শাস্তিযোগ্য অপরাধঊ স্ত্রীকে তিন-তালাক দিলেই আইন অনুযায়ী শাস্তি হবে অভিযুক্ত স্বামীরঊ কিন্তু, তাতে অনেকেরই বিশেষ কোনও হেলদোল নেই ফের একবার প্রমাণ মিলল তেলেঙ্গানার হায়দরাবাদ শহরেঊ মঙ্গলবার হায়দরাবাদে প্রকাশ্যে এল তিন-তালাকের ঘটনাঊ শুধুমাত্র তিন-তালাকই নয়, স্ত্রী পুত্র সন্তানের জন্ম দিতে না পারায় অপর একজন মহিলার সঙ্গে বিয়ে করেছেন অভিযুক্ত স্বামীঊ অসহায় ওই মহিলা এখন স্বামীর উপযুক্ত শাস্তি চাইছেনঊ অভিযুক্ত স্বামীর বিরুদ্ধে ইতিমধ্যেই মামলা দায়ের করা হয়েছে।

মেহরাজ বেগম, অসহায় ওই মহিলা জানিয়েছেন, পুত্র সন্তানের জন্ম দিতে পারিনি আমি, তাই

ছয়ের পাতায় দেখুন

## পেঁয়াজ কেটে অভিনব বিক্ষোভ ইন্দিরা গান্ধীর জন্মদিনে

কলকাতা, ১৯ নভেম্বর (হি. স.) : কেক নয়, পেঁয়াজ কেটে অভিনব বিক্ষোভ। ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মদিন উপলক্ষে মঙ্গলবার পেঁয়াজ কেটে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে প্রতিবাদ দেখাল প্রদেশ কংগ্রেস।

এদিন তালতলায় ইন্দিরা গান্ধীর মূর্তি মাল্যদান করেন কংগ্রেস সাংসদ প্রদীপ ভট্টাচার্য। সেখানেই কেকের জায়গায় পেঁয়াজ কেটে অভিনব প্রতিবাদ কর্মসূচি পালন করলেন তাঁরা। কারণ বাজারে অগ্নিমূল্য পেঁয়াজের। নিত্যপ্রয়োজনীয় সব্জির মূল্যবৃদ্ধির প্রতিবাদে সরব হয়েছে প্রদেশ কংগ্রেস। নিত্যনৈমিত্তিক আনাজপাতিতে পেঁয়াজ অতিগুরুত্বপূর্ণ। চড়া দামে বিক্রি আজ খাবে কী জনতা! তাই কেকের জায়গায় পেঁয়াজ কেটে অভিনব বিক্ষোভ।এই প্রসঙ্গে কংগ্রেস সাংসদ প্রদীপবাবু বলেন , ইন্দিরা গান্ধী চেয়েছিলেন দারিদ্র্যমুক্ত ভারত। আমজনতা শুধু ভাত নুন একটু পেঁয়াজ লঙ্কা দিয়ে খেতে ভালোবাসে। কিন্তু সেই পেঁয়াজের দাম যখন মাত্রাছাড়া তখন মানুষ খাবে কি, তার জন্যই এই প্রতিবাদ।

পাশাপাশি এ দিন এনআরসি ইস্যুতে ও কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তোপ দাগলেন কংগ্রেস সাংসদ। মূল্যবৃদ্ধি ইস্যু থেকে জনতার নজর ঘোরাতেই এনআরসি করছে বিজেপি। বাংলা হোক কিংবা দেশ এনআরসির প্রয়োজন নেই এনআরসি করে দেশকে খন্ড-বিখন্ড করতে চাইছে ভারতীয় জনতা দল, অভিযোগ প্রদীপ ভট্টাচার্যের। ব্যাংকিং ক্ষেত্রে ভরাডুবি নিয়েও কেন্দ্রীয় সরকারের সমালোচনা শোনা গেল প্রদীপ ভট্টাচার্যের গলায়। তিনি বলেন, 'ব্যাংকের রাষ্ট্রায়ত্বকরণ করেছিলেন ইন্দিরা গান্ধী। রাজন্য ভাতা বিলোপ হোক কিংবা জমিদারি প্রথা, এগুলি বন্ধ করে এক নতুন ভারতের জন্ম দিয়েছিলেন তিনি। কিন্তু আজ নীরব মোদী লুট করে পলাচ্ছে।' কংগ্রেসের এই অভিনব প্রতিবাদ কর্মসূচির জেনে বেশ কিছুক্ষণ অবরুদ্ধ থাকে মৌলালী থেকে ধর্মতলা গামী রাস্তা। কিছুক্ষণ যানজটে নাকাল হয়ে ভোগান্তির শিকার হয় নিত্যযাত্রীরা।

## চূড়ান্ত অসুস্থ নওয়াজ শরিফ, এয়ার অ্যাম্বুল্যান্সে লন্ডন রওনা হলেন প্রাক্তন পাক প্রধানমন্ত্রী

লাহোর, ১৯ নভেম্বর (হি.স.): গুরুতর অসুস্থ পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ শরিফঊ লড়ছেন নিজের জীবনের জন্যঊ শারীরিক অসুস্থতার কারণেই দুর্নীতি মামলায় জামিন পেয়েছেন নওয়াজ শরিফঊ নো-ফ্লাই (এক্সিট কন্টোল লিস্ট) তালিকায় নাম থাকা সত্ত্বেও, চিকিতার জন্য নওয়াজ শরিফকে বিদেশে যাওয়ার অনুমতি দিয়েছে আদালতঊ চূড়ান্ত অসুস্থ নওয়াজ শরিফকে এবার চিকিতার জন্য লন্ডনে নিয়ে যাওয়া হলঊ মঙ্গলবার সকালে পাকিস্তানের লাহোর বিমানবন্দর থেকে এয়ার অ্যাম্বুল্যান্সে করে লন্ডনের উদ্দেশ্যে রওনা হন পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজ (পিএমএল-এন) সুপ্রিমো নওয়াজ শরিফঊ নওয়াজ শরিফের সঙ্গেই লন্ডনে গিয়েছেন তাঁর ভাই শেহবাজ শরিফ এবং ব্যক্তিগত চিকিতক আদনান খান।

মঙ্গলবার সকাল ৮.৪৫ মিনিট নাগাদ লাহোর বিমানবন্দরে এসে পৌঁছয় এয়ার অ্যাম্বুল্যান্সঊ লাহোর থেকে প্রথমে কাতারে যাবে এয়ার অ্যাম্বুল্যান্স, সেখান থেকেই লন্ডনের উদ্দেশ্যে রওনা হবে।

সূত্রের খবর, নওয়াজ শরিফের ভাই শেহবাজ শরিফ এবং ব্যক্তিগত চিকিতক আদনান খান ছাড়াও লন্ডনে গিয়েছেন আরও পাঁচজন।

বহু দিন ধরেই অসুস্থ ৬৯ বছর বয়সী নওয়াজ শরিফ।

চিকিতকদের কথায় ও পরিবারের অনুরোধেই দেশের বাইরে গিয়ে চিকিতা করাতে সম্মত হয়েছেন তিনি।

## ফলতায় প্লাস্টিকের কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ড, প্রচুর ক্ষয়ক্ষতির আশঙ্কা

ফলতা (দক্ষিণ ২৪ পরগনা), ১৯ নভেম্বর (হি.স.): গভীর রাতে আগুন-আতঙ্ক দক্ষিণ ২৪ পরগনার ফলতায়। সোমবার গভীর রাতে দক্ষিণ ২৪ পরগনার রামনগর থানার অন্তর্গত ফলতার বিশেষ অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত একটি প্লাস্টিকের কারখানায় ভয়াবহ আগুন লাগে। গভীর রাতে অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে ঘটনাস্থলে আসে দমকলের ১০টি ইঞ্জিন। দমকল কর্মীদের দীর্ঘক্ষণের প্রচেষ্টায় আগুন আয়ত্তে এলেও, বিধ্বংসী আগুনে ওই কারখানার বেশিরভাগ অংশই পুড়ে ছাই হয়ে গিয়েছে। এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও খবর নেই।

পুলিশ ও দমকল সূত্রের খবর, সোমবার গভীর রাতে ফলতার বিশেষ অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত একটি প্লাস্টিকের কারখানায় ভয়াবহ আগুন লাগে। মুহূর্তের মধ্যেই আগুনের লেলিহান শিখা ছড়িয়ে পড়ে গোটা কারখানায়। শ্রমিকরাই খবর দেন দমকল ও পুলিশে। গভীর রাতে অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে ঘটনাস্থলে আসে দমকলের মোট ১০টি ইঞ্জিন। আগুন এতটাই দ্রুত ছড়িয়ে পড়েছিল যে, দমকল কর্মীদের আগুন নেভাতে যথেষ্ট বেগ পেতে হয়। দমকল কর্মীদের দীর্ঘক্ষণের প্রচেষ্টায় মঙ্গলবার সকালে আয়ত্তে এসেছে আগুন। দমকল আধিকারিকেরা জানিয়েছেন, প্লাস্টিকের মতো দাহ্য পদার্থ ওই কারখানার ভিতরে প্রচুর পরিমানে মজুত থাকায় দ্রুত আগুন ছড়িয়ে পড়ে। কিভাবে আগুন লাগল সে বিষয়ে এখনও নিশ্চিত হতে পারেনি আধিকারিকরা। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, শর্ট সার্কিট থেকেই এই আগুন লেগেছে। অগ্নিকাণ্ডের সময় কোনও শ্রমিক কারখানার ভিতরে ছিলেন না, তাই এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও খবর নেই। তবে, প্রচুর ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

## মুশারফের দেশদ্রোহিতা মামলা রায়দান স্থগিত রাখল বিশেষ আদালত

ইসলামাবাদ, ১৯ নভেম্বর (হি.স.): দেশদ্রোহের মামলা ঝুলছে তাঁর ঘাড়েঊ ২০০১ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত পাকিস্তানের প্রেসিডেন্ট ছিলেন জেনারেল (অবসরপ্রাপ্ত) পারভেজ মুশারফঊ মুশারফের বিরুদ্ধে দেশদ্রোহ-সহ একাধিক মামলা দায়ের হয়ঊ পারভেজ মুশারফের বিরুদ্ধে দীর্ঘ দিন ধরে চলতে থাকা, দেশদ্রোহ মামলার রায়দান মঙ্গলবার স্থগিত রাখল ইসলামাবাদের বিশেষ আদালতঊ রায়দান হতে পারে অগামী ২৮ নভেম্বর।

পেশোয়ার হাইকোর্টের প্রধান বিচারপতি এবং বিশেষ আদালতের মুখ্য বিচারপতির নেতৃত্বাধীন তিন-সদস্যের বেঞ্চে পারভেজ মুশারফের দেশদ্রোহিতার মামলার শুনানি হয়েছেঊ দীর্ঘ শুনানির পর মঙ্গলবার রায়দান স্থগিত রেখেছে বিশেষ আদালতঊ রায় ঘোষণা হতে পারে আগামী ২৮ নভেম্বর। ২০০৭ সালে দেশের সংবিধান বাতিল করে জরুরি অবস্থা জারি করার জন্য পারভেজ মুশারফের বিরুদ্ধে হাইপ্রোফাইল দেশদ্রোহিতার মামলা চলছেঊ এই মামলায় সাজা যাবজ্জীবন কারাদণ্ড অথবা মৃত্যুদণ্ডঊ মুশারফের বিরুদ্ধে দেশদ্রোহিতার মামলা করেছিল পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজ (পিএমএল-এন) সরকার।

## তৃণমূল দলটা পচে গেছে: মুকুল রায়

কালিয়াগঞ্জ, ১৯ নভেম্বর (হি.স): আগামী ২৫ নভেম্বর উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ বিধানসভার উপনির্বাচন হতে চলেছে। মঙ্গলবার প্রচারে আসেন বিজেপি নেতা মুকুল রায়। আজ সকালে পথসভায় তিনি বলেন, তৃণমূল দলটা পচে গেছে। এই দলটাকে কেউ বাঁচাতে পারবে না।

প্রচারে মুকুল রায়ের সাথে আছেন বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক কৈলাস বিজয়বর্গীয়। কালিয়াগঞ্জ বিধানসভা এলাকার মালগঞ্চ গ্রামে আজ ছোট ছোট বেশ কয়েকটি সভা করে তিনি। বিজেপি দলের প্রতিষ্ঠাতা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জীর বাংলার প্রতি অবদান সম্পর্কে আলোচনা করার পাশাপাশি এই উপনির্বাচনে স্বচ্ছ বাংলা গড়ার লক্ষ্যে তৃণমূল কংগ্রেসকে হটিয়ে বিজেপিকে সামনে আনার কথা বলে বিজেপি নেতৃত্ব।

এমনিতেই বিজেপি এই কেন্দ্রে লোকসভা ভোটের নিরিখে ৫৬ হাজার ভোটে এগিয়ে রয়েছে। তারমধ্যে এই উপনির্বাচনকে কেন্দ্র করে বিজেপির একাধিক হেভিওয়েট নেতা মন্ত্রীরা যেভাবে কালিয়াগঞ্জ বিধানসভা কেন্দ্র চষে ফেলছেন তাতে বিজেপি জয়ের ক্ষেত্রে এই কেন্দ্রে অনেকটাই এগিয়ে বলে ধারনা রাজনৈতিক মহলের।

দলের রাজ্য সভাপতি দিলীপ ঘোষ থেকে শুরু করে বাবুল সুপ্রিয়, কৈলাস বিজয়বর্গীয়, লকেট চট্টোপাধ্যায়, মাটি কামড়ে পড়ে রয়েছেনঊ তাঁদের সঙ্গে আছেন তিন বিজেপি সাংসদ দেবশ্রী চৌধুরী, সুকান্ত মজুমদার ও খগেন মুর্মু। আর আজ কালিয়াগঞ্জ বিধানসভায় উপনির্বাচনের প্রচারে এসে তৃণমূল দল সম্পর্কে বিরূপ মন্তব্য করলেন বিজেপি নেতা মুকুল রায়। কালিয়াগঞ্জ বিধানসভা উপনির্বাচনে দলীয় প্রার্থী কমল সরকারের সমর্থনে ছোট ছোট বেশ কয়েকটি জনসভা করেন বিজেপি নেতা মুকুল রায়। তাঁর সাথে ছিলেন বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক কৈলাস বিজয়বর্গীয়।

এদিন মুকুল রায় বলেন, 'মমতা বন্দোপাধ্যায় দলকে চাঙ্গা করতে প্রশান্ত কিশোরকে কাজে নামিয়েছেন। সেই প্রশান্ত কিশোর নিজেই এক সাংবাদিকের কাছে বলেছিলেন তৃণমূল দলটা একেবারে পচে গেছে। তাঁর থেকেও বড় কেউ এসে চেষ্টা করলেও তৃণমূল দলটিকে আর বাঁচাতে পারবে না।' মুকুল রায় আরও বলেন, 'বিজেপি ডঃ শ্যামাপ্রসাদের দল, এই দল যা প্রতিশ্রুতি দেয় তা পালন করে। যেমন কাশ্মীরে ৩৭০ ধারা বিলোপ, ৩৫/এ বিলোপ এবং সর্বপরি সুপ্রিম কোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে অযোধ্যায় রাম মন্দির তৈরির প্রস্তুতি।'

তাঁর অভিযোগ, 'কালিয়াগঞ্জ বিধানসভা উপনির্বাচনে শাসকদলের প্রার্থীকে সুবিধা পাইয়ে দিতেই উত্তর দিনাজপুর জেলার পুলিশ সুপারের সাথে

ছয়ের পাতায় দেখুন

## চিনের কয়লা খনিতে ভয়াবহ বিস্ফোরণ, নিহত ১৫


বেজিং, ১৯ নভেম্বর (হি.স.) : চিনের কয়লা খনিতে ভয়াবহ গ্যাস বিস্ফোরণের জেরে নিহত ১৫। গুরুতর আহত ৯। ঘটনাস্থল থেকে ১১ জন অক্ষত শরীরে পালিয়ে আসতে সক্ষম হয়েছে। সোমবার মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটেছে উত্তর চিনের শানজি রাজ্যে। স্থানীয় প্রশাসনের তরফে জানানো হয়েছে বিস্ফোরণের সময় খনিতে ৩৫জন শ্রমিক কাজ করছিল। আহতদের স্থানীয় হাসপাতালে চিকিৎসা চলছে। আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। উল্লেখ করা যে দুর্বল নিরাপত্তা ব্যবস্থাপনার কারণে চীনে প্রায়ই ভয়াবহ খনি দুর্ঘটনা ঘটে থাকে। সোমবার শানজি পিনজিয়াও ফেনজিয়ান কোয়েল এন্ড কোক গ্রুপ কর্পোরেশনের মালিকানাধীন একটি খনিতে এ দুর্ঘটনা ঘটে। বিস্ফোরণের সময় খনির ভূগর্ভে ৩৫ জন খনি শ্রমিক কাজ করছিলেন। এদের মধ্যে মাত্র ১১ জন বেরিয়ে আসতে সক্ষম হন। মঙ্গলবার ভোরে উদ্ধার কাজ শেষ হয়। ঘটনাস্থল পরিদর্শন করেন শানজির ভাইস-গভর্নর হু ইউটিং, ন্যাশনাক কোল সেফটি এডমিনিস্ট্রেশনের ভাইস-ডিরেক্টর সহ উচ্চপদস্থকর্তারা ঘটনাস্থলে পরিদর্শন করেন।

## ওকলাহোমায় দুইজনকে খুন করে আত্মঘাতী বন্দুকবাজ

ওয়াশিংটন, ১৯ নভেম্বর (হি.স.) : বন্দুকবাজের হামলায় ফের চাঞ্চল্য ছড়াল মার্কিন যুক্তরাষ্ট্রে। ক্যালিফর্োনিয়ার পর এবারের ঘটনাস্থল ওকলাহোমার ডানকান। নিহত তিন। সোমবার সকাল ৯টা ৫৩ মিনিট নাগাদ ডানকানে অবস্থিত বহুজাতিক বিপণনী সংস্থা ওয়ালমার্টের পার্কিলটে গাড়ি মধ্যে

ছয়ের পাতায় দেখুন

এক ক্লিকেই সম্পূর্ণ বাংলায়
টাটকা খবর। প্রতিনিয়ত
আপডেট পেতে দেখুন



Bengali News Portal
www.jagarantripura.com
মোবাইলে ইন্টারনেট সংযোগ থাকলেই খবর পড়তে পারবেন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।